The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 888 | 19 September 2025 | শুক্রবার ৪ আশ্বিন ১৪৩২


Hochul Endorses Mamdani For NYC Mayor
→ Page 18


Federal cuts will be 'catastrophic for low-income families in NYC
→ Page 18


'Adolescence' star Owen Cooper sets record as youngest Emmy winner for Supporting Actor
→ Page 19


Canadian tourists aren't crossing the border to visit NY amid Trump tensions
→ Page 19

# রহস্যে ঘেরা তাদের সফর

মাসুদ করিম, *ঢাকা থেকে*



বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে চারজন রাজনৈতিক নেতার যুক্তরাষ্ট্র সফর নিয়ে রাজনৈতিক অঙ্গনে তুমুল আলোচনা চলছে। এই চার নেতা হলেন বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, বিএনপি'র চেয়ারপার্সনের আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. আব্দুল্লাহ মুহাম্মদ তাহের এবং এনসিপি'র মহাসচিব আখতার হোসেন। হুমায়ুন কবির থাকেন লন্ডনে। তারেক রহমানের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত। ড. ইউনূসের সফরসঙ্গী তালিকায় তার নাম দেখে অনেকেই বিস্মিত হয়েছেন। নাকি অন্য কোন কারণ আছে? কেউকেউ বলছেন, নির্বাচনপূর্ব ফাইনাল নাটকটি অনুষ্ঠিত হবে নিউইয়র্কেই। আর এতে তারেক রহমানের বিশ্বস্ত ও অনুগত লোকটিকে থাকাটা জরুরী। হুমায়ুনের উপস্থিতি তারেকের উপস্থিতিই বলে বিবেচিত হবে। জাতিসংঘ সাধারন পরিষদের অধিবেশনে যোগদানের লক্ষ্যে আগামী ২২ সেপ্টেম্বর প্রধান উপদেষ্টা যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে রওনা হবেন। তবে তার সফরসঙ্গীর তালিকায় হাইপ্রোফাইল রাজনীতিবিদদের নাম দেখে সবাই অবাক হয়েছেন। সবার মধ্যে একটা কৌতুহল উপচে পড়ছে। জাতিসংঘের অধিবেশনে এই ৪ নেতার যে কোন কাজ নেই তা নির্বোধরাও বুঝতে পারবেন। ইউনূস কেন তাদের প্লেনে তুললেন? পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন বলেছেন, বাংলাদেশ একটি নির্বাচনের দিকে অগ্রসর হচ্ছে। ভোটের পর

এরপর ৩৯ পৃষ্ঠায়




ঝুঁকিপূর্ণ রান্নার সরঞ্জামাদি জব্দ

## মান্নান সুপার মার্কেটে ফেডারেল এজেন্সী

আজকাল রিপোর্ট

বাংলাদেশি মালিকানাধীন জামাইকাস্থ মান্নান সুপার মার্কেটে ফেডারেল ড্রাগ এডমিনিস্ট্রেশন (এফডিএ) ইন্সপেক্টর স্বাস্থ্যের ঝুঁকিপুর্ণ রান্নার সরঞ্জামদি জব্দ করেছে। পরীক্ষানীরিক্ষা করে

এরপর ৪২ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

## জামাত কেন এবারই ক্ষমতায় যেতে চায়!



সাঈদ তারেক

তারা কি মনে করছে দিস ইজ দ্য টাইম! এখনই সময়! বা এইবারই শেষ সময়! বিএনপির প্রধান প্রতিদ্বন্দ্বি ছিল আওয়ামী লীগ। তারা মাঠছাড়া। এই চান্সে জায়গাটা নিয়ে নেওয়া! টার্গেটটা কি বিএনপিকে হঠিয়ে এইবারই ক্ষমতায় যাওয়া!

এক বছর ধরে বিএনপির

এরপর ৪২ পৃষ্ঠায়

## ড. ইউনূস আসছেন ২২ সেপ্টেম্বর

আজকাল রিপোর্ট

বাংলাদেশের অন্তর্বর্তীকালিন সরকারের প্রধান ড. মোহাম্মদ ইউনূস আগামী ২২ সেপ্টেম্বর নিউইয়র্কে এসে পৌঁছুবেন বলে জানা গেছে। বিভিন্ন দেশের প্রেসিডেন্ট ও সরকার প্রধানদের সাথে আগামী ২৩ সেপ্টেম্বর সকালে তিনি জাতিসংঘ ৮০তম সাধারণ অধিবেশনে

এরপর ৩৬ পৃষ্ঠায়

## অ্যাসেম্বলীতে মেরির প্রার্থীতা ঘোষণা

আজকাল রিপোর্ট



নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট ৩৬-এর আগামী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন বাংলাদেশী-আমেরিকান মেরী জোবায়দা। শনিবার ১৩ সেপ্টেম্বর বিকেলে এস্টোরিয়ার ক্রিসেন্ট ডাচ কিলস পার্কে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে উপস্থিত বিপুল সংখ্যক সমর্থক ও শুভানুধ্যায়ীদের করতালির মাধ্যমে তিনি তার প্রার্থীতা ঘোষণা করেন। তার এই ঘোষণায় নিউইয়র্ক সিটির সর্বস্তরের মানুষ সমর্থন জানিয়েছেন।

অনুষ্ঠানে মূলধারার রাজনীতিকসহ দক্ষিণ এশিয়ান কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা মেরির সর্মথনে বক্তব্য রাখেন ও তাকে নির্বাচিত করার

এরপর ৩৮ পৃষ্ঠায়

## অঘটন ঘটাতে মরিয়া আওয়ামী লীগ

আজকাল রিপোর্ট




অঘটন ঘটাতে চাচ্ছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও তাদের অঙ্গ সংগঠনগুলো। হিরো হতে চায়। চায় নেত্রীর কাছে বাহবা পাঠাতে। লন্ডনকে পেছনে ফেলতে চায় নিউইয়র্ক আওয়ামী লীগ। অর্ন্তবর্তি সরকারের প্রধান ড. ইউনূসের সফরসঙ্গী যে কাউকেই পেলে হেনস্থা

এরপর ৩৬ পৃষ্ঠায়
































NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
SWH Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416


ড. মাহরুফ চৌধুরী-এর কলাম
ঢাকসু নির্বাচন ও সংস্কার প্রয়াস রাজনৈতিক চিন্তার নতুন দিগন্ত
০৫ পৃষ্ঠায়


সামছুদ্দীন আজাদ-এর কলাম 'শেখ হাসিনাই ভালো ছিল'
০৬ পৃষ্ঠায়


ড. মাহবুব উল্লাহ্-এর কলাম জনতার আদালতের বিচার অত্যন্ত কঠিন
১২ পৃষ্ঠায়




# ট্রাম্পের রাজকীয় নৈশভোজে রুপার্ট মারডক

আজকাল রিপোর্ট



প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রাজকীয়ভাবে যুক্তরাজ্য সফর করেন। প্রেসিডেন্ট ট্রাম্প যখন গত বুধবার রাতে উইন্ডসর ক্যাসলে তাঁর রাষ্ট্রীয় সফরের গ্র্যান্ড ফিনালেতে সেন্ট জর্জেস হলে প্রবেশ করবেন, ঠিক তখন সেখানে এমন একজন অতিথিকে ডিনার টেবিলে বসানো হয় যার বিরুদ্ধে তিনি মামলা দায়ের করেছেন। অতিথি রাষ্ট্রীয় নৈশভোজে পরিচিত মুখ, যুক্তরাষ্ট্রে মিডিয়া মোগল হিসেবে পরিচিত রুপার্ট মারডক বর্তমানে ট্রাম্পের সাথে একটি বড় আইনি লড়াইয়ে জড়িয়ে পড়েছেন। যিনি ট্রাম্পের নাম বহনকারী জেফ্রি এপস্টাইনকে দেওয়া জন্মদিনের একটি চিঠির বিষয়ে তার পত্রিকায় রিপোর্ট করান বলে অভিযোগ রয়েছে। পরে ওয়াল স্ট্রিট জার্নালের শক্তিশালী এই মালিকের বিরুদ্ধে মামলা করেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্প বলেন যে, তিনি ব্যক্তিগতভাবে মারডককে সতর্ক করেছিলেন যে সংবাদপত্রটি যদি এটি তথ্য প্রকাশ করে তাহলে তিনি তাদের বিরুদ্ধে মামলা করবেন।

ওয়াল স্ট্রিট জার্নাল যেভাবেই হোক তা প্রকাশ করেছিল এবং ট্রাম্প পরবর্তীতে ২০ বিলিয়ন ডলার ক্ষতিপূরণ চেয়ে মারডকের বিরুদ্ধে মামলা দায়ের করেন। সাংবাদিকদের দেওয়া নৈশভোজের প্রাকদর্শন অনুসারে, মারডক এবং তার পঞ্চম স্ত্রী এলেনা গত বুধবার রাতে উইন্ডসর ক্যাসলে উপস্থিত ছিলেন। রাজকীয় কর্মকর্তাদের মতে, এগুলি একটি অন্তরঙ্গ অতিথি তালিকার অংশ। যার মধ্যে মাত্র ১৬০ জন অতিথি রয়েছেন। তাঁরা রাজপরিবার এবং হোয়াইট হাউসের অত্যন্ত এরপর ৩৪ পৃষ্ঠায়

## জরিপে জোহরান মামদানির জনপ্রিয়তার তথ্য প্রকাশ

আজকাল রিপোর্ট

ঘুষ-দুর্নীতির মামলায় অভিযুক্ত হয়ে যাবার পর মেয়র এরিক এডামস ইতিমধ্যেই ট্রাম্পকে সমর্থন দিয়েছেন মামলা থেকে অব্যাহতি পাবার আশায়। তার সুফল এলেও পুনরায় মেয়র নির্বাচনের ময়দান থেকে সরে দাঁড়াতে সম্মত হননি। তিনিও স্বতন্ত্র প্রার্থী হিসেবে মাঠে রয়েছেন। এমনি অবস্থায় 'দ্য নিউইয়র্ক টাইমস এবং সিয়েনা কলেজ' চালালো এ জরিপ। জরিপ অনুযায়ী মেয়র নির্বাচনে ট্রাম্পের প্রভাব যত বাড়ছে ততোই জনপ্রিয়তা বাড়ছে জোহরান মামদানির। নিউইয়র্ক স্টেট এ্যাসেম্বলীম্যান হিসেবে চার বছর আগে নির্বাচিত জোহরান ভারতীয় মা চলচ্চিত্র নির্মাতা মীরা নায়ার এবং উগান্ডার বাবা মাহমুদ মামদানির সন্তান। মামদানিকে বিজয় প্রদানে সর্বাত্মক সহযোগিতার পাশাপাশি প্রতিটি বাংলাদেশি ভোটারকে কেন্দ্রে গিয়ে ব্যালট এরপর ২৭ পৃষ্ঠায়



## নিউইয়র্ক ফ্যাশন উইকে নিবিড় আদনান

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্ক ফ্যাশন উইক মাতালেন বাংলাদেশের সুপার মডেল নিবিড় আদনান। গত ১০-১৪ সেপ্টেম্বর ম্যানহাটনের সনি হল, নিউ ইয়র্ক সিটিতে অনুষ্ঠিত বিশ্বের সবচেয়ে বড় এই ফ্যাশন সপ্তাহে বিশ্বের খ্যাতনামা ডিজাইনার, মডেল, সেলিব্রিটি ও ফ্যাশনপ্রেমীরা একত্রিত হয়ে এক বৈচিত্র্যময় র‍্যানে অংশগ্রহণ করেছিলেন।

১৩০-এর বেশি খ্যাতনামা ডিজাইনারের পোশাকে এতে মডেলরা এতে অংশ নেন। এই অনুষ্ঠানে আর্জেন্টিনা, মেক্সিকো এরপর ৩৪ পৃষ্ঠায়

## আটলান্টিক সিটিতে শারদোৎসবের ব্যাপক প্রস্তুতি

আজকাল রিপোর্ট

বাংলার আকাশে এখন ছেঁড়া ছেঁড়া পেঁজা পেঁজা সাদা তুলোট মেঘের ছোটাছুটি, কাশবনে কাশ ফুলের দোল, শিউলি ফুলের সুগন্ধে মাতোয়ারা ধরিত্রী। আর এসব কিছুই বার্তা বয়ে আনছে শারদোৎসবের। দরজায় কড়া নাড়ছে দুর্গোৎসব। সবাই এখন সেই মাহেন্দ্রক্ষণের অপেক্ষায়। সুব্রত চৌধুরী জানান, সারা বিশ্বের সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের মতো নিউজার্সি অঙ্গরাজ্যের আটলান্টিক সিটিতে বসবাসরত প্রবাসী বাংলাদেশী সনাতনী হিন্দু ধর্মাবলম্বীরাও কাউন্টডাউনে ব্যস্ত। পুজোর খুশিতে লুটোপুটি খাওয়ার জন্য সবাই এখন হরেক আয়োজনে ব্যস্ত দিন কাটাচ্ছে।

পুরাণে দেবী দুর্গার আবির্ভাব তত্ত্বে বলা হয়েছে, সমাজের সব অশুভ শক্তির বিনাশে দেবী এরপর ২৭ পৃষ্ঠায়



## প্রথমবারের মতো মসজিদে মেয়র প্রার্থী কুমো

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে প্রথমবারের মতো মসজিদে গেলেন মেয়র প্রার্থী কুমো। মসজিদের নেতাদের কাছ থেকে দীর্ঘ ও উষ্ণ পরিচিতিমূলক বক্তব্য শোনার পর নিউইয়র্ক নগরের স্বতন্ত্র মেয়র প্রার্থী অ্যান্ড্রু কুমো চেয়ার থেকে উঠলেন। তারপর তিনি ছোট্ট এক নোটকার্ডের দিকে গভীরভাবে তাকিয়ে থেকে ঐতিহ্যবাহী আরবি ভাষায় শুভেচ্ছা জানানোর চেষ্টা করলেন। কয়েকবার চেষ্টা করেও ব্যর্থ হওয়ার পর ধীরে ধীরে বললেন, 'আসসালামু আলাইকুম।' কুমোর সালামে উপস্থিত মুসলিম সম্প্রদায়ের মানুষ খানিকটা বিস্মিত হলেও উপস্থিত সবাই এরপর ২৮ পৃষ্ঠায়

## ডক্টর ইউনূসকে ভয়ংকর রূপ দেখাবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

আজকাল রিপোর্ট

বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের জাতিসংঘের অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্র আগমনকে প্রতিহত করার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। যুক্তরাষ্ট্রের মাটিতে পা দিলে তাকে সবচেয়ে ভয়ঙ্কর রূপ দেখাবে বলেও হুঁশিয়ারি দিয়েছে। ইউনূসের আগমনকে ঘিরে নেয়া কর্মসূচী প্রচার উপলক্ষ্যে এক সমাবেশে এসব কথা জানায় দলটি। গত ১৬ সেপ্টেম্বর সন্ধ্যায় জ্যাকসন হাইটস ডাইভারসিটি সিটি প্লাজায় আয়োজিত সমাবেশে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ, সাংগঠনিক সম্পাদক দুরুদ মিয়া রনেল, সিদ্দিকুর রহমান বলেন, ইউনূস এরপর ২৮ পৃষ্ঠায়



## সাংবাদিক আনাস পাশা ও কালামকে নিয়ে জমজমাট আড্ডা

আজকাল রিপোর্ট

বাংলাদেশের সিনিয়র সাংবাদিক আবুল কালাম ও যুক্তরাজ্য প্রবাসী সাংবাদিক আনাস পাশাকে নিয়ে হয়ে গেল এক জাকজমক আড্ডা। দৈনিক নয়া দিগন্তের সিনিয়র সাংবাদিক কালাম জাতিসংঘের সাধারন অধিবেশন কাভার করতে ও পাশা পারিবারিক সফরে যুক্তরাষ্ট্রে এসেছেন। তাদেরকে নিয়ে স্মৃতিচারণ মূলক আড্ডায় নিউইয়র্কের সাংবাদিক ও বিশিষ্টজনেরা অংশ নেন। প্রথম আলো নিউইয়র্কের সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন ও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম ফুল দিয়ে তাদের বরণ করে এরপর ৩৪ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ▪ ব্যাংক্র্যাপসি ▪ ক্রেডিট কার্ড মেটার ▪ ডিভোর্স ▪ চাইল্ড কাস্টডি ▪ চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন ▪ সিটিজেনশিপ ▪ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
- Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NYI NY INSURANCE BROKERAGE

## আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE** দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

এই সুযোগ গ্রহন করতে চাইলে **NY INSURANCE**-এ দ্রুত যোগাযোগ করুণ

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

### ইউনূসের নিউইয়র্কে আগমন

# সংঘাতের অপসংস্কৃতি বন্ধ হোক

জাতিসংঘের সাধারন অধিবেশনে যোগ দিতে আসছেন অন্তবর্তী সরকারের প্রধান প্রফেসর ড. মোহাম্মদ ইউনূস। সরকারিভাবে স্থায়ী মিশন ও কনস্যুলেটে সাজ সাজ রব। শত ব্যস্ততা। ২৬ সেপ্টেম্বর প্রধান উপদেষ্টা এনআরবি সম্মেলনে প্রবাসী সাংবাদিক, ব্যবসায়ী ও কমিউনিটির বিশিষ্ঠ ব্যক্তিবর্গের উদ্দেশ্যে বক্তব্য দিবেন। একজন নোবেল লরিয়েট আমাদের/বাংলাদেশের সরকার প্রধান। বাংলাদেশের এক ক্রান্তিলগ্নে তাকে সরকারে বসানো হয়েছে। গত ১টি বছরে দেশের অর্থনৈতিক চাকাকে শত অনিয়ম ও দূর্নীতির মাঝেও সচল রেখেছেন। বিলিয়ন বিলিয়ন ডলার পাচারের সাথে জড়িত পতিত হাসিনা সরকার। তার রেখে যাওয়া ধ্বংসস্তুপ থেকে দেশকে টেনে তুলবার তার প্রাণবন্ত চেষ্টা। কিন্তু রাজনীতির জোয়ালটি ধরতে ব্যর্থই হচ্ছেন। ১৮ কোটি মানুষ ১৮টি বছর নির্বাচন ও গণতন্ত্রের জন্য চাতক পাখির মতো অপেক্ষা করছেন। নতুন একটি প্রজন্মের আর্বিভাব ঘটেছে এই সময়ে। তারা নির্বাচন কি, গণতন্ত্র কি ও সংসদীয় সংস্কৃতি কি তা দেখবার সুযোগ পায়নি। শেখ হাসিনা ক্ষমতার মোহে নির্বাচনী সংস্কৃতিকে ধ্বংস করেছেন। কবর দিয়েছেন।

> ছিল না অভিনন্দন বা স্বাগত জানানোর কোন আয়োজন। কিন্তু ফকরুল ও তাহের আসায় স্থানীয় দল দুটির নেতারা নড়েচড়ে বসছেন। তাদের নেতাদের নিরাপত্তা ও সন্মান রক্ষার্থেই আওয়ামী লীগের কর্মসূচির পাল্টা কর্মসূচি হাতে নিচ্ছে। আর এতে সংঘাতের আশংকার মাত্রা যোগ হচ্ছে কমিউনিটিতে। শেখ হাসিনার আগমনে অতীতেও এ ধরনের পাল্টাপাল্টি কর্মসূচি হয়েছে। সংঘাত হয়েছে। পুলিশ ডাকাডাকি হয়েছে। অনেকে গ্রেফতার হয়েছেন। এসব বন্ধ হোক। দেশের নোংরা রাজনীতি নিয়ে প্রবাসে আমাদের হানাহানি আর নয়

ড. ইউনূসের কাছে ৫ আগষ্ট ২০২৪ এর পর প্রধান আকাংখা ছিল গনতান্ত্রিক মূলবোধ ও নির্বাচনী সংস্কার ফিরিয়ে আনা। যতদ্রুত উচিৎ ছিল সে পথে পা বাড়ানো। কিন্তু কথিত সংস্কারের বেড়াজালে সময় নষ্টের বেড়াজালে আটকে পড়লেন। ফ্যাসিবাদ বিরোধী শক্তিগুলো বিভেদে জড়িয়ে পড়ছে।দেশে ধর্মান্ধ মৌলবাদী শক্তির উত্থান ঘটেছে। যদিও জামায়াতে ইসলামী ও তাদের ছাত্র সংগঠন ইসলামী ছাত্রশিবির মডারেট ইসলামী ধারার রাজনীতি নিয়ে মাঠে নেমেছে। তাদের কৌশলগত এই পরিবর্তনের সুফলও পাচ্ছেন।

দেশে একটি জনপ্রতিনিধিত্বশীল নির্বাচিত সরকার না থাকায় নানা উপসর্গ দেখা দিচ্ছে। পতিত ও বিতাড়িত সরকারের অনুসারিরা বলিয়ান হয়ে মাঠে নামার চেষ্টা করছে। ইউনূস সরকারের ব্যর্থতা ও জন আকাংখা পূরণ না হওয়ায় জনগনও হাসিনার দুঃশাসন ভুলতে বসেছে। নিষিদ্ধ হবার পরও তারা দেশে ঝটিকা মিছিল করছে। সোশাল মিডিয়ায় ভীষণ তৎপর। লন্ডনে অর্ন্তবর্তি সরকারের উপদেষ্টাকে হেনস্থা করেছে। শক্তির মহড়া দেখিয়েছে আওয়ামী শক্তি। নিউইয়র্কে গত মাসেই আওয়ামী সমর্থকরা বাংলাদেশ কনস্যুলেটে হামলা চালিয়েছে। দরজা জানালা ভাংচুর করেছে।

ড. ইউনূসের নিউইয়র্কে আগমন ঘিরে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নানা ধরনের ভাগি কর্মিসূচি ঘোষণা করেছে। যেকোনভাবে ড. ইউনূস ও তার সফরসঙ্গীদের হেনস্থা করে তারা লাইম লাইটে আসতে চায়। শেখ হাসিনাকে তাদের শক্তিমত্তা দেখাতে মরিয়া তারা। যেখানেই ইউনূসের সফরসঙ্গীদের পাবে তাদের উপর হানা দেবে। বাংলাদেশ স্থায়ী মিশন ও কনস্যুলেট নিরাপত্তার ব্যাপক প্রস্তুতি নিয়েছে। নিউইয়র্ক সিটির পুলিশ বাহিনী প্রধান উপদেষ্টার সফরসঙ্গীদের বিশেষ প্রোটেকশন দিবে। সফরসঙ্গীর চমকের তালিকায় বিএনপির ফকরুল ইসলাম আলমগীর ও জামায়াতের ডা. আবু তাহের। ইউনূসের এই সফর নিয়ে যুক্তরাষ্ট্র বিএনপি ও জামায়ত ছিল রিলাকটেন্ট। তাদের কোন কর্মসূচি ছিল না। ছিল না অভিনন্দন বা স্বাগত জানানোর কোন আয়োজন। কিন্তু ফকরুল ও তাহের আসায় স্থানীয় দল দুটির নেতারা নড়েচড়ে বসছেন। তাদের নেতাদের নিরাপত্তা ও সন্মান রক্ষার্থেই আওয়ামী লীগের কর্মসূচির পাল্টা কর্মসূচি হাতে নিচ্ছে। আর এতে সংঘাতের আশংকার মাত্রা যোগ হচ্ছে কমিউনিটিতে। শেখ হাসিনার আগমনে অতীতেও এ ধরনের পাল্টাপাল্টি কর্মসূচি হয়েছে। সংঘাত হয়েছে। পুলিশ ডাকাডাকি হয়েছে। অনেকে গ্রেফতার হয়েছেন। এসব বন্ধ হোক। দেশের নোংরা রাজনীতি নিয়ে প্রবাসে আমাদের হানাহানি আর নয়।

# ঢাকসু নির্বাচন ও সংস্কার প্রয়াস রাজনৈতিক চিন্তার নতুন দিগন্ত

### ড. মাহরুফ চৌধুরী



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ঢাকসু) নির্বাচন বাংলাদেশের রাজনীতির ইতিহাসে সবসময়ই এক বিশেষ গুরুত্ব বহন করেছে। কারণ এই নির্বাচন কেবল শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব নিশ্চিত করে না, বরং জাতীয় রাজনীতির ভবিষ্যৎ দিকনির্দেশনা নির্ধারণেও ভূমিকা রাখে। দীর্ঘ দিন ধরে ঢাকসু কার্যকর না থাকায় সাম্প্রতিক এই নির্বাচনকে ঘিরে শিক্ষার্থী, অভিভাবক, রাজনীতিবিদ ও সাধারণ মানুষের মধ্যে যে আগ্রহ ও কৌতূহল তৈরি হয়েছিল, তা স্বাভাবিকভাবেই রাজনৈতিক ও সামাজিক পরিসরে আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে দাঁড়ায়। সাম্প্রতিক এই নির্বাচনে নানা জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির সমর্থিত 'ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোট'-এর প্রার্থীদের নিরঙ্কুশ বিজয় তাই কেবল একটি নির্বাচনী ফলাফল নয়, বরং শিক্ষার্থীদের নতুন প্রজন্ম দেশে কোন ধরনের রাজনীতি চায় এবং কোন ধরনের রাজনীতি প্রত্যাখ্যান করছে, তার এক সুস্পষ্ট বার্তা বহন করছে।

জাতীয় জীবনে এই নির্বাচনের তাৎপর্য নিহিত আছে সুষ্ঠু ও নিরপেক্ষ গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়ার মৌলিক প্রতীকী অর্থে। নিজের ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে শিক্ষার্থীরা প্রমাণ করেছে, গলাবাজি, পেশীশক্তি, ক্ষমতার দম্ভ, মিথ্যা প্রতিশ্রুতি কিংবা দমননীতির মাধ্যমে রাজনীতিকে নিয়ন্ত্রণ করার পুরোনো ধ্যানধারণা তারা আর মেনে নিতে রাজি নয়। প্লেটোর 'দ্য রিপাবলিক'-এ যেমন বলা হয়েছে, রাষ্ট্র যদি ন্যায়বিচারহীন হয়, তবে তরুণ প্রজন্মই সর্বপ্রথম প্রতিরোধ গড়ে তোলে। ঢাকসু নির্বাচনে শিক্ষার্থীদের রায় যেন সেই প্রাচীন দর্শনের আধুনিক প্রতিফলন। এখানে তারা প্রথাগত দলীয় রাজনীতির দলান্ধ আনুগত্যের বিপরীতে অবস্থান গ্রহণ করেছে এবং ঘোষণা দিয়েছে যে, প্রকৃত শিক্ষার্থীবান্ধব, গণতান্ত্রিক ও ন্যায্য রাজনীতির পথ ছাড়া অন্য কোনো পথে থাকলে তাদের সমর্থন পাওয়া যাবে না।

> রাষ্ট্রীয় ক্ষমতা শুধুমাত্র স্বার্থের জন্য নয়, বরং ন্যায্যতা, নৈতিকতা এবং দেশের সার্বিক উন্নয়নের জন্য ব্যবহৃত হবে। ঢাকসু নির্বাচনের এই শিক্ষণীয় ফলাফলই জাতির রাজনৈতিক সংস্কার প্রক্রিয়ার ভবিষ্যতের জন্য একটি স্পষ্ট দিকনির্দেশনা। আর দেশে বিদ্যমান রাজনৈতিক শক্তিগুলো নতুন প্রজন্মের চেতনা ও স্বপ্নকে কেন্দ্র করে তাদের রাজনীতিকে পুনঃসংজ্ঞায়িত করতে হবে

ঢাকসুর ইতিহাস বাংলাদেশের গণতান্ত্রিক চিন্তাচেতনার বিকাশ, নাগরিক অধিকার প্রতিষ্ঠা ও রাষ্ট্রগঠনের ধারাবাহিকতার সঙ্গে গভীরভাবে জড়িত। এটি কেবল একটি বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংসদ নয়, বরং জাতির রাজনৈতিক আদর্শ ও রাজনৈতিক সংস্কৃতির চেতনা বিকাশের প্রাণকেন্দ্র। ১৯৬২ সালের শিক্ষা আন্দোলনে ঢাকসু নেতৃত্ব দিয়েছিল দেশের শিক্ষা নীতি পুনর্গঠনের সংগ্রামে, যেখানে ছাত্রসমাজ প্রমাণ করেছিল যে, রাষ্ট্রের অবিচার ও বৈষম্যের বিরুদ্ধে তারা কখনো নীরব দর্শক হতে পারে না। এরপর ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, যা স্বৈরাচারী আইয়ুব শাসনের পতন ঘটিয়েছিল, সেখানে ঢাকসুর নেতৃত্বাধীন ছাত্রনেতারাই হয়ে উঠেছিলেন জাতির দিকনির্দেশক। প্রসঙ্গত উল্লেখ্য যে, এই ষাটের দশকেই ছাত্ররাজনীতিতে সর্বপ্রথম দলীয় লেজুড়বৃত্তির সূচনা হয়।

সবার জানা যে শুধু তাই নয়, ১৯৭১ সালের আমাদের স্বাধীনতার আন্দোলনে ও মুক্তিযুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসমাজের অবদান ছিল ঐতিহাসিক। ঢাকসু তখন তখন রূপ নিয়েছিল স্বাধীনতার সংগ্রামের কলাকৌশল নির্ধারণের কেন্দ্রস্থলে, যেখানে ভবিষ্যৎ মুক্তির পথরেখা আঁকা হয়েছিল। ১৯৯০-এর স্বৈরাচারবিরোধী আন্দোলনেও ছাত্রনেতাদের অগ্রণী ভূমিকা জনগণকে রাস্তায় নামতে উদ্বুদ্ধ করেছিল, এবং গণআন্দোলনের চাপেই পতন ঘটে একদলীয় স্বৈরশাসনের। এই ধারা আবারও নতুন রূপ নেয় ২০২৪ সালের গণঅভ্যুত্থানে, যখন তরুণ প্রজন্ম 'বৈষম্যহীন' ও 'স্বৈরাচারমুক্ত' রাষ্ট্রের দাবিতে রাস্তায় নামে এবং ঢাকসু নেতৃত্ব জনগণের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে স্বৈরতন্ত্রের পতনে ভূমিকা রাখে।

বাংলাদেশের জাতীয় রাজনীতিতে বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা রাখার এই ধারাবাহিক ইতিহাস প্রমাণ করে যে ঢাকসু কেবল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সীমাবদ্ধ কোনো সংগঠন নয়; বরং এটি গোটা জাতির গণতান্ত্রিক অধিকার আদায় ও গণতন্ত্রের পথে দেশের অভিযাত্রার মূর্ত প্রতীক। তাই এবারের নির্বাচনও নিছক একটি প্রশাসনিক প্রক্রিয়া নয়, বরং এ নির্বাচনের ফলাফল দেশের ভবিষ্যৎ রাজনীতির গতিপথ সম্পর্কে শিক্ষার্থীদের পক্ষ থেকে একটি স্পষ্ট বার্তা হিসেবে দেখা উচিত। তাদের রায়ে ফুটে উঠেছে, পুরোনো স্বার্থসর্বস্ব ক্ষমতাকেন্দ্রিক ও পারিবারিক পরিচয়নির্ভর দলীয় রাজনীতির পরিবর্তে তারা চায় স্বচ্ছতা, ন্যায়পরায়ণতা, অংশগ্রহণমূলক নেতৃত্ব ও রাজনীতিতে নতুন চিন্তার বিকাশ। শিক্ষার্থীরা এবারের ঢাকসু নির্বাচনের মাধ্যমে একটি মৌলিক সত্য জাতির সামনে তুলে ধরেছে যে, আধুনিক নাগরিক সমাজে রাজনীতিতে জয়ী হওয়া বা টিকে থাকার এরপর ২২ পৃষ্ঠায়

# ডাকসু নির্বাচন সুস্থ ধারার রাজনীতির ইঙ্গিত

### এস এম মোজাম্মেল হক

> যার প্রভাব পড়েছে বিশ্বের অন্যান্য বহু দেশে। তারা শুধু দেশকে ফ্যাসিবাদ মুক্ত করেই ক্ষান্ত হয়নি বরং সংস্কার প্রশ্নে আপোষহীন ভূমিকা গ্রহণের ফলে ধাপে ধাপে সংস্কার কর্মসূচীও বাস্তবায়নের পথে অগ্রসর হচ্ছে। ভোটাধিকার প্রয়োগের গণতান্ত্রিক প্রক্রিয়া পুনরুদ্ধারের অংশ হিসেবে দ্বিতীয় পার্লামেন্ট খ্যাত সম্প্রতি ডাকসু নির্বাচন অবাধ নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়া মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে



যে গণতান্ত্রিক পদ্ধতি বাস্তবায়নের আকাংখা নিয়ে দেশ স্বাধীন হয়েছিল দীর্ঘ ৫৪ বছর পার হলেও তত্ত্বাবধায়ক সরকারের আমলে মাত্র ৪টি নির্বাচন ব্যতিত বাকী নির্বাচন সে আকাংখা পূরণে ব্যর্থ হবার ফলে এবং যারাই যখন চাতুরতার মাধ্যমে ক্ষমতা ভোগ করেছে তাদের দলীয় নেতা-কর্মী,আত্নীয় ও পৃষ্ঠপোষকদের অত্যাচার নির্যাতনে গণমানুষের ভোগান্তি চরমে পৌঁছে। আর তাই সৃষ্ট অসন্তোষের কারণে তা থেকে মুক্তির জন্য সরকার পতন অনিবার্য হয়ে পরে যার ফলে একাধিকবার গণআন্দোলনে সরকারের পতন ঘটলেও জনগণের কাংখিত মুক্তি ঘটেনি। অবশেষে ২৪ শের গণবিপ্লব পরবর্তী সময়ে জাতির সামনে সেই মহেন্দ্রক্ষণের সূচনা হলেও রাজনৈতিক দলগুলি তার সদব্যবহার না করে বরং ক্ষুদ্র স্বার্থে ২৪শের ঐক্য বিনষ্টে মেতে উঠে। রাজনৈতিক দলগুলোর পরস্পরের প্রতি অসহিষ্ণুতা প্রদর্শন সাধারণ মানুষ মোটেও পছন্দ করেনি। অন্তর্বর্তীকালীন সরকারের নেয়া সংস্কার কর্মসূচি জনবান্ধব হলেও কোন কোন দল ক্ষতিগ্রস্ত হবার আশংকায় কর্মসূচি বাস্তবায়নে ভিন্নমত পোষণ করলেও জনসমক্ষে উচ্চারিত হয় বিপরীত মত। প্রধান উপদেষ্টা অকপটে স্বীকার করেন যে রাজনৈতিক দলগুলো তাঁর সাথে মিটিংয়ের সময় প্রস্তাবের পক্ষে মত দিলেও জনসমুক্ষে বলে ভিন্ন কথা।

জনগণের নিকট রাজনৈতিক দলের এহেন অবস্থান মোটেও গ্রহণযোগ্যতা পায়নি। বরং জনগণের চাওয়া বিগতদিনের রাজনৈতিক সংস্কৃতির আমূল পরিবর্তন যা হবে জনবান্ধব আর তা বাস্তবায়নের দায়িত্ব বর্তায় রাজনৈতিক দলগুলোর উপরেই।তারা রাজনীতি করেন জনকল্যাণের জন্য এটি যদি মুখের কথা না হয়ে মনের কথা হয় তবে এবারের সুযোগ জনকল্যাণে ব্যবহারের কোন বিকল্প নেই।

প্রকৃতি পরিবর্তনশীল আর এই পরিবর্তনের সাথে যারা খাপ খাইয়ে চলতে পারে তারাই মূলত প্রগতিশীল। যার প্রমাণ প্রতিনিয়ত দৃশ্যমান। যারা এ পরিস্থিতির সাথে তাল মিলিয়ে চলতে অপারগ পশ্চাদমূখীতা তাদের আষ্টেপৃষ্ঠে বেঁধে রাখে। একটা সময় ছিল বয়সই পরিপক্বতার প্রতিক হিসেবে বিবেচিত হতো কিন্তু হালে জেনজির কার্য্যক্রম তা ভুল প্রমাণ করেছে।বয়স্করা ভেবে চিন্তে সিদ্ধান্ত নেন এটা যেমন সত্য দ্রুত ও সাহসী সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে জেনজি ততোধিক উপযুক্ত এটিও অসত্য নয়। দেশে দেশে যার প্রমাণ লক্ষণীয়। ৫ আগস্ট ২০২৪ পূর্ববর্তী প্রায় ১৫ বছর দেশের সব খাতের বেহাল দশা থেকে দেশকে রাহুমুক্ত করার ক্ষেত্রে জেনজির অসাধারণ ভূমিকা শুধু দেশে নয় সারা বিশ্বে উদাহরণ সৃষ্টি করেছে। যার প্রভাব পড়েছে বিশ্বের অন্যান্য বহু দেশে। তারা শুধু দেশকে ফ্যাসিবাদ মুক্ত করেই ক্ষান্ত হয়নি বরং সংস্কার প্রশ্নে আপোষহীন ভূমিকা গ্রহণের ফলে ধাপে ধাপে সংস্কার কর্মসূচীও বাস্তবায়নের পথে অগ্রসর হচ্ছে। ভোটাধিকার প্রয়োগের গণতান্ত্রিক প্রক্রিয়া পুনরুদ্ধারের অংশ হিসেবে দ্বিতীয় পার্লামেন্ট খ্যাত সম্প্রতি ডাকসু নির্বাচন অবাধ নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়া মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে। তিনি মহোদয়ের সাথে ছাত্রদলের এক নেতার অসৌজন্যমূলক আচরণ সর্ব মহলে এরপর ২২ পৃষ্ঠায়

> এ নির্বাচন থেকে রাজনৈতিক দল সহ দেশবাসীর অনুধাবনের অনেক কিছু আছে।মান্ধাতার আমলের রাজনৈতিক কলা কৌশল হালে পানি পাবেনা।তা বুঝতে যাদের দেরী হবে তারাই পিছিয়ে পড়বে।আর তাই ডাকসু নির্বাচনের শিক্ষা রাজনৈতিক দল ও পুরা জাতির জন্য সতর্কতা। আশা করা যায় জাতীয় সংসদের নির্বাচনে এর ধারাবাহিকতা অব্যাহত থাকবে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ‘শেখ হাসিনাই ভালো ছিল’

সামছুদ্দীন আজাদ

শেখ হাসিনা বঙ্গবন্ধু কন্যা, তিনি বাংলাদেশের রাজনীতিতে গণতন্ত্রের মডেল। তাকে গণতন্ত্রের মানসকন্যা বলা হতো। বাংলাদেশে গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়া হয়েছিল তার হাত ধরেই। তিনি তার পিতার কাছ থেকে রাজনীতি শিখেছেন -বাবার কঠিন রাজনীতির পথচলা তিনি দেখেছেন - ধানমন্ডি ৩২ নম্বরের বাড়িটি ছিল বাংলাদেশের রাজনীতি ও গণতন্ত্রের সূতিকাগার। এই বাড়িটি ছিল স্বাধীনতা উত্তর সমস্ত রাজনীতির প্রাণকেন্দ্র, ২৪ ঘন্টা এই বাড়িটি ছিল মুখরিত - দেশের বরেণ্য রাজনীতিবিদদের আনাগোনায় শুধু জামাতিরা ছাড়া স্বাধীনতা উত্তর বাংলাদেশের প্রায় সকল রাজনীতিবিদদের আনাগোনা ছিল এই বাড়িতে, ১৯৬৬ সাল থেকে ১৯৬৯ এর গণঅভ্যুত্থান এবং ১৯৭০ এর নির্বাচনের সময় পর্যন্ত সময়ে বাংলাদেশের স্বাধীনতাকামী মুক্তিকামী সকল রাজনৈতিক দলের সিনিয়র নেতাদের জন্য ৩২ নম্বরের বাড়ির দরজা ছিল খোলা। বেগম ফজিলাতুন্নেছা মুজিবের রান্না খায়নি এমন নেতা খুব কম ছিলেন - যারা বঙ্গবন্ধুর সাথে রাজনীতি করতেন।

তখনকার রাজনীতি ছিল ভদ্রলোকের রাজনীতি, শিক্ষিত শালীন বনেদি পরিবারের সদস্যদের রাজনীতি, কেউ কোনদিন প্রতিপক্ষের সাথে অশালীন আচরণ করার কোন নজির ছিল না। এমন নজিরও আছে বঙ্গবন্ধু অনেক মুসলিম লীগ নেতাদের যারা স্বাধীনতা চায়নি তাদের অনেককে বন্দী করলেও তাদের বাসায় খোঁজখবর রাখতেন, এমনকি আর্থিক সহযোগিতা করতেন ওই সব রাজনীতিবিদদের পরিবারকে। দীর্ঘ ২৪ বছর পাকিস্তানি শাসক আর শোষকদের বিরুদ্ধে অর্থাৎ মিলিটারি স্বৈরাচার আইয়ুব, ইয়াহিয়ার বিরুদ্ধে সংগ্রাম করেছেন গণতন্ত্রের জন্য, স্বাধীনতার প্রতিষ্ঠার দাবিতে। এই স্বৈরাচার ক্ষমতা এমনভাবে আটকিয়ে রেখেছিল যা কোন অবস্থায় পূর্ব বাংলার অবিসংবাদিত নেতা শেখ মুজিবের হাতে দেয়া যাবে না। এমনকি ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব বাংলার ১৬৯ টি আসনের মধ্যে ১৬৭ টি আসনে বিজয় লাভ করার পর শেখ মুজিবুর রহমানকে পাকিস্তানের প্রধানমন্ত্রী হতে দেয়নি বরং সংসদ অধিবেশন ডেকেছিল - ইয়াহিয়া, জুলফিকার আলী ভুট্টো পুরো বাংলায় এসেছিল শেখ মুজিবুর রহমান সহ আওয়ামী লীগ নেতাদের সাথে বৈঠক করবেন বলে, আলোচনার নামে কালক্ষেপন করে তারা গোপনে পাকিস্তান ফিরে যায় - এরই মধ্যে যুদ্ধ জাহাজ ভর্তি অস্ত্র গোলাবারুদ এনে জমা করে বাংলাদেশে - ২৫ শে মার্চ কাল রাত্রিতে ঘুমন্ত বাঙালির উপর অতর্কিত আক্রমণ চালায় পাকিস্তানি মিলিটারির সৈন্যরা, ঐদিন রাতেই বঙ্গবন্ধুকে তার ৩২ নম্বরের বাড়ি থেকে গ্রেপ্তার করে নিয়ে সরাসরি রাওয়াল পিন্ডি কারাগারে নিয়ে যায় - এবং দীর্ঘ ৯ মাস কারাবন্দি করে রেখে অবশেষে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর দেশ স্বাধীন হলে তাকে মুক্তি দেয়া হয় এবং ১৯৭২ সালের ১০ই জানুয়ারি বঙ্গবন্ধু স্বদেশে ফিরে আসেন।

এই ছিল বাংলার রাজনীতির সংক্ষিপ্ত ইতিহাস। শেখ হাসিনা বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা - তার সব ভাইবোন গোপালগঞ্জে জন্ম হলেও শেখ রাসেলের জন্ম হয় ধানমন্ডি ৩২ নম্বরের বাড়িতে। শেখ হাসিনা লেখাপড়া করেছেন আজিমপুর গার্লস স্কুলে, পরে ইডেন কলেজে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে। বাবার সারা জীবনের রাজনীতি আর সংগ্রাম ছিল মিলিটারি ডিক্টেটরের বিরুদ্ধে। পিতৃ হত্যার পর ১৯৭৫ সালের পর দীর্ঘ ছয় বছর নির্বাসিত জীবন শেষে ( জার্মানি ও ভারতে ) ১৯৮১ সালের ১৭ই মে স্বদেশ প্রত্যাবর্তন করে যখন দলের দায়িত্ব নেন তখন বাংলাদেশে স্বৈরাচারী ডিক্টেটর জিয়া রাষ্ট্রক্ষমতা ছিল, জিয়া শেখ হাসিনাকে ৩২ নম্বরের ঢুকতে দেয়নি, তিনি রাস্তায় দাঁড়িয়ে তার মা-বাবা, ভাই, ভাইদের স্ত্রী, চাচা সহ পরিবারের ১৮ জন নিহত সদস্যের জন্য দোয়া ও মোনাজাত করতে হয়েছিল। তার বাবার বাড়িতে তাকে ঢুকতে দেয়নি এই স্বৈরাচার জিয়া। তাকে প্রকাশ্যে রাজনীতি করতে দেয়া হয়নি, তাকে অনেকটা নিয়ন্ত্রণে রেখেছিল এই স্বৈরশাসক। একই বছর ১৯৮০ সালের ৩০ শে মে জিয়াকে খুন করে সেনাবাহিনীর কিছু কর্মকর্তা - চট্টগ্রাম সার্কিট হাউসে। ক্ষমতা গ্রহণ করেন বিএনপির ভাইস প্রেসিডেন্ট বিচারপতি সাত্তার। পরে ১৯৮২ সালের ২৪ শে মার্চ আরেক স্বৈরাচার এরশাদ রাষ্ট্রক্ষমতা দখল করে দীর্ঘ সাড়ে ৯ বছর অবৈধ ক্ষমতা দখল করে রেখেছিল। তখন শেখ হাসিনাই ছিল একমাত্র নেতা, তাকে স্বৈরশাসকের রক্তচক্ষু উপেক্ষা করে দীর্ঘ ২১ বছর সংগ্রাম করতে হয়েছে গণতন্ত্রের জন্য, গণতন্ত্রের দাবিকে প্রতিষ্ঠিত করার জন্য, গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার জন্য, স্বদেশ প্রত্যাবর্তন শেষে তিনি লক্ষ জনতার সামনে ওয়াদা করেছিলেন আমি বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করব, আমার বাবা সারা জীবন পাকিস্তানি মিলিটারির বিরুদ্ধে সংগ্রাম করে গেছেন - আমিও বাংলাদেশে সামরিক স্বৈরাচার জিয়া এরশাদের বিরুদ্ধে সংগ্রাম করে যাব। গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য প্রয়োজনে নিজের জীবন বিলিয়ে দেব আমার পিতার মতো তবুও আমি গণতন্ত্রের লড়াই থেকে পিছু হাঁটবো না। বারবার যাতে স্বৈরশাসক ক্ষমতা দখল করতে না পারে, মানুষের ভোটাধিকার যেন কেড়ে নিতে না পারেন, মানুষের লাইনে দাঁড়িয়ে তার ভোট দেয়ার অধিকার, এরপর ২২ পৃষ্ঠায়





> চট্টগ্রাম বন্দরকে বিশ্বমানের বন্দরে পরিণত করা, চালনা বন্দরকে আধুনিক বন্দরে রূপান্তরিত করা, পায়রা বন্দর নির্মাণ করে অর্থনীতিতে যুগান্তকারী উদাহরণ সৃষ্টি করেছেন শেখ হাসিনা। মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট স্থাপন করে বাংলাদেশের মান অনেক উঁচুতে নিয়ে গেছেন তিনি। সবচেয়ে দুঃসাধ্য যে কাজটি শেখ হাসিনা করে গেছেন চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত রেললাইন স্থাপন করে, দুর্গম পাহাড়, খাল বিল নদী নালা সংস্কার করে সেখানে সমতল ভূমি তৈরি করে যে অসাধ্য সাধন তিনি করে গেছেন আগামী শত বছর পরেও এমন সাহসী, দৃঢ় মনোবল সম্পন্ন একজন দেশ প্রেমিক নেতা এই বাংলায় আর কোনদিন জন্ম নেবে না। সারা দেশের মানুষ এখন বলছেন, শেখ হাসিনাই ভালো ছিলেন’

# শিবিরের ভূমিধস বিজয় যে কারণে

মাসুদ কামাল

গত কয়েক দিনে তিনজন জামায়াত নেতার সঙ্গে আমার কথা হয়েছে। এই একটা রাজনৈতিক দল, যাদের নেতাদের মধ্যে পরিমিতিবোধ অসাধারণ। প্রায়ই তাঁরা জানেন, কোথায় থামতে হয়। হাসতে হলে ঠোঁট দুটো কতটুকু প্রসারিত করতে হবে, দাঁত কটা প্রকাশিত হতে পারবে-সে হিসাবও সম্ভবত দল তাদের শিখিয়ে দেয়। মাঝেমধ্যে তাঁদের এমন আচরণ কৃত্রিম মনে হলেও সব মিলিয়ে বিষয়টা আমি পছন্দই করি। দলের বা রাজনীতির কোনো সাফল্যে দারুণ কিছু হইচই বা উচ্ছ্বাস তাঁরা সাধারণত প্রকাশ করেন না। এই যে ডাকসু নির্বাচনে ভূমিধস বিজয় ঘটল, অন্য কোনো সংগঠন হলে বিজয় মিছিলের তোড়ে হয়তো পুরো ক্যাম্পাস প্রকম্পিত হতো। কিন্তু তারা সেটা করেনি। এত পরিমিতিবোধের পরও সম্প্রতি দেখা হওয়া জামায়াত নেতাদের চেহারায় কেমন একটা সাফল্যের আভা আমি দেখতে পেয়েছি। কথাবার্তায় নিজেদের নিয়ন্ত্রণ করতে পারলেও অন্তর্গত আনন্দের কিছুটা ছাপ চোখেমুখে প্রকাশ পাবেই। এবার সেটা লুকিয়ে রাখতে পারেননি।

সন্দেহ নেই ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের কারণেই তাঁদের এই মনোভাব। কেবল ওনাদের মধ্যেই নয়, সাধারণ মানুষের মনোজগতেও কিছুটা পরিবর্তন এসেছে বলে আমার মনে হয়। কদিন আগেও যাঁরা জামায়াতে ইসলামীকে জাতীয় নির্বাচনে ৩০টি আসনও দিতে রাজি ছিলেন না, তাঁদের কেউ কেউ এরই মধ্যে সেই সংখ্যা ৬০টিতে উন্নীত করে ফেলেছেন। দিন কয়েক পর রাজশাহী বিশ্ববিদ্যালয়ে নির্বাচন হবে। যত দূর শুনেছি, সেখানেও একই ধরনের ফল হবে। তখন হয়তো এই প্রবল সমালোচকেরা এই সংখ্যা আরও একটু বাড়িয়ে ৮০ অথবা ১০০-তে নিয়ে যাবেন!

বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচন জাতীয় রাজনীতিতে অথবা জাতীয় নির্বাচনে কতটুকু কী ভূমিকা রাখবে বা রাখতে পারে, সেটা নিয়ে কিছু বলার আগে বরং ডাকসু বা জাকসুতে কেন শিবির এত ভোট পেল-সেটা নিয়ে একটু বলি। সেই আশির দশকের শেষ দিক থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্রশিবির একটা ‘নির্যাতিত’ সংগঠন। নির্যাতিত এ অর্থে যে তারা বৈধ সংগঠন হওয়া সত্ত্বেও ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রকাশ্যে রাজনীতি করতে পারত না। এই একটা বিষয়ে অন্য সব ছাত্রসংগঠন একমত ছিল, তারা শিবিরকে ক্যাম্পাসে রাজনীতি করতে দেবে না। আর শেষের ১৬ বছরে, হাসিনার শাসনামলে, বিষয়টা আরও অনেক বেশি ভয়ংকর হয়ে উঠেছিল। ছাত্রলীগ এ সময়ে এতটাই বেপরোয়া হয়ে গিয়েছিল যে ছাত্রদলকেই ক্যাম্পাসে ঢুকতে দিত না, আর ছাত্রশিবির তো আরও বেশি অচ্ছুত।

তাহলে এমন একটা সংগঠন, যারা গত তিন দশকের বেশি সময় ধরে ঢাবিতে দৃশ্যমান ছিল না, তারা কীভাবে মাত্র এক বছরের মধ্যে ছাত্র সংসদে এমন বিপুল ভোটে নির্বাচিত হলো? এ প্রশ্নের জবাবে আমি কেবল তিনটা কারণের কথা বলব। এক. বিএনপির আত্মম্ভরী মনোভাব ও তার প্রকাশ, দেশজুড়ে বিএনপির নেতা-কর্মীদের হাতে আওয়ামী লীগের লোকদের নিগৃহীত হওয়া এবং সর্বোপরি ছাত্রশিবিরের ওয়েলফেয়ার পলিটিক্স। বিষয়গুলো একটু ডিটেইলে বলি। এটা প্রায় সবাই এখন জানেন যে ডাকসু অথবা জাকসু নির্বাচনে ছাত্রলীগের ভোটগুলো সব শিবিরের প্রার্থীরা পেয়েছেন। কিন্তু কেন? ছাত্রদল কেন পেল না? আসলে ছাত্রলীগে যাঁরা ভোট দেন, তাঁরা আসলে বংশানুক্রমেই দেন। দেখা যাবে এই ছাত্র বা ছাত্রী আসলে আওয়ামী পরিবারের সদস্য। তাঁর বাবা, দাদারা আওয়ামী লীগ করতেন। এখনো করেন। বড় ভাই হয়তো করেন যুবলীগ। কিন্তু নানা অত্যাচারে কিংবা মামলা-মোকদ্দমার কারণে তিনি এখন এলাকাতেই থাকতে পারছেন না, দৌড়ের ওপর আছেন। আবার কেউ কেউ রাজনৈতিক মামলায় জেলে আছেন। একেকটা মামলায় দেড়-দুই শ লোককে আসামি করা হচ্ছে। জুলাই আন্দোলনে উপজেলা পর্যায়ে কোনো একটা ঘটনায় কেউ নিহত হয়েছে, কিংবা আহত হয়েছে, সেটা নিয়ে মামলা। শেখ হাসিনা, শেখ রেহানা, আসাদুজ্জামান খান কামাল, ওবায়দুল কাদের-এঁদের প্রথম দিকে রেখে হয়তো আরও দেড়-দুই শ মানুষের নাম যুক্ত করে দেওয়া হয়েছে। সবাই হত্যা বা হত্যাচেষ্টা মামলার আসামি। এখন থাকো দৌড়ের ওপর। এই যে হাজার হাজার মামলা, এগুলোর বাদী কে? ৯৫ শতাংশ ক্ষেত্রে বাদী হচ্ছে বিএনপির লোকেরা। ভাবির যে শিক্ষার্থীর পরিবারের সদস্যরা এভাবে বিএনপির কারণে হয় জেলে আছেন অথবা পালিয়ে আছেন, সেই বিএনপির ছাত্রসংগঠনকে তাঁরা এখানে ভোট দেবেন? এমন চিন্তার অবকাশ কি আছে?

অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে বিএনপির প্রধানতম দাবি ছিল-দ্রুত নির্বাচনের। ভাবখানা এমন যে নির্বাচন হলেই তারা ক্ষমতায় চলে যাবে। এমন চিন্তার বিষয়টা তারা গোপনও রাখেনি। কথাবার্তা, আচার-আচরণে সেটা প্রকাশ করেছে। তাদের এমন আচরণ একেবারে যে অমূলক, তা-ও বলা যাবে না। যে যত কথাই বলুক, বাস্তবতা হচ্ছে আমাদের দেশের প্রধান দুটি দল হচ্ছে বিএনপি ও আওয়ামী লীগ। নির্বাহী আদেশে এরই মধ্যে আওয়ামী লীগের রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করা হয়েছে। নির্বাচন কমিশন তাদের নিবন্ধনও স্থগিত করেছে। ফলে আগামী নির্বাচনে তাদের অংশগ্রহণের সুযোগ নেই বললেই চলে। এমন বাস্তবতায় ভোটের মাঠে অনেকটা ওয়াকওভার পাওয়ার মতো অবস্থায় রয়েছে বিএনপি। এই যে বিএনপির নিশ্চিত ক্ষমতায় যাওয়ার মতো এরপর ২২ পৃষ্ঠায়





> তাই নতুন এ বাস্তবতা তাঁদের মুগ্ধ করেছে। কোনো ছাত্রসংগঠনের কাছ থেকে এ রকম আচরণ অনেকের কাছের নতুন লেগেছে, ভালোও লেগেছে। আমার ধারণা, এ বিষয়টিও এবার ভোট দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে কাজ করেছে। এখন প্রশ্ন হচ্ছে- বিশ্ববিদ্যালয়গুলোর ছাত্র সংসদ নির্বাচনের এমন ফলাফল কি জাতীয় নির্বাচনে বিশাল কোনো পরিবর্তন এনে দেবে? আগামী নির্বাচনে কি এর দারুণ কিছু প্রভাব পড়বে? এ প্রশ্নের নানা রকম বিশ্লেষণ হতে পারে। আমার মনে হয়, বিশাল কোনো প্রভাব ফেলবে না। সেসব নিয়ে পরে আরেকদিন কথা বলা যাবে। কিন্তু এ কথাটি কিন্তু মানতেই হবে, জামায়াতে ইসলামী নিজেরা এই বিশাল বিজয়কে জাতীয় রাজনীতিতে প্রভাব বাড়াতে ব্যবহারের চেষ্টা করবে। তার নমুনা এরই মধ্যে কিছু দেখাও যাচ্ছে

# গানের সুরে বেঁচে থাকবেন ফরিদা পারভীন

“তার কণ্ঠে আবু জাফরের লেখা ও সুরে ‘এই পদ্মা এই মেঘনা’ দেশাত্মবোধক গানটি প্রথম থেকেই বাংলার আকাশে-বাতাসে, কখনো তাদের যুগলকণ্ঠে, কখনো ফরিদা পারভীনের একক কণ্ঠে ধ্বনিত হয়ে আসছে। এছাড়াও তাদেরই যুগলসৃজন আধুনিক গান ‘তোমরা ভুলেই গেছো মল্লিকাদির নাম’ এবং ‘নিন্দার কাঁটা যদি না বিঁধিল গায়ে’ গান দু’টির কথাইবা কে ভুলেছে কবে! ফরিদা পারভীন ও আবু জাফরের গাওয়া ‘তুমি রাত আমি রাত জাগা পাখি’। দাম্পত্য সঙ্গী হিসেবে আবু জাফরকে বিয়ে করলেও পরে তাদের মধ্যে বিচ্ছেদ হয়ে যায়। পরে ফরিদা পারভীন গাজী আবদুল হাকিমকে বিয়ে করেন। ফরিদা পারভীনের সাথে লালন সংগীত একাকার হয়ে আছে। সংগীতই তার সব। তাই সংগীতের ভুবনে তিনি বেঁচে থাকবেন আজীবন”

ড. সাইমন জাকারিয়া



ফরিদা পারভীনের পরিচয়কে গণ্ডিবদ্ধ করার কোনো সুযোগ নেই। যৌবনেই তিনি নিজের বহুমাত্রিক পরিচয়কে প্রতিষ্ঠা করেছিলেন। একদিকে তিনি লালন সাঁইজির গানের অনন্য শিল্পী হিসেবে প্রতিষ্ঠা পেয়েছিলেন, অন্যদিকে আবু জাফরের লেখা ও সুরে, এমনকি দ্বৈতকণ্ঠে দেশাত্মবোধক গান গেয়ে বা আধুনিক বহু গান গেয়ে বাংলাদেশের সংগীতের ইতিহাসে চিরস্থায়ী আসন করে নিয়েছেন।

বহুমাত্রিক গান গেয়ে নিজের মৌলিক পরিচয়কে প্রতিষ্ঠা করার এমন দৃষ্টান্ত বাংলাদেশে বিরল। এক্ষেত্রে ফরিদা পারভীন অনন্য। একথা ঠিক, তিনি সর্বাধিক সম্মান অর্জন করেছেন লালন সাঁইয়ের গান গেয়ে। লালন সাঁইয়ের গানের সুর তিনি রপ্ত করেছিলেন লালনের গানের তিনজন কিংবদন্তি সাধকশিল্পী-বীর মুক্তিযোদ্ধা মকছেদ আলী সাঁই, খোদাবক্স সাঁই, করিম শাহের কাছ থেকে। কিন্তু তিনি ফকিরি গায়ন-পদ্ধতিকে নিজের কণ্ঠ দিয়ে কিছুটা নবায়ন করেছিলেন, যা শ্রোতার কাছে হৃদয়গ্রাহী হয়েছিল।

জীবনের অধিকাংশ সময় তিনি কুষ্টিয়ায় বসবাস করেছেন, শেষ ২২-২৩ বছর তিনি ঢাকাতে ছিলেন। আসলে, কুষ্টিয়া শহরে অবস্থানকালেই তিনি সংগীত চর্চার মাধ্যমে জনপ্রিয় শিল্পী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছিলেন। মফস্বল শহরে বাস করে সংগীতে প্রতিষ্ঠা পাওয়ার এ ধরনের দৃষ্টান্ত সেকালে খুবই বিরল ছিল।

মজার ব্যাপার হলো, তিনি কুষ্টিয়াতে অবস্থানকালেই সংগীতে বিশেষ অবদানের জন্য ১৯৮৭ সালে একুশে পদক এবং ‘অন্তঃ প্রেম’ ছবিতে ‘নিন্দার কাঁটা’ গানটি গেয়ে ১৯৯৩ সালে জাতীয় চলচ্চিত্র পুরস্কার পান।

ফরিদা পারভীনের জন্ম ১৯৫৪ সালের ৩১ ডিসেম্বর নাটোর জেলার সিংড়া থানার সাঁঐল গ্রামে। নাটোরের জগৎপুর, সাঁঐলের স্কুলে তিনি প্রাথমিক শিক্ষার পাঠ শুরু করলেও পিতা দেলোয়ার হোসেনের চাকরিসূত্রে তার গানের হাতেখড়ি হয় মাগুরা জেলায়। সেটা ১৯৫৭-৫৮ সালের কথা।

তার ভেতর সুরের সঞ্চার ঘটেছিল আরও আগে। একবার এক সাক্ষাৎকারে তিনি আমাকে বলেছিলেন, ‘প্রথম যখন আমার ভেতর সুরটা যায়, আমার মায়ের দুধ খাই তখন। সে সময় আমার সেন্স একটু একটু কাজ করত। আমি কিন্তু অনেক বড় হয়ে আমার মায়ের দুধ খেয়েছি। ঘুম পাড়ানোর সময় মার দুধ খেতাম, আর মা গান করত। মায়ের সেই সুরটাই আমার ভেতর রয়ে গেছে, সেই সুরটা এখনো আমি ভুলতে পারি না। তখনকার হিন্দি গান, লতাজির অনেক গান মা গাইত। সিনেমা দেখত তো খুব, তখনকার সিনেমার ওইসব গান গাইত। আমার মায়ের কিন্তু খুব ভালো গানের সুর।’ মাগুরায় স্কুলে পড়ার সময়ে ফরিদা পারভীনকে সারগাম দিয়ে গানের হাতেখড়ি দিয়েছিলেন ওস্তাদ কমল চক্রবর্তী। এরপর যখন তিনি মাগুরা গার্লস স্কুল থেকে কুষ্টিয়া গার্লস স্কুলে যান, তখন ওস্তাদ ইব্রাহিমের কাছে ক্লাসিক্যাল শেখা শুরু করেন। পরবর্তীতে কুষ্টিয়ার রবীন্দ্রনাথ রায়, মোতালেব বিশ্বাস, ওসমান গণি’র কাছে ক্লাসিক্যাল শেখেন। দ্বিতীয় পর্বের সংগীত জীবনে নজরুলের গানের শিক্ষা গ্রহণ করেন কুষ্টিয়ার ওস্তাদ আবদুল কাদের-এর কাছে, তারপর মেহেরপুরে মীর মোজাফফর আলী’র কাছে। ১৯৬৮ সালে তিনি রাজশাহী বেতারের তালিকাভুক্ত নজরুলগীতির শিল্পী হন। মূলত নজরুল সংগীতের শিল্পী হিসেবেই ফরিদা পারভীনের অভিযাত্রা শুরু হলেও পরবর্তীতে তিনি লালন, আধুনিক ও দেশাত্মবোধক শিল্পী হিসেবে জনপ্রিয়তা অর্জন করেন। ফরিদা পারভীনকে লালন সংগীতের দিকে নিয়ে আসতে বিশেষ ভূমিকা পালন করেন বীর মুক্তিযোদ্ধা মোকছেদ আলী সাঁই।

১৯৭৩ সালে কুষ্টিয়ার লালন সাঁইজির আখড়াকেন্দ্রিক একটি অনুষ্ঠানে পূর্ণদাস বাউলের আগমন ঘটে। সেই আসরে ফরিদা পারভীন তার পিতা ও মোকছেদ আলী সাঁইয়ের আগ্রহে প্রথম লালন সাঁইয়ের গান পরিবেশন করেন। একই সময়ে তিনি আবু জাফরের কাছ থেকে কিছু আধুনিক গানের দীক্ষা গ্রহণ করেন।



১৯৭৩ সালে দিকে ঢাকা রেডিওর ট্রান্সক্রিপশন সার্ভিসে মোকসেদ আলী সাঁইয়ের আগ্রহে ফরিদা পারভীন কিছু লালনের গান পরিবেশন করেন। এরপর থেকে তিনি লালনের গানের দিকে ঝুঁকে পড়েন এবং বিভিন্ন সময়ে মোকসেদ আলী সাঁই, খোদা বক্স সাঁই, করিম শাহ, ব্রজেন দাস, বেহাল শাহ, ইয়াসিন শাহের কাছে লালনের গানের তালিম নেন। লালন সাঁইজির গানগুলো মূলত তত্ত্বনির্ভর। সেই তত্ত্বনির্ভর গানগুলোয় আধুনিক সুর-তাল সংযোজনার যৌক্তিকতা কী? এ সম্পর্কে ফরিদা পারভীন বলেন, “হ্যাঁ, লালনের গানগুলো তত্ত্বনির্ভর। সুর এবং লয় কিন্তু মানুষকে আলোড়িত করে। যেমন ‘মিলন হবে কতদিনে’ এটা একটা আকুতির গান। কিন্তু এই গানটার রিদম মানুষকে নাচিয়ে তোলে। এই ভেবে আমি এখন লালনের গানকে বৈতালিকে গেয়ে নতুন একটা কিছু সংযোজন করেছি। কারণ, গানের সুর এবং কথার মাদকতা লয়টা দিলে নষ্ট হয়ে যায়। যেমন ‘সময় গেলে সাধন হবে না’। এটা কিন্তু একচ্ছত্রভাবে আমি বৈতালিকে করেছি। আমি দেখেছি গানের বাণীটা একরকম আর সুর-তাল আরেকরকম, তাই আমি গানটা শুধু সুরে বৈতালিকে গাইলাম, এর সুরের দিকটা আরেকটু আলোড়িত করে।” তিনি তার গায়কী নিয়ে লালনপন্থি সাধকশিল্পীদের আপত্তির কথাও জানতেন। এ বিষয়ে তিনি বলেছিলেন- ‘একটা কথা কিন্তু মনে রাখবেন, আমি লালনের গান শুরু থেকেই শিখছি-মোকসেদ সাঁই, খোদাবক্স সাঁই, করিম সাঁই আমার লালন সংগীতের গুরু। তবে এরপর ২২ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Timothy Bompart
Attorney at Law

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# হঠাৎ কেন এই যুগপৎ আন্দোলন, জামায়াতের সঙ্গে যাবে এনসিপি?

তার আগের সময়ের সামাজিক সংশ্লিষ্টতার ভেতর দিয়ে এনসিপিতে যে ধরনের ভাবাদর্শের প্রভাব বেড়েছে, তারই যৌক্তিক পরিণতি হিসেবে আটটি দলের যুগপৎ আন্দোলনে যুক্ত হওয়ার চাপ বাড়ছে তাদের ওপর। সংগঠকদের মধ্যে যারা এই কৌশলের পক্ষে, সে রকম নেতৃত্ব মনে করছে, গণ-অভ্যুত্থানের প্রধান এজেন্সি হিসেবে এককভাবে দীর্ঘ ম্যাচের ধৈর্য নিয়ে দাঁড়িয়ে থাকার চেয়ে নির্বাচনের আগেই একটা শক্ত দর-কষাকষির জন্য যুগপৎধর্মী যৌথতায় লাভ বেশি হবে। বলা বাহুল্য, এ রকম 'অঙ্ক' নতুন সংসদে জামায়াতে ইসলামীর অবস্থানে শক্তি জোগাবে। জাতীয় পার্টি নিষিদ্ধের দাবির সঙ্গে এসব অঙ্কের কোনো দূরবর্তী যোগাযোগ আছে কি না, রাজনৈতিক বিশ্লেষকদের সামনে সেটাও কৌতূহলোদ্দীপক এক বিষয় হয়ে উঠেছে

আলতাফ পারভেজ



বাংলাদেশসহ আশপাশের দেশগুলোয় নাটকীয়ভাবে রাজনীতির মোড় বদল ঘটছে। এ রকম পরিবর্তনগুলোর সঙ্গে যুক্ত করে বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাবলিকে পাঠ করা জরুরি। বিশেষ করে উচ্চতর বিদ্যাপীঠে শিক্ষার্থীদের ইউনিয়নগুলোর নির্বাচন এবং তার মধ্যেই রাজনীতির মূল ময়দানে জামায়াত-এনসিপি-খেলাফত-ইসলামী আন্দোলনসহ আটটি দলের যুগপৎ আন্দোলনের সংবাদ এবং ২৪ ঘণ্টার মধ্যে সেই খবরকে সংশ্লিষ্ট একাধিক দলের 'ভিত্তিহীন' দাবি নিঃসন্দেহে দেশ-বিদেশে রাজনৈতিক ভাষ্যকারদের মনোযোগ পেয়েছে।

প্রশ্ন উঠেছে, কেন হঠাৎ এই যুগপৎ আন্দোলন? এই আন্দোলনের লাভ-ক্ষতি কী? এ নিয়ে উদ্যোক্তাদের মধ্যে দোটানাই-বা কেন? জাতীয় ঐকমত্য কমিশনে বিএনপি যেসব বিষয়ে বিরোধিতা করছে, যুগপতের সংবাদে নাম আসা 'আটটি দল' সেগুলোই দাবি আকারে আনছে বলে প্রতীয়মান হচ্ছে।

জামায়াত আগে অন্যের নেতৃত্বে 'যুগপৎ' আন্দোলন করেছে বা জোটবদ্ধ থেকেছে। এবার নিজেই উদ্যোগ নিয়ে বড় ধরনের রাজনৈতিক সামর্থ্য দেখাতে চাইতে পারে।

বাংলাদেশের যুগপৎ আন্দোলনের ইতিহাস বেশ সমৃদ্ধ। জেনারেল এরশাদের নেতৃত্বাধীন সামরিক সরকারের বিরুদ্ধে সফল এক যুগপৎ আন্দোলনের ইতিহাস আছে এ দেশে। ক্ষমতাচ্যুত বিগত সরকারের বিরুদ্ধেও নানান ধরনের যুগপৎ সভা-সমাবেশ দেখেছি আমরা। তবে সেসব আন্দোলনের লক্ষ্য, প্রতিপক্ষ ও কর্মসূচির যে ধরন, তার তুলনায় সংবাদপত্রে আসা 'আট দলের যুগপৎ আন্দোলন'-এর ধরনে অনেক ভিন্নতা থাকবে মনে হচ্ছে। সংবাদমাধ্যমের প্রাথমিক প্রতিবেদনগুলোয় তাৎক্ষণিকভাবে তা-ই মনে হয়েছে। এ বিষয়ে বিস্তারিত মন্তব্য ও মূল্যায়নের জন্য আমাদের আরও অপেক্ষা করতে হবে।

শুরুতে এ রকম যুগপৎ আন্দোলনের উদ্যোক্তা হিসেবে আটটি দলের নাম এলেও পরবর্তী সংবাদে দেখা গেল, ওই 'আট'ভুক্ত কিছু কিছু দলে এ বিষয়ে সিদ্ধান্তহীনতা ও ভিন্নমত আছে। কোনো কোনো দলের নেতারা এ রকম সংবাদকে 'বিভ্রান্তিকর'ও বলেছেন। এ লেখা তৈরির সময় পর্যন্ত জামায়াত যুগপৎ আন্দোলনবিষয়ক সংবাদের সত্যাসত্য বিষয়ে কিছু বলেনি।

আশির দশকে 'যুগপৎ' শক্তিগুলোর প্রতিপক্ষ ছিল সামরিক জান্তা সরকার। বিগত দশকে ছিল নির্বাচনী ব্যবস্থা ধ্বংসকারী সরকার। উভয় আন্দোলনের পেছনে সমাজের বড় অংশের সাধারণ সমর্থন ছিল। উপরিউক্ত উভয় 'যুগপৎ' নানা চড়াই-উতরাই পেরিয়ে তাদের লক্ষ্যে পৌঁছাতে পেরেছিল শেষমেশ। প্রশ্ন উঠতে পারে, এবারকার প্রস্তাবিত যুগপৎ শক্তির প্রতিপক্ষ কে? অন্তর্বর্তীকালীন সরকার কি?

যে সরকার 'অন্তর্বর্তীকালীন' এবং যারা চার থেকে পাঁচ মাস পর নির্বাচন দিয়ে চলে যেতে চায় বলে জানাচ্ছে, তাদের বিরুদ্ধে আন্দোলনে নামার অবকাশ সামান্যই। তারপরও সম্ভাব্য 'যুগপৎ'-এ নামার ঘোষণাদানকারী আটটি দলের কিছু দাবি সরকারের কাছেও থাকবে বলে জানা যাচ্ছে।

প্রাথমিক সংবাদের পরপরই সম্ভাব্য যুগপৎ আন্দোলনের শক্তিগুলোর পারস্পরিক বোঝাপড়া ও অঙ্গীকার নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে, তবে ১৩ সেপ্টেম্বর দেশের বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত তাদের দাবির ধরন ও দাবি বাস্তবায়নের পথ ও প্রস্তাব স্পষ্ট জানাচ্ছে, প্রতিপক্ষ হিসেবে তারা কেবল সরকারকে নয়, বিবেচনা করছে বিএনপি ও অন্যা মধ্যপন্থী শক্তিগুলোকেও। তাদের সম্ভাব্য 'চার দফা'র প্রথম ও প্রধান দফা হলো সংখ্যানুপাতিক পদ্ধতিতে নির্বাচন।

এই দাবি পূরণ অন্তর্বর্তীকালীন সরকারের পক্ষে সম্ভব নয়, এই সরকারের সে ধরনের একক সামর্থ্য বা এখতিয়ার নেই, বরং বিএনপি চাইলে হতে পারে। আবার এমন অনেক রাজনৈতিক দল রয়েছে, যারা ২০২৪ সালের আন্দোলনে শরিক থাকলেও সংখ্যানুপাতিক নির্বাচনপদ্ধতি চায় না। সুতরাং এটা বিএনপির একার ছাড় দেওয়ার ব্যাপারও নয়।

তবে ঐকমত্য কমিশনে বিএনপি যেসব বিষয়ে বিরোধিতা করছে, যুগপতের সংবাদে নাম আসা 'আট দল' সেগুলোই দাবি আকারে আনছে বলে প্রতীয়মান হচ্ছে। সুতরাং এটা বলা যায়, 'আট দল'-এর আন্দোলনের অভিমুখ বিএনপি ও একই ধরনের দৃষ্টিভঙ্গি পোষণকারী দলগুলোকে লক্ষ্য করে। নিশ্চিতভাবে এর অনিবার্য একটি পার্শ্বফল হবে ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের শক্তিগুলোর মাঝে আনুষ্ঠানিক ভাঙন ও বৈরিতা শুরু হওয়া।

প্রস্তাবিত ধাঁচে কথিত যুগপৎ আন্দোলন শুরু হলে ঐকমত্য কমিশনের বৈঠকে রাজনৈতিক দলগুলোর মধ্যে এত দিন যে বিরুদ্ধতা মৌখিক তর্কবিতর্কে দেখা যেত, সেটা পূর্ণ রাজনৈতিক চেহারা নেবে বলে অনুমান করা যায়। হয়তো তাতে সমাজে বাড়তি উত্তাপ ও উত্তেজনাও ছড়াবে। নিশ্চিতভাবে এটা ২০২৪ সালে ক্ষমতাচ্যুত শক্তির জন্য একটা 'বিজয়' হবে।

তাদের 'প্রতিপক্ষ'গুলো আর একসঙ্গে নেই এবং বহুদিনের জন্যই সেসব 'প্রতিপক্ষে'র মধ্যে বৈরিতার বীজ রোপিত হচ্ছে-এটা বিগত দিনের ক্ষমতাসীন রাজনৈতিক দল ও তাদের মিত্রদের জন্য উদ্‌যাপন করার মতো উপলক্ষ বটে। ১৩ থেকে ১৪ মাসের ভেতর তাদের এই প্রাপ্তি ঘটতে যাচ্ছে। তবে এটা নেতিবাচক এক প্রাপ্তি হবে। এটা তাদের জন্য আরাম বোধ করার মতো বিষয় হলেও এতে তাদের কোনো রাজনীতি দাঁড়াবে না। তার অতীতও মুছে যাবে না। সে তুলনায় 'আটটি দলের যুগপৎ আন্দোলন'-এর উদ্যোগে লাভ হবে জামায়াতে ইসলামীর। আরও সরাসরি বললে, সত্যি সত্যি এই যুগপৎ আন্দোলন শুরু হলে ২০২৫ সালের সেপ্টেম্বরে জামায়াতের সামগ্রিক এরপর ২৪ পৃষ্ঠায়

# শিক্ষার্থীরা ক্যাম্পাসে কেমন ছাত্ররাজনীতি দেখতে চান

তারিক মনজুর



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের ফল নিয়ে নানা রকম বিশ্লেষণ চলছে। সভাপতি, সাধারণ সম্পাদক ও সহসাধারণ সম্পাদকের পদ পেয়েছেন ইসলামী ছাত্রশিবিরের প্রার্থীরা। প্রধান তিনটি পদ ছাড়াও তাঁরা ১২টি সম্পাদক পদের ৯টি এবং সদস্যপদের ১৩টির মধ্যে ১১টিতে জয় পেয়েছেন। যেসব শিক্ষার্থী তাঁদের ভোট দিয়েছেন, তাঁরাই ভোট দেওয়ার কারণ ভালো বলতে পারবেন। কিন্তু ক্যাম্পাসে শিক্ষার্থীরা কেমন ছাত্ররাজনীতি দেখতে চান, সেটি বিচ্ছিন্ন কোনো প্রশ্ন নয়। নির্বাচনের ফলকে বিবেচনায় নিয়েই এ প্রশ্নের জবাব খোঁজা দরকার।

বিগত আওয়ামী লীগ সরকারের আমলে প্রায় ১৫ বছর ধরে ছাত্ররাজনীতির ধরন কী ছিল, শিক্ষার্থীরা এখনো ভুলতে পারেননি। নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা-কর্মীরা সাধারণ শিক্ষার্থীদের ওপর রীতিমতো নিপীড়ন চালিয়েছেন। আবাসিক হলগুলোয় নিজেদের নিয়ন্ত্রণ ও আধিপত্য বজায় রেখে তাঁরা ত্রাসের রাজত্ব কায়েম করেছিলেন। এই পরিপ্রেক্ষিতে লেজুড়বৃত্তির ছাত্ররাজনীতির বিপক্ষে অনেকেই কথা বলেছেন। এমনকি ছাত্রদের এই অপরাজনীতিকে প্রশ্রয় দেয় যে শিক্ষকরাজনীতি, তার বিপরীতেও কথা উঠেছে।

এবারের ডাকসু নির্বাচনে কিছু ত্রুটিবিচ্যুতি ছিল, সেটি অস্বীকার করা যাবে না। সেই ত্রুটিবিচ্যুতি ব্যবস্থাপনার: ভোট গ্রহণ বা ভোট গণনার নয়। তা ছাড়া প্রায় ক্ষেত্রেই ভোটের ব্যবধান এত বেশি যে তা নিয়ে আর প্রশ্ন তোলার কিছু নেই। এখন সময় এসেছে নিজেদের মূল্যায়নের।

চব্বিশের জুলাই গণ-অভ্যুত্থানের পর ক্যাম্পাসগুলোয় কিছু পরিবর্তন এসেছে। কিন্তু সেই পরিবর্তন সাধারণ শিক্ষার্থীদের আশ্বস্ত হওয়ার মতো যথেষ্ট নয়। কারণ, তাঁরা দেখেছেন ক্যাম্পাসের ছাত্রনেতারা এখনো গলার জোরে কথা বলেন আর গায়ের জোরে কাজ করেন। শিক্ষার্থীদের অধিকারের কথা বলে শিক্ষকদের সঙ্গে রূঢ় ও অসৌজন্যমূলক আচরণ করেন। এ সময়ে ছাত্রনেতাদের কারও কারও বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ উঠেছে। ডাকসু নির্বাচনের তফসিল ঘোষণার পরও বিভিন্ন পক্ষ ও প্রার্থী অনলাইন-অফলাইনে পরস্পরকে আক্রমণ করে কথা বলে গেছেন। শিক্ষা ও শিক্ষাসহায়ক কার্যক্রম কেমন হবে, সেগুলো তাঁদের কাছে প্রধান হয়নি। এদিক থেকে ছাত্রশিবির বেশ কৌশলেই কাজ করে গেছে। এক বছর ধরে শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি দেওয়া, মেডিকেল ক্যাম্প পরিচালনা, পানির ফিল্টার বসানো থেকে শুরু করে নানা সেবামূলক কাজ নিয়ে শিক্ষার্থীদের সামনে হাজির হয়েছে। নির্বাচনে এই সংগঠন অংশ নিয়েছে 'ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোট' নামে। সেখানে বিভিন্ন মত ও পথের শিক্ষার্থীদের যুক্ত করেছে। অন্য ছাত্রসংগঠনগুলো এর বিপরীতে এমন কোনো কাজ দেখাতে পারেনি, যা সংখ্যাগরিষ্ঠ শিক্ষার্থীর ভোট পাওয়ার জন্য যথেষ্ট হতে পারে। শিবিরপন্থী প্রার্থীরা তাঁদের জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী ছিলেন। অন্য জোট বা প্রার্থীদেরও জানা ছিল, ছাত্রশিবির ভালো করবে। সে জন্য নির্বাচনের আগে প্রতিটি পক্ষের অবস্থান ছিল শিবিরের বিপরীতে। এ কারণে পরাজিত পক্ষগুলোর ভোট ভাগ হয়ে গেছে। এবারের ডাকসু নির্বাচনের ফল যেমনই হোক, মানতে হবে, শিক্ষার্থীদের বিপুল অংশগ্রহণ ছিল। নির্বাচনে প্রায় ৭৫ শতাংশ ভোট পড়েছে। অর্থাৎ প্রতি চারজন ভোটারের তিনজনই ভোট দিতে এসেছেন। অভিজ্ঞরা বলছেন, এত বেশি ভোটারের উপস্থিতি অতীতে কখনো ছিল না। বোঝা যাচ্ছে, দীর্ঘদিন কোনো ধরনের ভোট দিতে না পারা এই প্রজন্ম তাই নির্বাচনের জন্য উদগ্রীব ছিলেন। ভোট দিয়ে তাঁরা এমন এক ক্যাম্পাসের আশা করেছেন, যেটি তাঁদের আগামী দিনগুলোর জন্য নিরাপদ রাখবে।

ডাকসু নির্বাচন কোনো প্যানেল বা পক্ষ ধরে করা হয় না। কিন্তু বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদ (বাগছাস), বামপন্থী সাতটি ছাত্রসংগঠনের 'প্রতিরোধ পর্ষদ' কিংবা 'স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্য' দলীয়ভাবে নির্বাচনের প্রচারণা চালিয়েছে। এসব দলে বা পক্ষে এমন অনেক প্রার্থী ছিলেন, যাঁরা সাধারণ শিক্ষার্থীদের কাছে খুব পরিচিত নন। বিপরীতে ছাত্রশিবির ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রকাশ্যে আসার পর তাঁদের নিয়ে গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচুর আলোচনা হয়েছে। এটি তাঁদের বাড়তি সুবিধা দিয়েছে। যেসব প্রার্থী স্বতন্ত্র বা নির্দলীয়ভাবে অংশ নিয়েও বেশি ভোট পেয়েছেন, দেখা গেছে, তাঁদের ক্ষেত্রেও ব্যক্তিগত পরিচিতি তাঁদের এগিয়ে নিয়েছে। নির্বাচনের এই ফল মেনে নিতে না পারা ছাত্রনেতাদের বুঝতে হবে, বর্তমান শিক্ষার্থীরা ক্যাম্পাসের ছাত্ররাজনীতির প্রচলিত ধরনকে আর দেখতে চান না। এই রায় যতটুকু না শিবিরের পক্ষে, তার চেয়ে বেশি আক্রমণাত্মক আচরণ ও বক্তব্যের বিপক্ষে। কোনো পক্ষ বা ছাত্রসংগঠন যদি মনে করে নিষিদ্ধ ছাত্রলীগের অনুপস্থিতিতে আগামী দিনগুলোয় তারাই ক্যাম্পাস নিয়ন্ত্রণ করবে, তবে সেটি ভুল হবে। বরং গঠনমূলক ও ইতিবাচক ছাত্ররাজনীতি দিয়েই সাধারণ শিক্ষার্থীদের ভোট টানতে হবে। শক্তি প্রয়োগ করে আধিপত্য কায়েম করা যেতে পারে, নিজেদের স্বার্থও হাসিল হতে পারে, কিন্তু এভাবে শিক্ষার্থীদের সমর্থন পাওয়া যাবে না।

তারিক মনজুর: ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক।



যেসব প্রার্থী স্বতন্ত্র বা নির্দলীয়ভাবে অংশ নিয়েও বেশি ভোট পেয়েছেন, দেখা গেছে, তাঁদের ক্ষেত্রেও ব্যক্তিগত পরিচিতি তাঁদের এগিয়ে নিয়েছে। নির্বাচনের এই ফল মেনে নিতে না পারা ছাত্রনেতাদের বুঝতে হবে, বর্তমান শিক্ষার্থীরা ক্যাম্পাসের ছাত্ররাজনীতির প্রচলিত ধরনকে আর দেখতে চান না। এই রায় যতটুকু না শিবিরের পক্ষে, তার চেয়ে বেশি আক্রমণাত্মক আচরণ ও বক্তব্যের বিপক্ষে। কোনো পক্ষ বা ছাত্রসংগঠন যদি মনে করে নিষিদ্ধ ছাত্রলীগের অনুপস্থিতিতে আগামী দিনগুলোয় তারাই ক্যাম্পাস নিয়ন্ত্রণ করবে, তবে সেটি ভুল হবে। বরং গঠনমূলক ও ইতিবাচক ছাত্ররাজনীতি দিয়েই সাধারণ শিক্ষার্থীদের ভোট টানতে হবে। শক্তি প্রয়োগ করে আধিপত্য কায়েম করা যেতে পারে, নিজেদের স্বার্থও হাসিল হতে পারে, কিন্তু এভাবে শিক্ষার্থীদের সমর্থন পাওয়া যাবে না

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

# স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · QATAR AIRWAYS · Emirates · KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।**



| আবু তাহের খান | কাঞ্চন | জামান রঞ্জু | কে.এম. শহিদ | মাহির | জাহাঙ্গীর | নিলয় |
|---|---|---|---|---|---|---|
| ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট |

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

# Phone: 917-396-4140, 917-592-7828

# জনতার আদালতের বিচার অত্যন্ত কঠিন

ড. মাহবুব উল্লাহ্



বাংলাদেশ একটি দরিদ্র দেশ। গত কয়েক বছরে হাঁকডাক করে বলা হচ্ছিল দেশটি স্বল্পোন্নত দেশের তালিকা থেকে নিম্নমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার অবস্থায় পৌঁছেছে। আরও বলা হয়েছে উত্তরণটি ঘটবে আগামী বছর ২০২৬ সালে। কিন্তু এখন বিতর্ক হচ্ছে-২০২৬ সালেই এ উত্তরণ মেনে নেওয়া ঠিক হবে কিনা। কারণ স্বল্পোন্নত দেশ থেকে নিম্নমধ্যম আয়ের দেশে আনুষ্ঠানিকভাবে রূপান্তরিত হলে দেশটি আন্তর্জাতিক লেনদেন ও ব্যবসা-বাণিজ্যে যেসব ছাড় উপভোগ করছে, সেগুলো থেকে বঞ্চিত হবে। ইতোমধ্যে ব্যবসায়ী মহলের পক্ষ থেকে এ উত্তরণের রোডম্যাপ পিছিয়ে দেওয়ার দাবি উঠেছে। অন্তর্বর্তী সরকার এ ব্যাপারে দোদুল্যমানতায় থাকার পর সিদ্ধান্ত নিয়েছে, আগামী বছরেই উত্তরণটি ঘটবে। বাংলাদেশের মতো একটি দেশ নিম্নমধ্যম আয়ের দেশে রূপান্তরিত হওয়ার যোগ্যতা অর্জন করেছে কিনা, তা নিরূপিত হয় বিভিন্ন পরিসংখ্যান ও সূচকের দ্বারা। দেশের মানুষ রাষ্ট্রীয় পরিসংখ্যান, বিশেষ করে শেখ হাসিনার আমলের পরিসংখ্যানের ওপর আদৌ বিশ্বাস রাখে না। এ সময় অর্থনীতি, উন্নয়ন ও প্রবৃদ্ধি সম্পর্কে যেসব পরিসংখ্যান প্রকাশ করা হয়েছে, সেগুলোর বেশির ভাগই বানোয়াট এবং বিভ্রান্তিকর। সত্যিকার পরিসংখ্যানকে দুমড়ে-মুচড়ে নিজেদের ইচ্ছামাফিক প্রচারণার স্বার্থে কাজে লাগানোর জন্য হেন অপচেষ্টা নেই, যা আওয়ামী লীগ সরকার করেনি। এ ব্যাপারে আওয়ামী লীগ সরকারের দুজন মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এবং মহীউদ্দীন খান আলমগীর অত্যন্ত নোংরা ভূমিকা পালন করেছেন। এ কারণে বিবিএসের মতো প্রতিষ্ঠানের ডেটা চরমভাবে প্রশ্নবিদ্ধ হয়েছে। বাস্তব অবস্থা ছিল সরকার প্রদত্ত পরিসংখ্যানের বিপরীত। বর্তমান অন্তর্বর্তী সরকারের আমলে বিবিএস দারিদ্র্যের ওপর একটি পরিসংখ্যান প্রকাশ করেছে। এতে দেখা যায়, বাংলাদেশের ২৭.৯৩ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে বাস করে। ৯.৩৫ শতাংশ মানুষ চরম দারিদ্র্যসীমার নিচে রয়েছে। এ পরিসংখ্যান প্রকাশ করেছে পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)। বিশ্বব্যাংকও প্রক্ষেপণ থেকে জানিয়েছে, চরম দারিদ্র্যসীমার নিচে রয়েছে ১৫.৮ মিলিয়ন জনগোষ্ঠী এবং অতিরিক্ত ৩ মিলিয়ন মানুষ এ শ্রেণিতে অন্তর্ভুক্ত হয়েছে অর্থনৈতিক কর্মকাণ্ডে ধীরগতি এবং দুর্বল শ্রমবাজার পরিস্থিতির কারণে। বহুমাত্রিক দারিদ্র্য শিশুদের ওপর আনুপাতিক হারের চেয়েও বেশি প্রভাব ফেলেছে। ২৮.৯ শতাংশ মানুষ বহুমাত্রিক দারিদ্র্যে রয়েছে ২০২৫-এ। শিশুরা প্রাপ্তবয়স্কদের তুলনায় অধিকতর দুরবস্থার মধ্যে রয়েছে।

শেখ হাসিনার আমলে দেশে উন্নয়নের জোয়ার বইছে বলে ব্যাপক প্রচারাভিযান চালানো হয়েছিল। ওই সরকার গণতন্ত্র নয় বরং উন্নয়নের ওপরই গুরুত্বারোপ করেছিল। তাদের ভাষায় এটা ছিল উন্নয়নের গণতন্ত্র। এতই যদি উন্নয়ন হয়ে থাকে, তাহলে সে সরকার বিদায় নেওয়ার এক বছরের মধ্যে দারিদ্র্যের এই হাল হলো কেন?

শেখ হাসিনার আমলে অনেক মেগা প্রকল্প ও আধামেগা প্রকল্প হাতে নেওয়া হয়েছিল। বেশির ভাগ ক্ষেত্রেই দেখা গেছে, যে পরিমাণ অর্থ বরাদ্দের কথা বলে প্রকল্প শুরু করা হয়েছিল, সে প্রকল্প শেষ হয়েছে দেড়গুণ বা দুইগুণ অর্থ ব্যয় দিয়ে। এর একটি বড় কারণ হলো, প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রতা। বাংলাদেশে সড়ক নির্মাণে আওয়ামী আমলে ভারত, ইউরোপ ও চীনের তুলনায় প্রতি কিলোমিটারে ব্যয় হয়েছে দেড় থেকে দুইগুণ অধিক অর্থ। কারণটি বোঝার জন্য রকেট বিজ্ঞানী হওয়ার দরকার নেই। স্ফীত প্রকল্প ব্যয় ও বর্ধিত প্রকল্প ব্যয়ের অর্থের একটি বড় অংশ লুটেপুটে খেয়েছে ক্ষমতাসীন রাজনৈতিক গোষ্ঠী এবং অন্য স্বার্থবাদীরা। শেখ হাসিনার আমলে একটি পরিপোষণের অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তোলা হয়েছিল। এ ব্যবস্থা থেকে উপকৃত হয়েছে শেখ হাসিনার গোষ্ঠী-জ্ঞাতি ও আত্মীয়স্বজন। এ ব্যবস্থাকে অনেকেই আখ্যা দিয়েছেন crony capitalism. শেখ হাসিনার আমলে অনেক প্রকল্প নেওয়া হয়েছিল, যেগুলো এখন শ্বেতহস্তিতে রূপান্তরিত হয়েছে। এগুলো থেকে কোনো ধরনের বেনিফিট তো আসছেই না, বরং এগুলোর অবকাঠামো কোনোরকমে টিকিয়ে রাখার জন্য সরকারকে কোটি কোটি টাকা গচ্চা দিতে হচ্ছে। অনেক প্রকল্পই হয়েছে অপরিকল্পিতভাবে কোনো ধরনের কস্ট-বেনিফিট এনালাইসিস না করে। প্রকল্পের যথার্থতা প্রমাণের জন্য যদি কোনো কস্ট-বেনিফিট এনালাইসিস করা হয়ে থাকে, তাও ছিল সম্পূর্ণ ভুয়া। বাংলাদেশের মতো একটি গরিব দেশ কোনোক্রমেই বিলাসিতা ও অপচয়কে প্রশ্রয় দিতে পারে না। অর্থনীতিবিদ পল এ. বারান বলেছিলেন, উন্নয়নশীল দেশে দুই ধরনের উদ্বৃত্ত থাকতে পারে, যা দিয়ে উন্নয়নের জন্য বিনিয়োগ করা সম্ভব। এর একটি হলো বাস্তব উদ্বৃত্ত বা Actual surplus, অন্যটি হলো সম্ভাব্য উদ্বৃত্ত বা Potential surplus. এসব দেশের ধনিক-বণিক ও ভূস্বামীরা বিলাসব্যসনে যে অর্থ ব্যয় করে এবং রাষ্ট্রীয়ভাবে ব্যয় করতে গিয়ে যত রকমের অপচয় হয়, সেগুলো যদি ঠেকানো যায় এবং উৎপাদনশীল কাজে ব্যয় করা যায়, তাহলে অর্থনীতির ক্ষেত্রে প্রবৃদ্ধির প্রক্রিয়া আরও জোরদার হবে। দেখা যাবে অপচয়কৃত অর্থ এরপর ২৪ পৃষ্ঠায়



জেলা-উপজেলায় কোটি কোটি টাকা ব্যয়ে নির্মিত এমন অনেক স্থাপনা ছড়িয়ে ছিটিয়ে পড়ে আছে। পতিত আওয়ামী লীগ সরকারের বিগত ১৬ বছরে অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে এসব ভবন। কখনো ব্যক্তিস্বার্থে আবার কখনো উন্নয়নের আড়ালে বিপুল অঙ্কের টাকা হাতিয়ে নিতে এসব প্রকল্প হাতে নেওয়া হয়। অতিরিক্ত ব্যয় দেখিয়ে পকেট ভারী হয়েছে কতিপয় আমলা-রাজনীতিক-ঠিকাদার সিন্ডিকেটের। এ যেন পতিত আওয়ামী সরকারের 'স্মার্ট দুর্নীতির' অন্যতম অনুষঙ্গ। উন্নয়নের নামে মনগড়া এসব প্রকল্প এখন গলার কাঁটা হয়েছে। আমরা ভবিষ্যতের কোনো নির্বাচিত সরকারের আমলে এমন দুর্নীতি ও সম্পদের অপচয়ের নোংরা প্রদর্শনী দেখতে চাই না। যদি তারা এমন কিছু করে, তাহলে তাদেরকেও হাসিনার পথ ধরে চরম অসম্মানজনকভাবে বিদায় নিতে হবে। জনতার আদালতের বিচার অত্যন্ত কঠিন

# নির্বাচনে ঋণখেলাপি ও প্রবাসীদের প্রার্থিতার নতুন ভাবনা

আবুল কাশেম উজ্জ্বল



কয়েক দশক ধরে ব্যবসায়ী ও প্রবাসী প্রার্থীর ভিড়ে ও তারে মাঠের রাজনীতিতে সক্রিয় প্রার্থীরা দলীয় মনোনয়ন বা সমর্থন পাচ্ছেন না কিংবা তাদের অনেক প্রতিকূলতার সম্মুখীন হতে হচ্ছে। দেশের মানুষ এখন অধীর আগ্রহে সংস্কার দেখতে আগ্রহী এবং নির্বাচন নিয়ে মানুষের আগ্রহ সর্বাধিক। মানুষ প্রত্যাশা করছে বিদ্যমান আইনি ও সম্পর্কিত বিধিগুলো এমনভাবে তৈরি করা হবে যেখানে সাধারণ মানুষ তাদের পছন্দের প্রার্থীদের ভোট দিতে পারবেন। এ লেখার প্রেক্ষাপট দুটি বিষয় নিয়ে- ঋণখেলাপি ও দ্বৈত নাগরিকত্বধারীদের নির্বাচনে প্রার্থী হওয়ার বিদ্যমান নিয়মের ফলে কীভাবে আমাদের রাজনীতি ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং তা থেকে বের হওয়ার সম্ভাব্য উপায় নিয়ে আলোকপাত করা।

আমাদের জাতীয় ও স্থানীয় নির্বাচনী আইনে প্রার্থী হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা নিয়ে বিধি আছে। নির্বাচনে ঋণখেলাপি ও বিদেশি নাগরিকত্ব গ্রহণকারীদের বিষয়েও পরিষ্কারভাবে করণীয় সম্পর্কে বলা আছে। দ্বৈত নাগরিকত্বের ক্ষেত্রে বিদেশি নাগরিকত্ব ত্যাগ করে কেউ জাতীয় নির্বাচনে প্রার্থী হতে পারেন। বিপরীতে ২০০৯ সালের স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইনে বলা আছে যে বাংলাদেশের নাগরিকত্ব হারালে বা পরিত্যাগ করলে তিনি আর সদস্য থাকতে পারবেন না। বক্তব্য খুবই পরিষ্কার, প্রার্থী হতে হলে বাংলাদেশের একক নাগরিকত্ব থাকতে হবে। কিন্তু এ ধারার কারণে আমাদের রাজনীতি ও সেবার ক্ষেত্রে সাধারণ মানুষকে অনেক অসুবিধার সম্মুখীন হতে হয়; যা বিবেচনায় নিয়ে ধারাগুলো সংস্কার করা প্রয়োজন।

খেলাপি ঋণ আমাদের আর্থিক খাতের একটি প্রধান সমস্যা। পত্রিকার সংবাদ থেকে জানা যায়, গত মার্চের শেষে ব্যাংক খাতে খেলাপি ঋণ বেড়ে দাঁড়িয়েছে চার লাখ ২০ হাজার ৩৩৪ কোটি টাকা, যা বিতরণ করা ঋণের ২৪ দশমিক ১৩ শতাংশ। অর্থাৎ ব্যাংক খাতের বিতরণ করা মোট ঋণের প্রায় চার ভাগের এক ভাগই ইতোমধ্যে খেলাপি হয়ে গেছে। বলা বাহুল্য, এসব ঋণখেলাপির বৃহৎ অংশই বড় ব্যবসায়ী যারা বছরের পর বছর তা করে যাচ্ছেন। আর তাদের মধ্যে অনেকেই নির্বাচনে অংশ নিয়ে থাকেন। তাই নির্বাচনের সময় আমাদের ব্যাংকগুলো তাদের খেলাপি ঋণের কিছুটা পাওয়ার আশায় বোয়াল মাছের মতো বিরাট হাঁ করে থাকে। ঋণখেলাপিরা নির্বাচনে প্রার্থী হতে পারেন না বলে প্রার্থীরা চতুরতার সঙ্গে খেলাপি ঋণ আবার সচল করেন। তাদের উদ্দেশ্য পরিষ্কার, কেবল প্রার্থিতা বহাল রাখতেই তারা সেটা করেন এবং নিশ্চয় নির্বাচন পরবর্তী সময়ে তারা আবার ভুলে যান এবং পরবর্তী নির্বাচনের আগে সেটা আবার সচল করেন। আর এভাবেই দেশে খেলাপি ঋণের পরিমাণ বেড়েই চলছে।

বিপরীতে প্রবাসী প্রার্থীরা নির্বাচন করার জন্য অন্য দেশের নাগরিকত্ব ত্যাগ করেন। আইনের দিক থেকে কোনো সমস্যা না থাকলেও এর অনেক নেতিবাচক প্রভাব আমাদের রাজনীতি ও সমাজসেবায় লক্ষণীয়; যা অস্বীকার করার সুযোগ নেই। এ জাতীয় প্রার্থীকে স্থানীয়রা 'বসন্তের কোকিল' বলে অভিহিত করেন; যাদের কারণে অনেক উদীয়মান ও সত্যিকার নেতা মনোনয়নবঞ্চিত হন। এ দৃশ্য নতুন নয়, বরং প্রতিটি নির্বাচনে এটি সাধারণ দৃশ্য। ফলে মানুষ তাদের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারছেন না। দেশের প্রতিটি স্থানীয় ও জাতীয় নির্বাচনে দলীয় মনোনয়ন বা দলের আনুকূল্য পাওয়ার জন্য প্রার্থীরা সম্ভাব্য সব রকম উপায় অবলম্বন করেন, এমনকি এর জন্য মোটা অঙ্কের অর্থের লেনদেন হয় বলে শোনা যায়। টাকার প্রভাবে মনোনয়ন প্রাপ্তি ও নির্বাচন করার যে কালো সংস্কৃতি চালু করেছেন, এর ফলে মাঠে সক্রিয় থাকা স্থানীয় নেতারা হতাশ হন। বছরের পর বছর তারা মানুষের সঙ্গে কাজ করেন কিন্তু ফল যায় অন্যের পকেটে।

প্রবাসী প্রার্থীদের প্রায় বেশির ভাগই ইউরোপ বা আমেরিকা প্রবাসী হয়ে থাকেন, যাদের পরিবার ওই দেশেই থাকেন। ফলে দেখা যায় বিদেশের নাগরিকত্ব ত্যাগ করলেও বিদেশের প্রতি তাদের টান থেকেই যায়। এমনকি তাদের অনেকের প্রবাসে ব্যবসা-বাণিজ্য থাকে, ফলে বছরের একটি উল্লেখযোগ্য সময় ব্যবসা ও পরিবারের জন্য তারা বিদেশে অবস্থান করেন। এমনও দেখা যায়, চেয়ারম্যান কয়েক মাসের জন্য বিদেশ থাকায় স্থানীয় বিচার বা সাধারণ মানুষের অতি প্রয়োজনীয় কাজের মারাত্মক অসুবিধা হয়। তাদের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্তরাও অনেক বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন না বা সাহস করেন না। এর ফলে জনসেবা থেকে শুরু করে উন্নয়নকাজের ব্যাপক অসুবিধা হয়, যা মোটেও প্রত্যাশিত নয়।

দীর্ঘদিন প্রবাসে থাকায় তাদের চিন্তা ও মানসিকতা ভিন্ন থাকে; যা আমাদের সামাজিক বাস্তবতার সঙ্গে ভারসাম্যপূর্ণ নয়। এর চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, যে ব্যক্তি মানসিকভাবে অন্য দেশের প্রতি আসক্ত, যার সবকিছু প্রবাসে, তার কাছ থেকে সেবা পাওয়া যেমন কঠিন, তেমনি দেশপ্রেমের বিষয়টিও থাকে প্রশ্নবিদ্ধ। তারা এরপর ২২ পৃষ্ঠায়



নির্বাচন কমিশন তাদের স্বাধীন, শক্তিশালী ও নিরপেক্ষ ভূমিকার মাধ্যমে নির্বাচনকে আইনিভাবে গ্রহণ করতে পারে। এর জন্য দরকার জনগণের প্রত্যাশার সঙ্গে সংগতিপূর্ণ নির্বাচনী আইন ও বিধি। বিশেষ করে নির্বাচনে প্রার্থিতার ক্ষেত্রে আইনের বিধিগুলো যদি উপযুক্ত না হয়, কেবল নিরপেক্ষতা দিয়ে মানুষের প্রত্যাশা পূরণ করা সম্ভব নয়। তাই নির্বাচনী আইনে প্রার্থিতার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ যাতে সাধারণ মানুষ তাদের প্রতিনিধি হিসেবে সঠিক মানুষকে নির্বাচিত করার সুযোগ পায়। অনেক বছর ধরে নির্বাচনে প্রার্থী হিসেবে মানুষ তাদের পছন্দের মানুষকে ভোট দেওয়ার সুযোগ পেয়েছে কম, বরং আইনিভাবে অভিযুক্ত বা সামাজিকভাবে অগ্রহণযোগ্য ব্যক্তিরা প্রার্থী হয়েছেন বেশি এবং মানুষ বাধ্য হয়ে কাউকে ভোট দিয়েছে। আশা করি বিষয়গুলো বিবেচনা করা হবে





# N R B অ্যাওয়ার্ড পেলেন তারার আলোর প্রেসিডেন্ট মিনা ইসলাম

যুক্তরাষ্টের বিশেষ করে নিউ ইয়র্ক এ এন আর বি অ্যাওয়ার্ড প্রবাসের একটি জনপ্রিয় পদক প্রাপ্তি হিসাবে পরিগণিত। এর প্রবর্তক ছিলেন "শো টাইম মিউজিক " এর কর্ণধার আলমগীর খান আলম। যদিও আলম বর্তমানে আমেরিকাতে নেই কিন্তু তারই ধারাবাহিকতায় এবং খাইরুল ইসলাম খোকন এর অধীনে অনুষ্ঠিত হলো ১৫ তম N R B অ্যাওয়ার্ড - ২০২৫।

গত ১৪ সেপ্টেম্বর রবিবার কুইন্স প্যালেস এর জমজমাট এই অনুষ্ঠানে পুরুস্কৃত হয়েছেন নিউ ইয়র্কের একমাত্র জনপ্রিয় মহিলা সংগঠন "তারার আলোর" প্রেসিডেন্ট এবং কমিউনিটি একটিভিস্ট মিনা ইসলাম।



দেশে- বিদেশে বহুমুখী প্রতিভা এবং সামাজিক কর্মকান্ডে জড়িত রয়েছেন তিনি। নিউ ইয়র্কে তারার আলো নামের একটি সংগঠন তৈরী করে নারীদেরকে সংগঠিত করে বিভিন্ন সামাজিক কর্মকান্ডে তাদের সম্পৃক্ত করছেন দীর্ঘদিন যাবৎ। এ ছাড়া বাংলাদেশে তার নিজস্ব এলাকা কিশোরগঞ্জের ভৈরবে রয়েছে তার অসম্ভব জনপ্রিয়তা।

মিনা ইসলাম প্রবাস থেকে তার নিজস্ব অর্থায়নে প্রতিষ্ঠা করেছেন মসজিদ, মাদ্রাসা সহ দুস্থ মহিলা ও অসহায়দের জন্য আর্থিক সাহায্য প্রদানসহ গঠন করেছেন কমিনিউটি সেন্টার। তাছাড়াও তিনি নিজ এলাকার গরিব ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তি প্রদানের ব্যবস্থা করেছেন।

এ সমস্ত কারণে নিজ এলাকা ভৈরবে সকলের কাছে খুবই প্রশংসিত ও একজন দানবীর হিসাবে পরিচিত।

১৫ তম NRB অ্যাওয়ার্ড প্রাপ্তিতে তিনি শো টাইম মিউজিক কর্তৃপক্ষকে বিশেষ করে খাইরুল ইসলাম খোকনকে ধন্যবাদ জানান এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন।

চিত্রে উক্ত অনুষ্ঠানের ধারণকৃত কিছু দৃশ্য







RE-ELECT
ERIC
FOR NEW YORK CITY MAYOR
Join Eric in his vision for a safer, stronger, and more equitable city for all New Yorkers. With decades of experience in government and a proven track record of results, Eric has the leadership skills needed to guide our city through its most pressing challenges and build a better future for all communities.
VOTE FOR
ERIC ADAMS
AND RE-ELECT HIM
Election date
November 4, 2025
Design & Print by: ihopeprint.com, 929-538-7903


পূনরায় নির্বাচিত করুন
এরিক এডামস -কে
নিউইয়র্ক সিটি মেয়র পদে
"একটি নিরাপদ, শক্তিশালী ও ন্যায়সঙ্গত শহরের স্বপ্নে এরিকের সঙ্গে যোগ দিন। সরকারের দীর্ঘ অভিজ্ঞতা ও প্রমাণিত সাফল্যের মাধ্যমে এরিকের রয়েছে সেই নেতৃত্বের দক্ষতা, যা আমাদের শহরকে সবচেয়ে কঠিন চ্যালেঞ্জগুলো থেকে এগিয়ে নিয়ে যাবে এবং সব সম্প্রদায়ের জন্য একটি উন্নত ভবিষ্যৎ গড়ে তুলবে।"
এরিক এডামস
কে ভোট দিন
এবং পূনরায় নির্বাচিত করুন
নির্বাচন তারিখ
নভেম্বর ৪, ২০২৫
Design & Print by: ihopeprint.com, 929-538-7903


Dimond Sponsor
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
GOLDEN AGE
HOME CARE
Gold Sponsor
Empire Care Agency
LHCSA Licensed Health Home Care
NURUL AZIM
CEO
Ph: 516-451-3748
Presents
সাউথ জ্যামাইকা
বাংলাদেশী মেলা ২৫
বিশাল এই মেলায় আপনারা আমন্ত্রিত
অনিক রাজ
চন্দন চৌধুরী
রানো নেওয়াজ
শাহ্ মাহমুদ
শিমুল খান
রেশমি মির্জা
লিপা জামান
শারমিনা সিরাজ
জহরা আলীম
২৮ সেপ্টেম্বর ২০২৫, রবিবার @ সকাল ১০ টা থেকে রাত ৯টা পর্যন্ত
আর্চি স্পিগনার পার্ক, ১১১ এভেনিউ & মেরিক বুলেভার্ড
সাউথ জ্যামাইকা , কুইন্স, নিউ ইয়র্ক-১১৪৩৩
কিভাবে যাবেন? : Q4, Q5, Q84, Q85, Q86, Q87, Q89
বাসে যাত্রা করে ১১১ এভেনিউ & মেরিক বুলেভার্ড আসবেন
Belal Ahmed
Convenor
স্টলের জন্য যোগাযোগ:
347-935-0263, 646-662-9353
Zahrul Amin Tapader
Member Secretary

Dimond Sponsor

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

GOLDEN AGE
HOME CARE

Gold Sponsor

Empire Care Agency
LHCSA Licensed Health Home Care
NURUL AZIM
CEO
Ph: 516-451-3748
Email: Empirehcare@gmail.com

Presents

# সাউথ জ্যামাইকা
# বাংলাদেশী মেলা ২৫

প্রধান অতিথি



**জনাব শাহ্ নেওয়াজ**
চেয়ারম্যান
ট্রাস্টি বোর্ড, বাংলাদেশ সোসাইটি
বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি এক্টিভিস্ট
প্রেসিডেন্ট ও সিইও, গোল্ডেন এজ হোম কেয়ার
সম্পাদক ও প্রকাশক, সাপ্তাহিক আজকাল

বিশেষ অতিথি

**জনাব আতাউর রহমান সেলিম**
সভাপতি, বাংলাদেশ সোসাইটি

**জনাব ফখরুল ইসলাম দেলোয়ার**
সদস্য, ট্রাস্টি বোর্ড, বাংলাদেশ সোসাইটি
প্রতিষ্ঠাতা সভাপতি, জ্যামাইকা-বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি

**জনাব মোহাম্মদ আলী**
সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি

**জনাব নুরুল আজিম**
সিইও, এম্পায়ার কেয়ার এজেন্সি

**নাঈমা খান**
চেয়ারপার্সন, খানস টিউটোরিয়াল

**জনাব মোহাম্মদ খাইরুল**
প্রেসিডেন্ট ও সিইও, এসকে মার্কেটিং ইনক

## বিশাল এই মেলায় আপনারা আমন্ত্রিত

**Belal Ahmed**
Convenor

**Zahrul Amin Tapader**
Member Secretary

# Hochul Endorses Mamdani For NYC Mayor

Shah Nawaz

New York Gov. Kathy Hochul endorsed Assemblyman Zohran Mamdani for New York City mayor Sunday in an opinion piece in The New York Times, presenting herself and Mamdani as allies against President Donald Trump.

"New York needs leaders who will put aside differences, stand up and fight back against Mr. Trump," Hochul wrote, expressing particular concern with the president's tariff hikes, public assistance program changes, federal funding cuts and threats to take over the city.

Hochul also noted that, "Anyone who accepts his tainted influence or benefits from it is compromised from the start."

"Mr. Mamdani and I don't see eye to eye on everything, and I don't expect us to," Hochul wrote. "But I also believe that New York State and New York City are at our best when we stand together against those who attempt to tear us apart."

The governor also repeatedly referenced the need to make New York City more affordable.

Mamdani thanked Hochul on social media. "I'm grateful for the Governor's support in unifying our party, her resolve in standing up to Trump, and her focus on making New York affordable," he said in a post on X. "I look forward to the great work we will accomplish together."

The stunning success of Mamdani, a 33-year-old self-described democratic socialist, in the race for New York City mayor has exposed divisions within the Democratic Party as it struggles to repair its brand more than half a year into Trump's presidency.

Hochul's endorsement is the latest sign that Democratic leaders who had been skeptical of Mamdani's liberal views are beginning to consolidate around him.





Mamdani, who is leading in the polls, has not been endorsed by some prominent Democrats, including Chuck Schumer and Hakeem Jeffries, the minority leaders in the U.S. Senate and House.

In recent weeks, the other candidates in the mayoral race — former Gov. Andrew Cuomo, incumbent Mayor Eric Adams and Republican Curtis Sliwa — have intensified their criticism of Mamdani over his platform and past statements ahead of the city's general election in November.

Mamdani soundly defeated Cuomo in the Democratic primary. Cuomo has since relaunched his campaign as an independent. Adams, a Democrat, skipped the primary to run as an independent in November. Sliwa ran unopposed in the Republican primary.




## UK defence academy to ban Israelis over Gaza war: UK media

Ajkal Desk

Israelis will be barred from enrolling at a prestigious government-run defence studies institute in London over the war in Gaza, UK media reported Monday.

The Royal College of Defence Studies, which is overseen by the defence ministry, will bar Israeli students from next year, according to The Times and Telegraph newspapers.

The post-graduate college part of the Defence Academy of the United Kingdom offers training for "strategic thinkers and leaders within the armed forces and civil service", according to its website, with international students allowed to study specific courses.

A UK Ministry of Defence official in June confirmed to parliament that the college was providing "non-combat academic courses" to "fewer than five" members of the Israeli military.

The ministry did not immediately reply to an AFP request for comment.

But Amir Baram, the director general of Israel's defence ministry who studied at the college, slammed the decision as a "discriminatory act" and "disloyalty to an ally at war".

"Frankly, Israel's exclusion is nothing less than an act of self-sabotage of British security," Baram, also a senior Israeli army military official, reportedly wrote in a letter to the UK defence ministry.

Britain has suspended some arms export licences to Israel for weapons used in Gaza, but some UK-made parts, such as components for Israeli F-35 warplanes, were exempt.

Last week, Israeli officials were banned from attending a major arms fair in London as Prime Minister Keir Starmer tries to put some distance between his government and Israel's war against Hamas.

However, 51 Israeli weapons companies still attended the show, including major arms manufacturer Elbit, prompting a pro-Palestinian protest outside the exhibition.

London has slammed Israel's latest push to escalate its nearly two-year-long military offensive in Gaza as "wrong".



## Federal cuts will be 'catastrophic for low-income families in NYC

Ajkal Desk

New York must tax the rich to offset coming federal cuts, according to New York City's largest homeless shelter provider. In a new report on the rising risk of family homelessness, the shelter nonprofit Win said raising taxes on the top 1% of earners is "morally and fiscally imperative" to insulate the state from federal safety net cuts that could push more people into homelessness. The nonprofit shared their report, which also recommends several budgetary actions, exclusively with City & State ahead of a rally and New York City Council oversight hearing Monday. Former City Council Speaker and Win CEO Christine Quinn is expected to testify.

The report analyzes the impacts of the "One Big Beautiful Bill Act," signed into law on July 4 by President Donald Trump. The unpopular bill pairs cuts and new eligibility requirements for social programs with extended tax relief for the wealthy and increased border security spending. It's projected to add $3.4 trillion to the national deficit in the next decade, The Wall Street Journal reported. The legislation jeopardizes $15.4 billion in funding for Medicaid and the Supplemental Nutrition Assistance Program in New York, according to Win. Up to 1.5 million people in the state could lose their health coverage, the group warned, and more than 281,000 could "immediately" lose their food assistance benefits.

The financial stress caused by SNAP and Medicaid cuts could put more families at risk of losing their homes, but Win is also sounding the alarm about Trump's proposed fiscal year 2026 budget. The president's proposal for the fiscal year starting Oct. 1 includes major cuts to the Department of Housing and Urban Development, federal rental assistance programs and public housing. The shelter provider estimates that New York would lose $4.5 billion in funding for federal housing programs that support 1 million New Yorkers under the plan.

"The combination of the (One Big Beautiful Bill Act) reconciliation law and the President's FY26 budget proposal would be catastrophic for low-income families navigating high costs and housing insecurity," the report reads. "Federal cuts to the social safety net will sharply increase homelessness in New York and across the country."

Many state lawmakers support the idea of raising taxes on the rich, but Gov. Kathy Hochul has remained opposed.

In addition to raising state taxes on the wealthy, the shelter provider is recommending that the state and the city increase funding for multiple programs to fill the gap. The newly formed state-level Housing Access Voucher Program should be up and running by the March deadline, for example, and it should be infused with $250 million in fiscal year 2027, the group urges. At the city level, the group is calling for an increase in funding to the CityFHEPS rental assistance program of $263 million.

The Trump administration has touted its new policy of not taxing tips or overtime as an affordability measure included in the One Big Beautiful Bill Act, along with a new deduction for seniors.

# Canadian tourists aren't crossing the border to visit NY amid Trump tensions

Ajkal Desk



During the War of 1812, American forces at Fort Niagara led a raid across the Niagara River and razed the Canadian town of Niagara-on-the-Lake, leaving townspeople to fend for themselves on a cold December night. British forces based in Canada later retaliated, turning Buffalo to cinders. Relations between the U.S. and Canada haven't reached that level of hostility yet, but even if the two nations aren't lobbing bombs over the border at each other (though it has been proposed), a tariff kerfuffle has New York feeling the effects of a less friendly relationship with the state's northern neighbors.Farmers and manufacturers were the first to feel the effects of the trade war, with the cost of raw materials for agriculture and production rising significantly due to new import tariffs. For Canadian tourists, the tariffs have worsened an exchange rate between Canada and the U.S. that was already more favorable to Americans. Now $1 is equal to $1.38 Canadian. Even with attractions like Lake Placid and New York City, many Canadians are calculating that a summer vacation would make more sense in British Columbia or New Brunswick, for example, rather than in New York.

Beyond the economic factors, many Canadians feel that the U.S. does not view Canada as an equal. A Pew Research Center survey in July found that just 34% of Canadians have a favorable opinion of the U.S., a historic low, and 59% view the U.S. as the country's largest threat. President Donald Trump referring to the country as "the 51st state" naturally didn't sit well, but the misgivings may stem less from wounded pride than from the economic harm the U.S. is capable of inflicting, with 77% of respondents viewing the U.S. as a threat to Canada's economy.

"I talk about the impact directly on Western New York because I know it's real. I took my grandbaby – first visit to Buffalo ever, she's 3 years old last weekend. Canal side – I've always looked at that and said, 'I want to have grandkids someday because they'll like this so much.' And finally the grandkids are here," Gov. Kathy Hochul said earlier this month. "I said to the leadership at Explore & More – an extraordinary children's museum – I said, 'What's it been like for you?' He says, 'We're devastated. We used to get 1,400 Canadians visiting every month, now it's 40.'"

Border crossings from Canada to the U.S. have also fallen since the trade war began. In July, there were just 1.7 million border crossings, down 22% from a year ago. Western New York has felt the impact more than other regions, as Canadian tourists are responsible for 35% to 40% of its tourism revenue. New York City is also expecting a 10% dip in Canadian visitors.In June, U.S. Senate Minority Leader Chuck Schumer decried the effects that Trump's trade war has had on New York's tourism industry. "Upstate NY's Main Streets are paying the price for Trump's tariffs with higher costs and fewer tourists. New York wants to welcome our Canadian friends with open arms, but Trump has crushed NY's summer tourism industry by driving them away with his reckless trade war with Canada," Schumer said in a statement. "Since Trump took office, we have seen over 2 million fewer travelers cross over the Upstate NY-Canada border, and nearly 500,000 fewer in July, which is usually the height of tourism season." The economic harm comes at a time when the state's tourism industry is otherwise nearing a return to pre-pandemic levels. Mark Dorr, president of the New York State Hospitality & Tourism Association, said that July is the biggest month for tourism, and New York's hotel occupancy was flat compared to last July, while the average daily rate was up 4%. The state is doing slightly better than the country as a whole, which saw hotel occupancy drop by 1% and the average daily rate remain flat. Specific regions like the North Country and Western New York are feeling a very targeted pain due to their proximity to the Canadian border, and Dorr suggested that the state's growth in tourism is largely coming from domestic tourists, now that more Canadians are staying away. "In marketing to those Canadian visitors, because of the feelings between the two, they've really scaled back their marketing efforts there because they get some negative feedback, like, 'Hey, we're not coming no matter what. So stop marketing here,'" Dorr told City & State. "So they've kind of changed their marketing strategy, and made it more domestic to try to draw from within the state or the Northeast to fill that gap."

Pitching New York to other states as a travel destination isn't the heaviest lift (Morgan Wallen be damned). Between the multitude of attractions in New York City, from Broadway to the Yankees, and the natural beauty on display at Niagara Falls and in the Catskills, there are many places for the state to promote. Even if current projections appear mixed, New York is still coming off a record year for tourism. Dorr said that he expects the industry to rebound back to pre-pandemic levels as soon as next year.






# Vicky Zahed brings flash fiction 'Ondho Balok' to Chorki

Ajkal Desk

Vicky Zahed returns with a new mystery as his flash fiction "Ondho Balok" readies for release on Chorki at 12:01 am on September 18. Written by Nazim Ud Daula, the story blends love, fate, and the tension between belief and doubt, promising a fresh take on the director's signature suspense.

Filmed across various Dhaka locations, "Ondho Balok" stars Tawsif Mahbub as Orko and Sadia Ayman as Dina—two lovers whose relationship begins to fracture when an enigmatic blind boy enters their lives. Sadia plays a daughter torn between deep affection for Orko and loyalty to her father, portrayed by veteran actor Tariq Anam Khan, with Shilpi Sarkar Apu in a pivotal role. Director Zahed describes the narrative as both romantic and unsettling, noting that his own career began with short films and that he remains drawn to Chorki's flash fiction format. "I believe viewers will discover a different flavour in this story," he said. Sadia Ayman, who worked with Zahed for the first time on this project, shared that she has yet to see the finished film but praised the experience: "The character of Dina is full of love and complexity. I think audiences will connect with her journey."

The screenplay and dialogue for "Ondho Balok" were co-written by Nazim Ud Daula and Vicky Zahed, with cinematography by Bidrohi Dipon.

Jointly produced by OTT platform Chorki and Alpha-I, this marks Chorki's second flash fiction title.



# 'Adolescence' star Owen Cooper sets record as youngest Emmy winner for Supporting Actor

Anik Raj

British actor Owen Cooper made history at the 77th Primetime Emmy Awards, becoming the youngest male acting winner after earning the trophy for Outstanding Supporting Actor in a Limited Series for his role in the Netflix miniseries "Adolescence".

Cooper, 15, won for portraying Jamie Miller in "Adolescence", a performance that marked his breakout in television. His fellow nominees included Javier Bardem for Netflix's "Monsters: The Lyle and Erik Menendez Story", Rob Delaney for FX's "Dying for Sex", Peter Sarsgaard and Bill Camp for Apple TV+'s "Presumed Innocent", and Ashley Walters, also of "Adolescence".

"Standing up here is just so surreal. Honestly, when I started these drama classes a couple of years back, I didn't expect to even be in the United States, let alone here," Cooper said in his acceptance speech. "But I think tonight proves that if you listen and you focus and you step out of your comfort zone, you can achieve anything in life. I was nothing about three years ago. I'm here now."

The young actor's career is already gaining momentum. He is set to play Callum in the upcoming BBC drama "Film Club" and has been cast as Young Heathcliff in Emerald Fennell's forthcoming adaptation of "Wuthering Heights", starring Jacob Elordi and Margot Robbie.

# এই সপ্তাহের কবিতা



## ড্রোন ক্যামেরা
### কাজী জহিরুল ইসলাম

সপ্রতিভ ড্রোন ক্যামেরার লেন্সগুলো এতোদূর যায়?
একে একে ভেসে ওঠে নানীর স্ফুটিত চুলো, কনকতারা ধানের ঘ্রাণ,
হৈমন্তী হাওয়া, কী দারুণ উড়ছে ভাতের ধোঁয়া...

উঠোনের জোড়া তিলাহুপি মিলনের সুখে ফোলায় পেখম,
হিপ হাতে অন্নদা'র কুঁজো দেহ উকুনের মত হাঁটে সিঁথির গোপাটে।
পুরো এক গোমতি নদীর দুলে ওঠা সুদীর্ঘ শরীর তুলে আনে,
জুম করে করে সে হাঁটে দুলতে থাকা হলুদমাখা বিস্তীর্ণ
সরিষার চরে,

অন্যদিকে ঘুরে স্বয়ংক্রিয় প্রক্রিয়ায় তুলে আনে
শবাধারে শায়িত আমারই নিরুত্তাপ দেহ,
সর্বশেষ কবিতার একটি পঙক্তি উচ্চারিত ঠোঁটে
লেগে আছে বিজয়ের হাসি,
কোথাও তখনই বাজে, সহস্র বৃক্ষ ও বিহঙ্গের কণ্ঠে
গোধুলির রাঙা-সুরে বিকেলের শেষ বাঁশি।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## একখন্ড জ্বলন্ত অঙ্গার
### এবিএম সালেহ উদ্দীন

রাত যখন বাড়ে
কানে ভাসে বিষম আর্তনাদ
ধূলিময় পোশাকে বিগত দিনের রক্তদাগে
চতুর্দিকে লাশ আর লাশ!
সিঁড়ি, লিফ্ট, সাদা টাইলসের সোধাগন্ধের বিষাদচিহ্নে,
-বেজে ওঠে হুইসেল,
আকাশ-পাতাল কাঁপে থরথর
উড়ন্ত মিসাইলের বিষাক্ত হাওয়ায়
মা ও শিশুর আর্তনাদ! -আমি তাকাতে পারি না
সব রক্ত ঝরে যায়, -কতটা রক্তের তাপ নিবে
হতভাগ্য ফিলিস্তিন?
সুজলা-সুফলা নিমগ্ন জমিনকে যারা করেছে অঙ্গার
পশ্চিমের নীল চিরে রক্তস্রোত বয়ে যাবে (!)
আর কতদিন(?), -কেউ জানে না।
স্মৃতির প্রাচীন দেয়াল ঘেঁষে খুঁজি
চৈতন্যের উজ্জ্বলতা
গাজা ও জেরুজালেমে স্বাধীনতার উঁকিঝুঁকি
কোনো স্মৃতি ছাড়াই
আমি, -হেঁটে যাই যুগ যুগ ধরে
শরৎকালের বেদনারাশির নির্বাক মেঘের কাছে
তবু, কিছু বৃষ্টি চাই, আমি আরও কিছু বৃষ্টি চাই...।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## চলে গেলে তুমি
### সীমু আফরোজা

তবুও দৃশ্যমান রয়ে গেলে মনের আয়নায় ,
বৃষ্টির জল ধুয়ে মুছে যায় তবু সে ঠায় দাঁড়ায়।

চোখ বুজে সে হয় আরও যত্নে নিগূঢ়,
স্মৃতির মেঘ অতিত টানে হতে সুদুর।

মনের খেয়ালে  ছুটে যায় হৃদয় ভেলা,
এক নিমেষে  ডুবে যায় তার বয়ে সারা বেলা।

স্মৃতির কেন সুধানো যায় না কোনো ঋন,
নিঃশব্দে বিনামূল্যে অজস্র উজাড়ে প্রতি দিন।

হাসি/আনন্দে কাঁদে মন ছুঁয়ে তার পাল,
বেদনা ও হয় মধুর স্মৃতি থাকে অম্লান।

তোমাকে চাইনি নিবিড় করে আমার পাঁজরে..
পেয়েছি শতবার অনুভবে হৃদয় ক্যানভাসে।

শুনি যেন তার সেই চরনের ধ্বনি,
আমারও তিয়াসি বাসনায়।

প্রিয় যেই জন আমার চেয়ে বেশি,
খুঁজি তারে শুধু আমি আপনায়।

সে ভুলেই তো থাকবে হাজারো কাজের মাঝে,
যদি মনে পরে হয়তো কোন সাঁঝে।

খনিকেই হারিয়ে যাবে ফেলা আশা অতিত,
সে নিরব রবে নিঃশ্বাসে প্রতি পলের সহিত।

বিন্দু বিন্দু সিন্ধু নদীর ধারা,
ভালোবাসা জাগ্রত ভুবন সারা।

লেখক: কবি. কুইন্স, নিউইয়র্ক।



## লিডার, আছি সদা পাশে
### ইশতিয়াক রুপু

জনতার রায় নিতে
চষে বেড়ান বাড়ি
হক্কা যদি লেগে যায়
কিসমতে গাড়ি।

কদরে আর আদরে
ভালই চাচা মামু
বসে গেলে চেয়ারে
সময় পেলে যামু।

মুল আসলে নজর বেশি
পাওয়ার হিসার টনটনে
কানাডায় জোড়া বাড়ি
তাগিদ আসে মনে মনে।

সময় কাটে খুঁজে খাত
চামচা নিয়ে কাটে রাত
পোস্টিং ও হোস্টিং থেকে
এক আওয়াজ,কেয়া বাত?

নেতার নজর ছিলো বলেই
চেয়ারখানা আজ দখলে!
ঠিকাদারি আর খবরদারি
লুটবো মিলে সকলে।

বড় নেতা আসলে পরে
পকেট মন দুটোই ভরে
নেতার হাত ধরে বলি
চেয়ার যেনো নাহি সরে।

থাকবো পাশে আজীবন
যেমন ছিলাম অতীতে
মধু মাসে সদাই পাবেন
নাহি পাবেন ক্ষতিতে।

লেখক: কবি. স্টারলিং, মিশিগান।



## বাবাকে বলা
### এন এস এম মঈনুল হাসান সজল

আমি না খুব বদলে গেছি।
প্রায়ই ভাবি-
আমি কি তুমি তে পৌছে যাচ্ছি।

আমার না ক'টা চুল পেকেছে।
মনটাও হয়েছে বেশ ভারী।
প্রাণ খুলে বলা হয় না পুষছে যা আপন নাড়ি।
আঙুলগুলো ভারী হয়েছে।
ভাবায় অনেক কিছু-
ভাবনাগুলো ছুটে চলে অস্তিত্বের পিছু পিছু।
আমার না দু'টো চোখ বেড়েছে-
দেখছি অনেক দূরের।
কাছেরটা বেশ ঘোলা হয়েছে
আষ্টেপিষ্টে নীড়ে।

এক কাপড়েই এখন মানায়।
এক জুতোতেই চলে।
আমি এখন ছুটতে পারি অনেক মানুষ ঠেলে।
ভাবনা শুধু একটা ভাবায়-
ওরটা ভাবি বেশী।
আমার না হয় চলেই যাবে-
ও কিসেতে সুখি।

বাবা, তুমি তো এমনই ছিলে.?
এমনটাই তো হয়.?
ভালবাসতে পারার সুখ খুঁজতে
বাবা হতে হয়।

বাবা-
আমি না বাবা বুনছি তোমার মত করে।
বুঝতে পারছো বুঝি।
আমি এখন বদলে গিয়ে তোমার কাছাকাছি।

বিদ্যুৎহীন রাতে তোমার তালপাখা দোলা-
গল্প বলে শিশু আমার করতে মনটা ভোলা।
কড়া নাড়তেই দৌড়ে আমার যে দরজা খোলা,
সে দরজার কলিং বেলে আমার সুখের মেলা।

ওর হাসিতেই মনটা ভরে।
ওর কষ্টেই কাঁদি।
বাবা, আজ আমি বুঝতে পারি।
আর তোমার কথা ভাবি।
আমি সত্যিই বদলে গিয়ে তোমার কাছাকাছি।
বাবারা তো এমনই হয়-
বুকে জড়ালেই খুশি।

তোমার অনুভব হয়নি ভাবা।
না হয় আমারটাও তুলে রাখি।
বাবা আমি চল্লিশেতে, ছুঁতে চাই বয়স আশি।
দূরে হলেও দেখতে চাই ওর সফলতার হাসি।
বাবা-
বাবারা তো এমনই হয়,
বলা হয় না ভালোবাসি।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## এটাই বাস্তব
### সুজন দাশ

কষ্ট দুঃখ থাকবে জীবনে
ভুলে যাও তুমি যদি সেটা পারো,
ওসব কষ্ট রাখো যদি মনে
যন্ত্রণা এসে ব্যথা দেবে গাঢ়!

ব্যথাকে হৃদয়ে যদি পালো তুমি
নেমে আসবেই শরীরের ক্ষয়,
ঘুণ হয়ে রোগ খাবে দেহ তুমি
ভুল তাতে নেই জেনো নিশ্চয়।

অতি আপনার কাউকে ভেবো না
ভাবলেই এসে চেপে ধরে জ্বালা,
যেটাই আসুক কষ্ট নেব না
এমন ভাবলে মুছে যায় কালা।

প্রথম যেদিন এসেছিলে ভবে
কেউ কী তোমার এসেছিল সাথে?
একাই তোমাকে চলে যেতে হবে
নাটকের শেষে যবনিকা পাতে!

তোমার কর্ম তোমার একার
সাহসটি রেখো সকলের আগে,
কে থাকলো পাশে নয় তা দেখার
ভাসো যুক্তিতে ভাসিওনা রাগে।

যত প্রেম প্রীতি মায়ার বাঁধন
স্থায়ী কিছু নয় এটা মনে রেখো,
মহৎ পথের ভুলো না সাধন
সত্যের পথে চিরকাল থেকো।

লেখক: কবি, আটলান্টিক সিটি, নিউজার্সি।



## সময়ে ভালোবাসা হারায়, মায়া থাকে
### মোহাম্মদ মহিবুর রহমান

ভালোবাসা-মায়া মানব জীবনের প্রাণ
এর অভাবে জীবন হয় শূন্য, নিস্তব্ধ ও ম্লান।
কখনো বাড়ে, কখনো কমে আবেগের সুর
পরিবার-সমাজের চাপে ভালোবাসা চলে যায় দূর।

সময়ের সাথে চাওয়া-পাওয়া বদলায় বারবার
নতুন আর পুরাতনের মাঝে মিলন হয় আবার।
কেউ আঁকে অতীত দিনের সুখের ছবি
আবার কেউ ভবিষ্যতের খোঁজে হারায় সবই।

প্রেম-ভালোবাসা ক্ষণস্থায়ী, মায়া চিরকাল
চোখের জলে ভাসে রাতের নিঃশব্দ কাল।
স্পর্শের মতো রয়ে যায় অদৃশ্য ছায়া
হারালেও হৃদয়ে থাকে সেই মায়া।

ভালোবাসা সময়ে ফুরায়, মায়া ফুরায় না
হৃদয়ের গভীরে থাকে, মুছে যায় না।
প্রেম ম্লান হলেও মায়া থাকে অম্লান
মানব হৃদয়ে বাজে মায়ার জয়গান।

লেখক: কবি, নিউইয়র্ক।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেল না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশদের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যখানে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব শলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানির বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাহ্কেরাহ্পুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# ঢাকসু নির্বাচন সুস্থ ধারার রাজনীতির ইঙ্গিত

৫ পৃষ্ঠার পর

নিন্দিত হলেও বিএনপির জাতীয় ছাত্রী কমিটির সদস্য জনাব নাসিরউদ্দিন আহমেদ নির্বাচিত প্রতিনিধিদের ইতোমধ্যে অভিনন্দন জানিয়েছেন যা প্রশংসিত হয়েছে। এ নির্বাচন থেকে রাজনৈতিক দল বা দেশবাসীর অনুধাবনের অনেক কিছু আছে। মোহাম্মদ আমলের রাজনৈতিক কলা কৌশল হলে পানি পাবেনা তা বুঝতে যাদের দেরী হবে তারাই পিছিয়ে পড়বে আর তাই ঢাকসু নির্বাচনের শিক্ষা রাজনৈতিক দল ও পুরা জাতির জন্য সতর্কতা। আশা করা যায় জাতীয় সংসদের নির্বাচনে এর ধারাবাহিকতা অব্যাহত থাকবে।

লেখক : কবি, প্রাবন্ধিক, গীতিকার, কলামিস্ট ও গবেষক। সেন্টএলবান্স, নিউইয়র্ক।

# গানের সুরে বেঁচে থাকবেন ফরিদা পারভীন

৭ পৃষ্ঠার পর

এটা বলতে পারেন যে, যখন একটি গান আরেকটি পরিশীলিত গলায় ধারণ করা হয়, তখন তার চেহারাটা একটু আলাদা হয় বৈকি।' ফরিদা পারভীনের পরিবেশিত লালনের গান বাংলাদেশের মানুষকে শুধু নয় আপ্লুত করেছে বহুদেশের মানুষকে। তাই তো ২০০১ সালে জাপানে 'ফরিদা পারভীন প্রমোট কমিটি' গঠিত হয়েছিল, এমনকি ফ্রান্সেও ফরিদা পারভীনকে বিশেষ আয়োজন করা হয়েছিল। লালন সাঁইয়ের গানই ফরিদা পারভীনের একমাত্র পরিচয় নয়। তার কণ্ঠে আবু জাফরের লেখা ও সুরে 'এই পদ্মা এই মেঘনা' দেশাত্মবোধক গানটি প্রথম থেকেই বাংলার আকাশে-বাতাসে, কখনো তাদের যুগলকণ্ঠে, কখনো ফরিদা পারভীনের একক কণ্ঠে ধ্বনিত হয়ে আসছে। লালন সংগীত নিয়ে ফরিদা পারভীন জাপান, সুইডেন, ডেনমার্ক, কানাডা, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, ইংল্যান্ডসহ আরও বহু দেশ ভ্রমণ করেছেন। কিন্তু লালন সাঁইয়ের গানই ফরিদা পারভীনের একমাত্র পরিচয় নয়। তার কণ্ঠে আবু জাফরের লেখা ও সুরে 'এই পদ্মা এই মেঘনা' দেশাত্মবোধক গানটি প্রথম থেকেই বাংলার আকাশে-বাতাসে, কখনো তাদের যুগলকণ্ঠে, কখনো ফরিদা পারভীনের একক কণ্ঠে ধ্বনিত হয়ে আসছে।

এছাড়াও তাদের যুগলসৃজন আধুনিক গান 'তোমরা ভুলেই গেছো মল্লিকাদির নাম' এবং 'নিন্দার কাঁটা যদি না বিঁধিল গায়ে' গান দুটির কথাইবা কে ভুলেছে কবে! ফরিদা পারভীন ও আবু জাফরের গাওয়া 'তুমি রাত আমি রাত জাগা পাখি'।

দাম্পত্য সঙ্গী হিসেবে আবু জাফরকে বিয়ে করলেও পরে তাদের মধ্যে বিচ্ছেদ হয়ে যায়। পরে ফরিদা পারভীন গাজী আবদুল হাকিমকে বিয়ে করেন।

ফরিদা পারভীনের সাথে লালন সংগীত একাকার হয়ে আছে। সংগীতই তার সব। তাই সংগীতের ভুবনে তিনি বেঁচে থাকবেন আজীবন। (ঢাকা পোস্ট থেকে নেয়া)

ড. সাইমন জাকারিয়া : নাট্যকার ও গবেষক।

# ঢাকসু নির্বাচন ও সংস্কার প্রয়াস; রাজনৈতিক চিন্তার নতুন দিগন্ত

৫ পৃষ্ঠার পর

জন্য কেবল বলপ্রয়োগ বা ভীতি প্রদর্শন যথেষ্ট নয়, বরং প্রয়োজন সমাজের সর্বশ্রেণীর মানুষের প্রতি সহমর্মিতা, সহানুভূতি ও আন্তরিকতার ভিত্তিতে অন্তর্ভুক্তিমূলক রাজনৈতিক প্রক্রিয়ায় মানুষের আস্থা অর্জন। মানুষ স্বভাবতই স্বাধীনচেতা ও আত্মমর্যাদায় আপোষহীন; তারা কারো দাসত্ব বা জোর-জবরদস্তিমূলক রাজনীতির শৃঙ্খলে আবদ্ধ হয়ে বাঁচতে চায় না। যারা এখনো মনে করেন, ভয় দেখিয়ে কিংবা ক্ষমতার প্রভাব খাটিয়ে জনগণকে নিয়ন্ত্রণ করা সম্ভব, সংস্কারবিরোধী সেই রাজনৈতিক নেতারা ঢাকসু নির্বাচনে শিক্ষার্থীদের রায়ের মধ্য দিয়ে কঠোর জবাব পেয়ে গেছেন।

রাজনৈতিক সমাজতত্ত্বের ম্যাক্স ওয়েবারের বিশ্লেষণ এই প্রসঙ্গে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। তাঁর মতে, 'সহিংসতার উপর নির্ভরশীল শাসন সাময়িক, কিন্তু বৈধতা অর্জনকারী শাসন দীর্ঘস্থায়ী'। ঢাকসু নির্বাচনের ফলাফল সেই তত্ত্বকেই নতুনভাবে স্মরণ করিয়ে দিল। এখানে শিক্ষার্থীরা তাদের ভোটের মাধ্যমে স্পষ্ট করে দিয়েছে যে, ক্ষমতার অপব্যবহার বা কৃত্রিম প্রভাব নয়, বরং নৈতিকতা ও আস্থার ভিত্তিতেই নেতৃত্ব গ্রহণযোগ্য হতে পারে। এ বিষয়টি শুধু বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সীমাবদ্ধ নয়; বরং পুরো জাতির জন্য এক গুরুত্বপূর্ণ শিক্ষণীয় মুহূর্ত। ইতিহাসে দেখা যায়, যে শাসন বলপ্রয়োগ ও দমননীতির উপর দাঁড়িয়েছিল, যেমন রোমান সাম্রাজ্যের শেষ অধ্যায় কিংবা সাম্প্রতিক শতাব্দীর নানা স্বৈরশাসন, তারা দীর্ঘস্থায়ী হয়নি। অপরদিকে, যে সব নেতৃত্ব জনগণের আস্থা, বৈধতা ও ন্যায়নীতির ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়েছিল, তাদের শাসন ইতিহাসে স্থায়ী হয়েছে। ঢাকসুর নির্বাচনে নতুন প্রজন্মের শিক্ষার্থীরা সেই বৈধতার রাজনীতি পুনঃপ্রতিষ্ঠার পথে অগ্রসর হওয়ার অঙ্গীকার ব্যক্ত করেছে।

আমাদের মনে রাখতে হবে যে, ঢাকসুর সাম্প্রতিক নির্বাচন আমাদের সামনে পরিবর্তিত পরিস্থিতিতে এক গুরুত্বপূর্ণ বাস্তবতা উন্মোচন করেছে। আর তা হলো বাংলাদেশের বর্তমান বাস্তবতায় সংস্কারবিমুখ, প্রথাগত ও একরৈখিক রাজনীতির দ্রুত অবসানের পথে। রাজনীতি আর কেবল আবেগনির্ভর স্লোগান ফাঁকা কিংবা প্রতীকী মুখরতার খেলা নয়; বরং এটি এখন পরিণত হয়েছে কৌশলগত যুক্তিমত্তা, দূরদর্শিতা, আত্মত্যাগ এবং মূল্যবোধের এক প্রতিযোগিতায়। ইতিহাসে বারবার দেখা গেছে, যে সমাজে রাজনীতি সময়ের পরিবর্তনকে অবহেলা করে কিংবা নতুন প্রজন্মের আকাঙ্ক্ষাকে অগ্রাহ্য করে, সেখানে পুরোনো রাজনীতি অবশেষে মুখ থুবড়ে পড়ে এবং ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হয়েছে। ফরাসি দার্শনিক রুশো যেমন বলেছিলেন, 'প্রতিটি প্রজন্মের নিজের জন্য নতুন সমাজচুক্তি করার অধিকার আছে'। আজকের তরুণরাও সেই অধিকারকে ব্যবহার করছে এবং ঢাকসু নির্বাচনে তাদের রায় সুস্পষ্ট করে দিয়েছে যে, প্রচলিত রাজনৈতিক বয়ান ও কর্মকাণ্ড আর কাজ করবে না।

যারা নতুন প্রজন্মের পথ প্রদর্শকদের তথ্য যুগের সক্রিয়দের চিন্তাভাবনা উপেক্ষা করে নিজেদের পুরোনো ধ্যানধারণাকে আঁকড়ে ধরে থাকবে, তারা নির্বাচনের বৈতরণী পাড়ি দিতে পারবে না। বরং তারা জনগণের সমর্থন হারিয়ে ক্রমেই অপাঙক্তেয় ও অপ্রাসঙ্গিক হয়ে পড়বে। সাম্প্রতিক নানা আলাপ আলোচনায় রাজনৈতিক বিশ্লেষকরা যথার্থই উল্লেখ করেছেন, ছাত্রশিবিরের রাজনীতি দীর্ঘদিন ধরেই ছিল মূলত যুক্তিভিত্তিক, কৌশলগত ও আদর্শ নির্ভর। ফলে এ শক্তির মোকাবিলা কেবল আবেগ বা ক্ষমতার দম্ভ দিয়ে সম্ভব নয়; বরং সমান শক্তিশালী যুক্তিভিত্তিক, কৌশলগত ও আদর্শিক রাজনীতি ছাড়া অন্য কোনো পথ খোলা নেই। এখানে মূল শিক্ষা হলো বাংলাদেশের ভবিষ্যৎ রাজনীতি যদি বাস্তবিক পরিবর্তনের দিকে এগোতে চায়, তবে তাকে অবশ্যই নতুন প্রজন্মের আকাঙ্ক্ষা ও স্বপ্নকে গুরুত্ব দিতে হবে। কারণ আজকের তরুণরাই হয়তো আগামীকালের রাষ্ট্র পরিচালনার দায়ভার। তাদের উপেক্ষা করা মানে গণতন্ত্রকে উপেক্ষা করা, আর গণতন্ত্রকে উপেক্ষা করা মানে রাজনৈতিক সংস্কারের ইতিহাসের অসমাপ্ত অধ্যায়কে ডেকে আনা।

রাজনৈতিক বিশ্লেষক মাত্রই অবগত আছেন যে, মানুষকে যখন তার স্বাভাবিক অধিকার থেকে বঞ্চিত করা হয়, তখন সে তার ন্যায্য অধিকার আদায়ের লড়াই চালিয়ে যেতে বিকল্প পথ খুঁজে নেয় এবং ধীরে ধীরে আরো দৃঢ় হয়ে ওঠে। সমাজবিজ্ঞানীরা বলেন, দমননীতি যত কঠোর হয়, প্রতিরোধও তত তীব্র, গভীর ও সংগঠিত রূপ লাভ করে। আমাদের লোককথায় প্রচলিত প্রবাদ হলো, 'বাড়ির দরজায় বার বার হাগলে খাওয়া গাছটি একদিন শক্ত হয়ে ওঠতে থাকে, তখন ঘূর্ণিঝড়ও তাকে উপড়ে ফেলতে পারে না'। এ কথাই যেন প্রতিফলিত হয়েছে বাংলাদেশের ছাত্ররাজনীতির ইতিহাসে। স্বাধীনতার পর থেকেই বাংলাদেশে ইসলামী ছাত্র শিবিরকে নানা সময় কঠোর দমননীতির মুখে পড়তে হয়েছে, রাজনৈতিক পরিসরে তাদের কোণঠাসা করে রাখা হয়েছে। কিন্তু বাস্তবতা হলো, তাদের কোনো শেকড়বদ্ধ আন্দোলনকে কেবল দমন করে কখনো নিশ্চিহ্ন করা যায় না; বরং সেটি ভেতরে ভেতরে শক্তি সঞ্চয় করে একসময় অপ্রতিরোধ্য হয়ে ওঠে।

যে ছাত্র সংগঠনটিকে যে শিক্ষাপ্রতিষ্ঠানের অঙ্গনে দাঁড়াতেই দেওয়া হয়নি, আজ সেখানে তারা নিরঙ্কুশ প্রতিনিধিত্ব লাভ করেছে। সেটা কিভাবে সম্ভব হলো এই বাস্তবতা প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক শক্তিগুলোর উপলব্ধি করা ও সেই অনুযায়ী ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করা জরুরি। দমনপীড়নের মাধ্যমে যে রাজনৈতিক সমস্যার সমাধান হবে না, সেটি ইতিহাস বহুবার প্রমাণ করেছে। লাতিন আমেরিকার সামরিক শাসন হোক, দক্ষিণ আফ্রিকার বর্ণবাদী শাসন হোক, কিংবা বাংলাদেশের সামরিক ও একদলীয় স্বৈরতন্ত্র হোক- সবক্ষেত্রেই দেখা গেছে, দমননীতি ব্যর্থ হয়েছে এবং শেষ পর্যন্ত শাসক শ্রেণীকে সংস্কার ও গণআকাঙ্ক্ষার কাছে নতিস্বীকার করতে হয়েছে। তাই যারা ভবিষ্যতে গণতান্ত্রিক রাজনৈতিক ধারায় ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখে, তাদের প্রয়োজন ইতিবাচক সংস্কার, মুক্ত আলোচনা এবং নতুন প্রজন্মের আকাঙ্ক্ষাকে সম্মান জানানো। যদি রাজনৈতিক শক্তিগুলো ঢাকসুর এই নির্বাচন থেকে শিক্ষা না নেয়, তবে তরুণ প্রজন্ম তাদের প্রত্যাখ্যান করবেই। কারণ ইতিহাস সাক্ষ্য দেয়, যে রাজনীতি সময়ের সাথে নিজেকে খাপ খাইয়ে নতুনভাবে উপস্থাপন করতে পারেনি, যে রাজনীতি তরুণদের স্বপ্ন ও আকাঙ্ক্ষাকে অগ্রাহ্য করেছে, তার অস্তিত্ব কখনো টেকেনি। বর্তমান সময়ও রাজনৈতিক চিন্তাভাবনা ও তার প্রয়োগ প্রক্রিয়ার ভবিষ্যৎ তার ব্যতিক্রম নয়।

বাংলাদেশের বিদ্যমান রাজনৈতিক দলগুলোর জন্য ঢাকসু নির্বাচনের বার্তাটা বড় শিক্ষা হলোনতুন প্রজন্ম কেবল সংখ্যায় নয়, বিদ্যা, বুদ্ধি ও আবেগের শক্তি নিয়েই জাতীয় অঙ্গনে এগিয়ে আসছে। তারা প্রযুক্তি-সচেতন, বিশ্বপরিসরের রাজনীতি সম্পর্কে অবহিত এবং বৈষম্যহীন সমাজ গঠনের স্পষ্ট ধারণা পোষণ করে। কিন্তু এই তরুণ শক্তির আবেগ ও উদ্যম যদি অভিজ্ঞ প্রবীণ প্রজন্মের জ্ঞান, প্রজ্ঞা ও অভিজ্ঞতার সঙ্গে সমন্বিত না হয়, তবে রাজনীতির আদর্শ ও প্রক্রিয়ায় পূর্ণতা আসবে না। অ্যারিস্টটল মতে, তরুণরা পরিবর্তনের শক্তি আর প্রবীণরা স্থায়িত্বের প্রতীক। এই দুইয়ের মেলবন্ধনেই টেকসই সমাজ ও রাষ্ট্র গড়ে ওঠে। গণঅভ্যুত্থান-পরবর্তী যে গণআকাঙ্ক্ষা এখন বাংলাদেশে জাগ্রত, তার প্রতিফলন ঘটাতে হলে প্রতিটি রাজনৈতিক দলের নীতিনির্ধারণ প্রক্রিয়ায় এই প্রজন্মগত সমন্বয়ের সুযোগ সৃষ্টি করা অত্যন্ত জরুরি। কেবল তরুণদের আবেগকে কাজে লাগানো বা প্রবীণদের অভিজ্ঞতার ওপর নির্ভর করাই যথেষ্ট নয়; বরং একটি ভারসাম্যপূর্ণ নীতি ও কাঠামোর প্রয়োজন, যেখানে প্রজন্মের শক্তিকে সমন্বিত করে নতুন দিগন্ত উন্মোচিত হবে।

ইতিহাসও এই সত্যকেই সমর্থন করে। ইউরোপের গণআন্দোলন থেকে শুরু করে ভারতের স্বাধীনতা সংগ্রাম কিংবা বাংলাদেশের মুক্তিযুদ্ধ- সব ক্ষেত্রেই দেখা গেছে, সফল রাজনৈতিক পরিবর্তন ঘটেছে তরুণদের আবেগ, শক্তি ও সাহসের সঙ্গে প্রবীণদের প্রজ্ঞা, কৌশল ও অভিজ্ঞতার সমন্বয়ে। ঢাকসুর নির্বাচনী ফলাফল তাই রাজনৈতিক দলগুলোকে আবারও মনে করিয়ে দিল যে, পরিবর্তন তখনই টেকসই হয়, যখন প্রজন্মের ফাঁক নয়, বরং প্রজন্মের সেতুবন্ধন সৃষ্টি করা যায়। তাই ঢাকসু নির্বাচনের ফলাফল স্পষ্টভাবে প্রমাণ করেছে, তরুণ প্রজন্ম আর পুরোনো ধাঁচেরধারাবাহিকতার ক্ষমতাকেন্দ্রিক, ব্যক্তিনির্ভর ও দমনমূলক রাজনীতি চায় না। তারা চায় তাদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠিত হোক, তারা চায় প্রগতিশীল চিন্তাভাবনা ও রাজনীতির অঙ্গনে সংস্কার, সহমর্মিতা, কৌশলগত বুদ্ধি এবং আদর্শভিত্তিক নেতৃত্বের বিকাশ। যারা এই বাস্তবতা অনুধাবন করতে ব্যর্থ হবে, তারা ধীরে ধীরে রাজনৈতিক অঙ্গন থেকে বিদায় নিতে বাধ্য হবে।

এ মুহূর্তে সময় এসেছে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর জন্য জেগে ওঠার, নিজেদের পুনর্গঠনের এবং তরুণ প্রজন্মের প্রত্যাশাকে সম্মান করার। রাষ্ট্রীয় কাঠামোর পুনর্গঠনে সংস্কারপ্রয়াসী হওয়া এখন আর বিকল্প নয়, এটি অনিবার্য। ইতিহাসের আলোকে বর্তমানকে বিশ্লেষণ করলে দেখা যায়, সময়ের ধারাবাহিকতায় পরিবর্তন একটি অবশ্যম্ভাবী প্রক্রিয়া। যেকোনো রাজনৈতিক শক্তি যদি এই পরিবর্তনকে গ্রহণ করতে ব্যর্থ হয়, তারা দ্রুতই হারাবে অতীতের অর্জিত গৌরব এবং জনগণের আস্থা। আর যদি এই বার্তাকে যথাযথ গ্রহণ করা হয়, তবে আগামীর বাংলাদেশে রাজনীতির অঙ্গন হবে নতিবাচকের গণতান্ত্রিক, অংশগ্রহণমূলক, প্রগতিশীল এবং জনকল্যাণমুখী। এমন একটি রাজনীতি, যেখানে তরুণদের উদ্যম ও প্রবীণদের অভিজ্ঞতা মিলিত হবে, রাষ্ট্রীয় ক্ষমতা শুধুমাত্র স্বার্থের জন্য নয়, বরং ন্যায্যতা, নৈতিকতা এবং দেশের সার্বিক উন্নয়নের জন্য ব্যবহার হবে। ঢাকসু নির্বাচনে এই শিক্ষণীয় ফলাফলই জাতীয় রাজনৈতিক সংস্কার প্রক্রিয়ার ভবিষ্যতের জন্য একটি স্পষ্ট দিকনির্দেশনা। আর দেশে বিদ্যমান রাজনৈতিক শক্তিগুলো নতুন প্রজন্মের চেতনা ও স্বপ্নকে কেন্দ্র করে তাদের রাজনীতিকে পুনরুজ্জীবিত করতে হবে।

ড. মাহরুফ চৌধুরী, ভিজিটিং ফ্যাকাল্টি, ইউনিভার্সিটি অব রোহ্যাম্পটন, যুক্তরাজ্য।

# শিবিরের ভূমিধস বিজয় যে কারণে

৬ পৃষ্ঠার পর

আছে, এটাও কিন্তু ঢাকসু নির্বাচনে সাধারণ ভোটারদের সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে প্রভাব বিস্তার করেছে। কারণ, অতীতে তারা দেখেছে সরকারি দলের ছাত্রসংগঠন কীভাবে সাধারণ শিক্ষার্থীদের দেখেছে, জোরজবরদস্তি করে দলীয় মিছিলে নিয়ে যাওয়া-এসব কি হ্যান্ডলিং করতে পারত, যদি তারা সরকারি দলের না হতো? অর্থাৎ টর্চার্টা আসে আসলে সরকারি দলের কাছ থেকে। শিক্ষার্থীরা হয়তো ভেবেছে, ফেব্রুয়ারির পর থেকেই ছাত্রদলই হতে যাচ্ছে সরকারি দল, তাই তারা যদি ঢাকসুতেও থাকে তাহলে হয়তো আবার সেই পুরনো কালচার ফিরে আসতে পারে।

পূর্বী নির্বাচন বা রাজনীতির ক্ষেত্রেও একটা পার্থক্য শিক্ষার্থীদের প্রভাবিত করে থাকতে পারে। একটা কথা বলা হয়ে থাকে, বিগত বছরগুলোতে ছাত্রদল ক্যাম্পাসে থাকতে পারত না। বিপরীত দিকে ছাত্রশিবিরের সদস্যরা ছাত্রলীগের মুখোশ পরে টিকই হলে পর্যন্ত গুরুত্বপূর্ণ জায়গায় থাকত। এই হলে থাকার সুবিধা তারা নিয়েছে। নিজেদের আচার-আচরণ দিয়ে শিক্ষার্থীদের নানা প্রয়োজনে সাহায্যের হাত বাড়িয়েছেন শিবিরের সদস্যরা। হাসিনা সরকারের পতনের পর তাঁরা প্রকাশ্যেই নানা ওয়েলফেয়ার কর্মকাণ্ডকে গুরুত্ব দিয়েছেন। হলে হলে পানি বিশুদ্ধকরণ যন্ত্র বসিয়েছেন। বিশ্ববিদ্যালয়ে ভর্তির আগে থেকেই কোচিংয়ের মাধ্যমে ছাত্রছাত্রীদের সাহায্য করেছেন। পরিবহনের সমস্যা নিরসনেও নানা উদ্যোগ নিয়েছেন। অথচ আগে সাধারণ স্টুডেন্টদের অভিজ্ঞতা ছিল সম্পূর্ণ উল্টা। তাঁরা দেখেছেন-ছাত্রসংগঠন মানেই দুর্বিনীত আচরণের কিছু যুবক-যুবতী। যাদের কাজই হচ্ছে অন্যদের পেরেশানির মধ্যে রাখা। তাই নতুন এ বাস্তবতা তাঁদের মুগ্ধ করেছে। কোনো ছাত্রসংগঠনের কাছ থেকে এ রকম আচরণ অনেকের কাছে নতুন লেগেছে, ভালোও লেগেছে। আমার ধারণা, এ বিষয়টিও এবার ভোট দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে কাজ করেছে।

এখন প্রশ্ন হচ্ছে-বিশ্ববিদ্যালয়গুলোর ছাত্র সংসদ নির্বাচনের এমন ফলাফল কি জাতীয় নির্বাচনে বিশাল কোনো পরিবর্তন এনে দেবে? আগামী নির্বাচনে কি এর দারুণ কিছু প্রভাব পড়বে? এ প্রশ্নের নানা রকম বিশ্লেষণ হতে পারে। আমার মনে হয়, বিশাল কোনো প্রভাব ফেলবে না। সেসব নিয়ে পরে আরেকদিন কথা বলা যাবে। কিন্তু এ কথাটি কিন্তু মানতেই হবে, জামায়াতে ইসলামী নিজেরা এই বিশাল বিজয়কে জাতীয় রাজনীতিতে প্রভাব বাড়াতে ব্যবহারের চেষ্টা করবে। তার নমুনা এরই মধ্যে কিছু দেখাও যাচ্ছে।

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক।

# নির্বাচনে ঋণখেলাপি ও প্রবাসীদের প্রার্থিতার নতুন ভাবনা

১২ পৃষ্ঠার পর

যখন জাতীয় সংসদের সদস্য হন, তখন তাদের মাধ্যমে জাতীয় স্বার্থ রক্ষা করা কতটা সম্ভব সে প্রশ্নও থেকে যায়। পরিস্থিতি খারাপ হলে তারা সহজেই দেশত্যাগ করে চলে যান, আর বিপদে থাকি আমরা যার উদাহরণ নিকট অতীতে বহুবার দেখা গেছে।

তাই উল্লিখিত বিষয়গুলো বিবেচনায় নিয়ে আমাদের নির্বাচনী আইনে প্রয়োজনীয় পরিবর্তন করা জরুরি। ঋণখেলাপিদের ক্ষেত্রে কেবল নির্বাচনের আগে নয়, বরং মনোনয়ন দাখিলের এক বছর আগে থেকেই খেলাপি ঋণ সচল করা এবং খেলাপি ঋণের ন্যূনতম ৫০ শতাংশ দেওয়ার বিধান করা যেতে পারে। তাদের কেউ নির্বাচিত হলে নির্বাচিত হওয়ার নির্দিষ্ট সময়ের মধ্যে অবশিষ্ট ঋণের অর্থ পরিশোধ করার অঙ্গীকার করা এবং ব্যর্থ হলে সদস্য পদ স্থগিত বা বাতিলের বিধান করা উচিত। পরাজিতরা যদি সে অঙ্গীকার পালন না করেন তাহলে পরবর্তী সময়ে নির্বাচন করার যোগ্যতা হারাবেন।

আর প্রবাসীদের ক্ষেত্রে মনোনয়ন দাখিলের ন্যূনতম এক বছর আগে থেকে দেশে থেকে স্থানীয় রাজনীতিতে সক্রিয় থাকার বিধান করা জরুরি যাতে তারা দেশের রাজনীতি ও সামাজিক পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকতে পারেন। একই সঙ্গে নির্বাচিতদের ব্যক্তিগত কারণে বছরে ১৫ দিনের বেশি বিদেশে অবস্থানের অনুমতি না দেওয়ার বিধান করা যেতে পারে যাতে সাধারণ মানুষ প্রয়োজনের সময় তাদের কাছে পান।

৫ আগস্ট পরবর্তী সময়ে দেশে অনেকগুলো সংস্কার কমিশন হয়েছে, তারা কাজ করছেন, মানুষ আশা করছে অতীতে যা সম্ভব হয়নি, এখন তা হবে। প্রত্যাশা মানুষের চিরন্তন স্বভাব, কিন্তু বাস্তবতা সব সময় আমাদের প্রত্যাশার সঙ্গে মিলে না। বিশেষ করে নির্বাচন, নির্বাচনী আচরণ এবং প্রার্থিতার ক্ষেত্রে গুণগত পরিবর্তনের বিষয়ে মানুষের চাওয়া ব্যাপক এবং সেগুলো মোটেও অগ্রহণযোগ্য নয়। স্বাধীনতার পর থেকে আমাদের নির্বাচনী পদ্ধতি ও সংস্কৃতি যেভাবে ধাপে ধাপে দুর্বল ও অনেক ক্ষেত্রে বিতর্কের জন্ম দিয়েছে, আমরা প্রত্যাশা করছি ভবিষ্যতে এ ধারা থেকে বের হয়ে একটি গ্রহণযোগ্য নির্বাচনী পরিবেশ ও বাস্তবায়ন পদ্ধতি তৈরি করা হবে যেখানে জনগণের আবেগ ও অনুভূতির প্রতিফলন হবে। নির্বাচন অবাধ, গ্রহণযোগ্য ও নিরপেক্ষ করতে হলে একটি স্বাধীন ও ক্ষমতায়িত নির্বাচন কমিশনের প্রয়োজনীয়তা গুরুত্বপূর্ণ। কিন্তু নির্বাচনী বিধিগুলো যদি দুর্বল থেকে যায় তাহলে প্রত্যাশিত সংস্কার আশা করা কঠিন। বরং মানুষ নতুন করে হতাশ হবে। তাই আমাদের নির্বাচনী সংস্কৃতিতে কিছু গুণগত পরিবর্তন দরকার, যার জন্য দরকার আইন ও বিধানের উপযুক্ত পরিবর্তন। মানুষ কেবল স্বাধীনভাবে ভোট দিয়েই দায়িত্ব শেষ করতে চায় না, বরং স্বাধীনতার সঙ্গে সঙ্গে উপযুক্ত ও পছন্দের প্রার্থীদের ভোট দিতে চায়।

নির্বাচন কমিশন তাদের স্বাধীন, শক্তিশালী ও নিরপেক্ষ ভূমিকার মাধ্যমে নির্বাচনকে আইনিভাবে গ্রহণ করতে পারে। এর জন্য দরকার জনগণের প্রত্যাশার সঙ্গে সংগতিপূর্ণ নির্বাচনী আইন ও বিধি। বিশেষ করে নির্বাচনে প্রার্থিতার ক্ষেত্রে আইনের বিধিগুলো যদি উপযুক্ত না হয়, কেবল নিরপেক্ষতা দিয়ে মানুষের প্রত্যাশা পূরণ করা সম্ভব নয়। তাই নির্বাচনী আইনে প্রার্থিতার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ যাতে সাধারণ মানুষ তাদের প্রতিনিধি হিসেবে সঠিক মানুষকে নির্বাচিত করার সুযোগ পায়। অনেক বছর ধরে নির্বাচনে প্রার্থী হিসেবে মানুষ তাদের পছন্দের মানুষকে ভোট দেওয়ার সুযোগ পেয়েছে কম, বরং আইনিভাবে অভিযুক্ত বা সামাজিকভাবে অগ্রহণযোগ্য ব্যক্তিরা প্রার্থী হয়েছেন বেশি এবং মানুষ বাধ্য হয়ে কাউকে ভোট দিয়েছে। আশা করি বিষয়গুলো বিবেচনা করা হবে।

আবুল কাশেম উজ্জ্বল: অধ্যাপক, সমাজকর্ম বিভাগ, শাবিপ্রবি, সিলেট।

# 'শেখ হাসিনাই ভালো ছিল'

৬ পৃষ্ঠার পর

তার ভাতের অধিকার আমি নিশ্চিত করব। দীর্ঘ একুশ বছর তাকে জেল জুলুম নির্যাতন সহ্য করতে হয়েছে, তাকে ১৯ বারের বেশি সময় হত্যা চেষ্টা করা হয়েছে - তিনি রাজপথের আন্দোলন থেকে সরে দাঁড়াননি - শেষ পর্যন্ত ১৯৯৬ সালের ২৭ ফেব্রুয়ারীর নির্বাচনে তিনি প্রথমবারের মতো রাষ্ট্র ক্ষমতায় বসার সুযোগ পান। তবে জিয়া এরশাদের বিরুদ্ধে সংগ্রাম করেছেন ঠিকই - তবে তাকে এবার যুদ্ধ করতে হয়েছে জিয়ার উত্তরসূরী আরেক বেগম জিয়ার বিরুদ্ধে। ৯৬ এর নির্বাচনে ত্রিপিকে পরাজিত করে তিনি প্রথমবারের মতো ক্ষমতায় আসেন। এরপর আবার শুরু হয় তার বিরুদ্ধে নতুন ষড়যন্ত্র। তাকে বারবার হত্যা চেষ্টা করা হয় বিএনপি জামাত মিলে, বিচারপতি লতিফুর রহমান যিনি ছিলেন তত্ত্বাবধায়ক সরকার প্রধান, কারচুপি করে ২০০১ সালের নির্বাচনে শেখ হাসিনাকে পরাজিত করে এদেশে বিএনপি ও জামাত - যুদ্ধাপরাধী মিলে ক্ষমতা দখল করে। শেখ হাসিনাকে চলে যেতে হয় সংসদের বিরোধী আসনে, তারপরও শেখ হাসিনাকে প্রকাশ্যে হত্যা চেষ্টা করেছিল ২০০৪ সালের একুশে আগস্ট গ্রেনেড হামলা করে। তিনি প্রাণে বেঁচে গেছেন, তবে তিনি হাল ছাড়েননি - আবারো তিনি ক্ষমতায় এসেছেন ২০০৮ এর ডিসেম্বরের সংসদ নির্বাচনে বিপুল ভোটে বিজয়ী হয়ে, একনাগাড়ে ২০২৪ সালের ৫ ই আগস্ট পর্যন্ত তিনি টানা ১৬ বছর রাষ্ট্রক্ষমতায় ছিলেন। বাংলাদেশের দীর্ঘ ৫৫ বছরের ইতিহাসে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাই দীর্ঘতম সময় সরকার প্রধানের দায়িত্ব পালন করেছেন, ক্ষমতায় থেকে তিনি দেশের ফান্ডামেন্টাল কিছু বিষয়ের উপর মনোযোগ দেন - বিশেষ করে দেশের অর্থনীতি, আইনশৃঙ্খলার উন্নয়ন, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন, দেশের অভাবনীয় অবকাঠামো উন্নয়ন যা কোনদিন অতীতের সরকারগুলো চিন্তাও করতে পারেনি, গ্রাম গঞ্জের হতদরিদ্র অবহেলিত মানুষের জন্য রাষ্ট্রীয় কিছু সুবিধা প্রদান, ভর্তুকি দিয়ে হলেও কৃষিতে অভাবনীয় সফলতা অর্জন করেছেন তিনি - ফলে দেশে কোন খাদ্যাভাব হয়নি, কোন মানুষকে না খেয়ে মরতে হয়নি, আমাদের খাদ্য যথেষ্ট পরিমাণ মজুদ ছিল, মুক্তিযোদ্ধাদের জন্য ভাতা প্রদান, স্কুলগামী ছেলে মেয়েদের বৃত্তি প্রদান যা প্রতি মাসে মায়েদের একাউন্টে জমা হয়ে যেত, বিধবা স্বামী পরিত্যক্তা, অসহায় নারী পুরুষ যারা প্রান্তিক জনপদের মানুষ যাদের থাকা খাওয়ার ব্যবস্থা ছিল না - তিনি প্রতিমাসে তাদের ভাতার ব্যবস্থা করেছেন। সবচেয়ে বড় বিষয় ছিল ছিন্নমূল মানুষ, বস্তির মানুষ - যাদের মাথা গোঁজানোর ঠাঁই ছিল না, তিনি সারা দেশে ৫৫ লক্ষ মানুষকে একটি করে ঘর বানিয়ে দেন একখণ্ড জমিসহ এবং বাড়ির দলিলও হস্তান্তর করেন সাথে সাথে, যাতে সে তার পরিবার পরিজন নিয়ে অন্তত চাষাবাদ করে কোনরকম চলতে পারে। নিম্ন আয়ের মানুষের জন্য আবাসন গড়ে দেন যাতে সে অল্প টাকায় কিস্তি পরিশোধ করে একদিন একটা এপার্টমেন্টের মালিক হয়ে যেতে পারে। আমাদের দেশের সবচেয়ে বড় সমস্যা গর্ভবতী দরিদ্র মায়েরা গর্ভকালীন সময়ে সচেতনতার অভাবে ও আর্থিক সংকটের কারণে অনেক নারী গর্ভাবস্থায় মারা যায়, গর্ভে থাকা শিশুটি ও মারা যায়। এই বিশাল দরিদ্র জনগোষ্ঠীর সমস্যা সমাধান, মা ও শিশুর অকাল মৃত্যু রোধে সময় ও বাচ্চা প্রসবের পর নয় মাস বয়স পর্যন্ত প্রতিটি শিশুর জন্য টিকার ব্যবস্থা করেন, মায়েদের চিকিৎসার ব্যবস্থা করেন এবং দেশের প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক এর ব্যবস্থা করেন, যেটি একটি মানবিক কাজ শেখ হাসিনা খুব আন্তরিকতার সাথে করেছেন। বাংলাদেশকে নিম্ন আয়ের দেশের তালিকা থেকে বের করে এনে মধ্যআয়ের দেশের তালিকায় তুলে এনেছেন তিনি - এর সঙ্গে সম্পৃক্ত আরো কিছু বিষয় জাতিসংঘ শর্ত জুড়ে দিয়েছিল - এসব শর্ত পরিপূর্ণ করতে পারলে বাংলাদেশ তার লক্ষ্য অর্জনে সফল হবে। যেমন - এম.ডি.জি - মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল এবং এস.ডি.জি - সাস্টেইনেবল ডেভেলপমেন্ট গোল বাংলাদেশকে অর্জন করতে হবে - শেখ হাসিনা সরকার সেটি সাফল্যের সাথে করেছিলেন। আমাদের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৫ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছিল তার সময়ে। বাংলাদেশ একটি দরিদ্র জনপদ - এখানে জনসংখ্যা ১৮ কোটির বেশি, মানুষের জীবন জীবিকা হল কৃষি নির্ভরতা, সেখানেও বিপর্যয় নেমে আসত - বন্যা, খরা, প্রাকৃতিক দুর্যোগ, অতি বৃষ্টি, অনাবৃষ্টি ইত্যাদি কারণে। সবকিছু সবকিছু নিজেদের সাধ্যমত ক্ষমতার মধ্যে রেখে দেশের কৃষিতে যে বিপ্লব ঘটিয়েছেন - খোদ বিশ্বব্যাংকের সাবসিডিয়ারি প্রতিষ্ঠান এফএও খাদ্যের স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য শেখ হাসিনাকে আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত করেন। পদ্মা সেতুর মেগা প্রকল্প যা ছিল ঝুঁকিপূর্ণ একটি প্রকল্প এবং ব্যয়বহুল - তাছাড়া পদ্মা নদী তীব্র খরস্রোতা নদী আমেরিকার আমাজন নদীর মত, ইউরোপ আমেরিকার মধ্যস্থলে অবস্থিত খরস্রোতা আটলান্টিক নদীর মত, শেখ হাসিনা ঘোষণা দিয়েছিলেন তিনি পদ্মা সেতু করবেন যেকোনো মূল্যে, বিশ্ব ব্যাংক টাকা দেবে বলে যে নাটক সাজিয়েছে তা সারা বিশ্ব জানে - কিন্তু শেখ হাসিনা পিছু হটেন নি - নিজস্ব অর্থায়নে তিনি পদ্মা সেতু করেই ছেড়েছেন, সারা বিশ্ব শেখ হাসিনার প্রশংসা করেছেন, এরপরে যেকোনো প্রকল্প বাস্তবায়নে তাকে আর পিছনে ফিরে তাকাতে হয়নি। বিশ্বের সব বন্ধুদেশ এবং অর্থনৈতিক প্রতিষ্ঠান যেমন - আই এম এফ, চীন, জাপান, রাশিয়া, মধ্যপ্রাচ্য, অস্ট্রেলিয়া, কানাডা প্রতিটি রাষ্ট্র শেখ হাসিনার প্রতি আস্থাশীল এবং উন্নয়ন সহযোগী, প্রশংসায় ভাসছে শেখ হাসিনা - বিশ্বের বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যমে। পদ্মা সেতুর পর তিনি শুরু করেছেন দেশের অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থার বিশাল উন্নয়ন, যেমন - সারাদেশে একযোগে রাস্তাঘাট নির্মাণ, হাইওয়ে, এলিভেটেড এক্সপ্রেস ওয়ে, উড়াল সেতু, মেট্রো রেল নির্মাণ করে পরিবহন জগতে বিপ্লব ঘটিয়েছেন শেখ হাসিনা। চট্টগ্রাম বন্দরকে বিশ্বমানের বন্দরে পরিণত করা, চালনা বন্দরকে আধুনিক বন্দরে রূপান্তরিত করা, পায়রা বন্দর নির্মাণ করে অর্থনীতিতে যুগান্তকারী উদাহরণ সৃষ্টি করেছেন শেখ হাসিনা। মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট স্থাপন করে বাংলাদেশের মান অনেক উঁচুতে নিয়ে গেছেন তিনি। সবচেয়ে দুঃসাধ্য যে কাজটি শেখ হাসিনা করে গেছেন চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত রেললাইন স্থাপন করে, দুর্গম পাহাড়, খাল বিল নদী নালা সংস্কার করে সেখানে সমতল ভূমি তৈরি করে যে অসাধ্য সাধন তিনি করে গেছেন আগামী শত বছর পরেও এমন সাহসী, দৃঢ় মনোবল সম্পন্ন একজন দেশ প্রেমিক নেতা এই বাংলায় আর কোনদিন জন্ম নেবে না। সারা দেশের মানুষ এখন বলছেন, শেখ হাসিনাই ভালো ছিলেন'।

# হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

## এ. ভূঁইয়া

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100





# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## হঠাৎ কেন এই যুগপৎ আন্দোলন, জামায়াতের সঙ্গে যাবে এনসিপি?

১০ পৃষ্ঠার পর

অর্জন তার গত পাঁচ দশকের যাবতীয় সফলতাকে ছাড়িয়ে যেতে পারে।

**সম্ভাব্য যুগপৎ আন্দোলন ও তার লাভ-ক্ষতি**

ডাকসু নির্বাচনে জামায়াতের ছাত্রশক্তির বিজয় তাদের জাতীয় ক্ষমতার মূল যুদ্ধে বড় মাত্রায় এগিয়ে দিয়েছে। গুরুত্বপূর্ণ এই 'খণ্ডযুদ্ধে' জয় তাদের চূড়ান্ত 'যুদ্ধে' বহুমাত্রিকভাবে কাজে লাগবে এবং লাগতে যে শুরুও করেছে, তারই প্রথম প্রকাশ 'যুগপৎ আন্দোলনে' এনসিপি ও দেওবন্দি ঘরানার দলগুলোর নাম আসা।

এক সপ্তাহের মধ্যে যে এ রকম দুটি ঘটনা ঘটল, সেটা অস্বাভাবিক নয়। এনসিপির রাজনীতি ও দেশচেতনা এবং দেওবন্দ আন্দোলনের ধর্মতত্ত্বের সঙ্গে জামায়াতের এত দিনকার স্পষ্ট অনেক ফারাক ও মতভেদ থাকলেও সেসব অতিক্রম করে সবাই যে কাছাকাছি আসার চেষ্টা করছে, এর স্থানীয় ও আঞ্চলিক রাজনৈতিক তাৎপর্য বিপুল। এটা ডাকসু-জাকসুর ফলাফলের সঙ্গেও আন্তঃসম্পর্কিত। সমাজের প্রায় সব সামাজিক 'শক্তিঘরে' চব্বিশের আগস্টের পর থেকে সূচিত পরিবর্তনকেও এ ক্ষেত্রে আমরা আমলে নিতে পারি।

ডাকসু নির্বাচনে শিবির জিতেছে এবং বামপন্থী-মধ্যপন্থীরাও কাভারে হয়েছেনি। শেষোক্তরা তাদের বাস্তব সাংগঠনিক শক্তির তুলনায় চমৎকার ফল করেছে। আবার শিবির ঢাকা বিশ্ববিদ্যালয় নিয়ে তাদের চার দশকের বিবিধ প্রচেষ্টারও সন্তোষজনক উত্তর পেল। কিন্তু উপরিউক্ত দুই শক্তির চাওয়া-পাওয়া অতিক্রম করে এই নির্বাচনের মূল অভিঘাত গেছে বাংলামোটরের রূপায়ণ টাওয়ারের অভিমুখে।

এনসিপি গঠিত হয়েছে বেশিদিন হয়নি। শুরু থেকে তাদের প্রধান ও প্রায় একমাত্র শক্তিভিত শিক্ষিত-মধ্যবিত্ত-ছাত্রসমাজ। জামায়াত-বিএনপি-লীগের বাইরেও ছাত্রসমাজের ভিন্ন কোনো রাজনৈতিক সামাজিক প্রত্যাশা ছিল বলেই গত বছর তারা বৈষম্যবিরোধী ছাত্রসমাজের ব্যানার ও তা থেকে জন্ম নেওয়া নতুন দলকে পছন্দ করেছিল। কিন্তু শিক্ষার্থীসমাজ নবগঠিত এই দলের কাছে মোটাদাগে যে আর বড় কোনো প্রত্যাশা করছে না, সেটা ছিল ডাকসু নির্বাচনের প্রধান বার্তা। অথচ এই ক্যাম্পাসেই ছিল এনসিপির রাজনৈতিক জন্মস্থান এবং সাংগঠনিক দুর্গ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ৯ সেপ্টেম্বর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের গত এক বছরের একটা সিরিয়াস মূল্যায়ন হাজির করেছেন, যা এনসিপির জন্য অবজ্ঞা করা কঠিন। এ রকম একটা দুঃসময়ে আটটি দলের যুগপৎ আন্দোলনে অংশ নেওয়া তার জন্য সাংগঠনিক ও রাজনৈতিকভাবে টিকে থাকার অনিবার্য চেষ্টা হিসেবে দেখা যায়।

কিন্তু তারা প্রকৃতই পুরো দল ঐকমত্যের ভিত্তিতে যুগপৎ আন্দোলনে যুক্ত হচ্ছে কি না, সে বিষয়ে বেশ বিভ্রান্তি তৈরি হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে এই দলের সংগঠকদের বক্তব্য থেকে মনে হচ্ছে, দলটির তরুণ তাত্ত্বিকেরা জামায়াতের সঙ্গে মিলে যুগপৎ আন্দোলন বিষয়ে টানাপোড়েন ও মতাদর্শিক বিতর্কে পড়েছেন।

আটটি দলের সম্ভাব্য যুগপৎ আন্দোলনের 'নেতা' তথা চালকের আসনে যেহেতু জামায়াতে ইসলামীই থাকছে, সে কারণে এনসিপি তাতে শামিল হলে একে সমালোচকেরা প্রথমোক্ত দলের কাছে শেষোক্তদের নীরব এক আদর্শিক আত্মসমর্পণ হিসেবেও দেখতে পারে। আবার তার বিপরীতে এ-ও বলার সুযোগ আছে, যুগপৎ আন্দোলন মানে আদর্শিক অনুমোদন নয়, কর্মসূচিগত সংহতি মাত্র।

অতীতে বাংলাদেশের ইতিহাসে জামায়াতের সঙ্গে বিরোধী আদর্শের দলগুলোর যুগপৎ আন্দোলনের নজির আছে। তবে যুগপৎ রাজনীতি নিঃসন্দেহে সংশ্লিষ্টদের পরস্পরের প্রতি সাংস্কৃতিক অনুমোদনও বটে। গত শতাব্দীর আশির দশকে সামরিক জান্তাবিরোধী যুগপৎ আন্দোলন জামায়াত ক্ষমতায় যাওয়ার জন্য করেনি। সাংস্কৃতিক অনুমোদন ও রাজনৈতিক পথযাত্রায় সামাজিক বিরোধিতা কমিয়ে আনার লক্ষ্যে করেছিল। তাতে সফলও ছিল তারা। পরবর্তীকালে বিএনপির সঙ্গে তাদের দীর্ঘদিনের জোটবদ্ধতাও অনুরূপ বিবেচনাকে গুরুত্ব দিয়েছে।

এবারকার যুগপৎ আন্দোলন জামায়াত ক্ষমতায় যাওয়ার জন্য করছে, এটা নিশ্চিতভাবে বলা যাচ্ছে না; যদিও এই যুগপৎ আন্দোলন নির্বাচনী জোট হিসেবে আবির্ভূত হওয়ার বেশ সম্ভাবনা আছে।

জামায়াত নতুন 'যুগপৎ'-এর মাধ্যমে মূলত গত এক বছরের প্রভাবের পরিসর আরও বাড়াতে চাইছে। এনসিপিকে কাছে পেলে তারা নিজেদের রাজনীতিকে আকর্ষণীয় এক তরুণ প্রচ্ছদ দিতে পারে, আবার দেওবন্দি আন্দোলনের দলগুলো পেয়ে তারা মাওলানা মওদুদীবিরোধী ধর্মতাত্ত্বিক সমালোচনা ও বিরোধের জায়গাও বন্ধ করতে পারবে।

এ রকম 'যুগপৎ' তাকে একদিকে শিক্ষিত মধ্যবিত্ত সমাজে বাড়তি গতিতে এগোতে সাহায্য করবে, আবার একই সঙ্গে মাদ্রাসাসমাজেও প্রবেশ অবারিত করবে। যেহেতু সম্ভাব্য 'আট দল'ভুক্তদের মধ্যে আর্থিক, প্রশাসনিক ও কূটনৈতিক পরিসরে জামায়াতের ইতিমধ্যে প্রবল শক্তিভিত রয়েছে, ফলে সেই আন্দোলনে তারা নির্দেশকের আসন নিতে পারবে এবং অন্যদের কেবল তাকে অনুসরণ করতে হবে। গত দশকগুলোয় জামায়াত কেবল অন্যের নেতৃত্বে 'যুগপৎ' আন্দোলন করেছে বা জোটবদ্ধ থেকেছে। এবার সে নিজেই এ রকম একটা উদ্যোগ নিয়ে বড় ধরনের রাজনৈতিক সামর্থ্য দেখাতে চাইতে পারে। তার দিক থেকে এটা সাহসী ইতিবাচক নিরীক্ষাই বটে। যে অবস্থানের মাধ্যমে দেশ-বিদেশের পুরোনো সমালোচকদের সাংস্কৃতিকভাবে মোকাবিলা করাও তার জন্য সহজ হবে।

তবে সম্ভাব্য এই 'যুগপৎ' চরমোনাইপন্থী বা এই কাফেলার অন্য অনেকের জন্য অতটা অস্বস্তিকর হবে না, যতটা হতে পারে এনসিপির অনেক তরুণ সংগঠকের জন্য, যাঁরা এত দিন প্রগতিমুখী 'মধ্যপন্থা'র কথা বলেছেন।

প্রস্তাবিত যুগপৎ আন্দোলন নির্বাচনমুখী হলে ইসলামী আন্দোলন বা অনুরূপ শীর্ষের দলগুলোর জন্য তাতে সুবিধা রয়েছে। একা নির্বাচন করার চেয়ে এ রকম একটা 'যুগপৎ'-এর আওতায় নির্বাচনে গেলে তাদের আসন পাওয়ার সম্ভাবনা নিশ্চিতভাবে বাড়বে। এনসিপির জন্যও সেই সম্ভাবনা আছে; যদিও সেটা ক্ষীণ।

ধর্মীয় ধারার দলগুলোর ভোট যেভাবে সমাজে-পাড়ায়-মহল্লায় লেনদেন হতে পারে, তাদের সঙ্গে সেভাবে নড়াচড়া না-ও করতে পারে। জামায়াত ও কওমি ঘরানার দলগুলোর ভোটের সুস্পষ্ট সামাজিক চরিত্র রয়েছে। আবার এ রকম একটা যুগপৎ আন্দোলন এবং বিশেষভাবে নির্বাচনী আসন সমঝোতার বিপরীতে এনসিপিকে আদর্শিক ও সাংস্কৃতিক আপস করতে হবে বিপুল। ইসলামী আন্দোলন বা অনুরূপ দলগুলোকে সেটা করতে হবে না।

নিশ্চয়ই এনসিপির তাত্ত্বিক ও তরুণদেরও এ রকম পরিস্থিতি বিবেচনায় রয়েছে। সে জন্যই হয়তো যুগপৎ আন্দোলনের সংবাদ প্রকাশমাত্র সামাজিক যোগাযোগমাধ্যমে এনসিপি ঘরানার আইডিগুলোয় এ বিষয়ে তর্কবিতর্ক ছড়িয়েছে।

রাজনৈতিক অধ্যাপকদের কারও কারও মতে, গত এক বছরের রাজনীতি এবং তার আগের সময়ের সামাজিক সংশ্লিষ্টতার ভেতর দিয়ে এনসিপিতে যে ধরনের অধ্যাদর্শের প্রভাব বেড়েছে, তারই যৌক্তিক পর্যায় হিসেবে আটটি দলের যুগপৎ আন্দোলনে যুক্ত হওয়ার চাপ বাড়ছে তাদের ওপর।

সংগঠকদের মধ্যে যারা এই কৌশলের পক্ষে, সে রকম নেতৃত্ব মনে করছে, গণ-অভ্যুত্থানের প্রধান এজেন্সি হিসেবে এককভাবে দীর্ঘ মাঠের ধৈর্য নিয়ে দাঁড়িয়ে থাকার চেয়ে নির্বাচনের আগেই একটা শক্ত দর-কষাকষির জন্য যুগপৎধর্মী যৌথতায় লাভ বেশি হবে। বলা বাহুল্য, এ রকম 'অঙ্ক' নতুন সংসদে জামায়াতে ইসলামীর অবস্থানে শক্তি জোগাবে। জাতীয় পার্টি নিষিদ্ধের দাবির সঙ্গে এসব অঙ্কের কোনো দূরবর্তী যোগাযোগ আছে কি না, রাজনৈতিক বিশ্লেষকদের সামনে সেটাও কৌতূহলোদ্দীপক এক বিষয় হয়ে উঠেছে।

আলতাফ পারভেজ: সাংবাদিক ও গবেষক।

## জনতার আদালতের বিচার অত্যন্ত কঠিন

১২ পৃষ্ঠার পর

নিয়ে ভিন্ন একটি বা একাধিক উন্নয়ন প্রকল্প গ্রহণ করা যায়। অগ্রাধিকার নির্ণয় যদি সঠিকভাবে করা সম্ভব হয়, তাহলে বিপুলসংখ্যক জনগোষ্ঠীর কাছে উন্নয়ন সুবিধা পৌঁছে দেওয়া সম্ভব। কিন্তু, এসব কথা শুনবে কারা? যাদের উদ্দেশ্য হলো জনগণের কষ্টার্জিত অর্থ দিয়ে নিজের পকেট ভর্তি করা, তাদের কাছ থেকে সদাচরণ আশা করা যায় না।

যুগান্তরের প্রতিবেদন থেকে জানা যায়, চট্টগ্রামের পারকী সমুদ্রসৈকতের পাশে ৪০০ কোটি টাকা ব্যয়ে ৭২ একর জায়গায় নির্মিত হয়েছে 'রাজকীয় অতিথিশালা'। এ অতিথিশালাটি কর্ণফুলী টানেলের কাছে অবস্থিত। এতে রয়েছে ৩০টি ভিআইপি বাংলো, ৪৮ ইউনিটের মোটেল সেল, কনভেনশন সেন্টার, রিসোর্ট রিসেপশন ভবন, রেস্তোরাঁ, দোকান, জিম, অফিস, কনফারেন্স কক্ষ, জাদুঘর, মসজিদ, স্বাস্থ্যকেন্দ্রসহ নানা সুবিধা। নির্মাণের বছর পেরিয়ে গেলেও অতিথিশালাটি চালু হয়নি। অথচ প্রতি মাসে রক্ষণাবেক্ষণ বাবদ সরকারকে গুনতে হচ্ছে ১৫ লাখ টাকা। নেত্রকোনার মোহনগঞ্জে ৩৯ কোটি ৬০ লাখ টাকা ব্যয়ে নির্মিত শৈলজারঞ্জন সাংস্কৃতিক কেন্দ্রটির একই অবস্থা। দুবছর আগে কেন্দ্রটির উদ্বোধন হয়েছে। এরপর থেকে কোনো সাংস্কৃতিক কার্যক্রম হয়নি। অথচ প্রতি মাসে বিদ্যুৎ বিল গুনতে হচ্ছে ৪০ হাজার টাকা। স্টাফদের বেতনসহ অন্যান্য খাতে প্রতিমাসে লোকসান গুনতে হচ্ছে। অপরিকল্পিত এ প্রকল্পটিও মুখ থুবড়ে পড়ে আছে। আমার কাছে বোধগম্য হচ্ছে না, স্টাফ থাকা এবং বিদ্যুৎ বিল পরিশোধ করা সত্ত্বেও কেন এ সাংস্কৃতিক কেন্দ্রটি অব্যবহৃত পড়ে থাকবে। এ এলাকায় কি কোনো সভা-সেমিনার হয় না? হয় না কোনো সাংস্কৃতিক প্রতিযোগিতা? হয় না কোনো ধর্মীয় আলোচনা বা বিভিন্ন ধরনের ওয়ার্কশপ? মনে হচ্ছে থানা নির্বাহী অফিসারসহ কর্মকর্তারা এসব কাজে উৎসাহী নন বলেই সাংস্কৃতিক কেন্দ্রটি অব্যবহৃত অবস্থায় পড়ে আছে।

মেহেরপুরে ৭৬ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয়েছে ২৫০ শয্যার আধুনিক হাসপাতাল ভবন। ২০২৩ সালে প্রকল্পটি উদ্বোধন করা হলেও কোনো কাজে আসছে না। পড়ে আছে অব্যবহৃত অবস্থায়। দেশে যে পরিমাণ মানুষ রোগে-শোকে ভোগে, সে দেশে কেন ২৫০ শয্যার একটি হাসপাতাল ভবন অব্যবহৃত অবস্থায় পড়ে থাকবে? কোনোভাবেই এটা মানা যায় না। হাসপাতাল ভবনটি অব্যবহৃত থাকার সম্ভাব্য কারণ হতে পারে হাসপাতালের জন্য প্রয়োজনীয়সংখ্যক চিকিৎসক, নার্স, প্যাথলজিস্ট, রেডিওলজিস্ট ও কর্মকর্তা-কর্মচারী নিয়োগ না দেওয়া। হতে পারে হাসপাতালটিতে অতি প্রয়োজনীয় রোগ নির্ণয়ের যন্ত্রপাতি স্থাপন করা হয়নি। সুতরাং ৭৬ কোটি টাকা ব্যয়ে হাসপাতাল ভবনটি নির্মাণ করার পরও কোনো কাজে লাগছে না সম্পূরক উপকরণের অভাবে। বাংলাদেশে সম্পূরক উপকরণের ব্যবস্থা না করে শুধু দালানকোঠা নির্মাণের নামে উন্নয়ন প্রকল্পগুলো বেকসুর অর্থ ব্যয়ের শামিল। মনে হয় এসব প্রকল্প নেওয়া হয় কারোর কারোর পকেট ভর্তি করার জন্য। রেল উপদেষ্টা ড. ফাওজুল কবির খান সাম্প্রতি এক আলোচনা সভায় বলেছেন, ফরিদপুরের ভাঙ্গা রেলস্টেশনটিকে শতভাগ ১০০ ভাগ সেন্ট্রাল এয়ারকন্ডিশন্ড রেলস্টেশন হিসাবে নির্মাণ করা হয়েছে। কেন এ বিলাসিতা? কেন এ মফস্বলের একটি রেলস্টেশনকে সেন্ট্রাল এয়ারকন্ডিশন্ড করতে হবে, যেখানে খোদ রাজধানী ঢাকার কমলাপুর স্টেশনে এমন কোনো সুবিধা নেই। আসলে বাংলাদেশের কোনো রেলস্টেশন এয়ারকন্ডিশন্ড হওয়ার কোনো যুক্তি নেই। ড. ফাওজুল কবির আরও জানিয়েছেন, অনেক প্রকল্পের বাহুল্য ব্যয় তার সরকার কাটছাঁট করে রাষ্ট্রের অর্থ সাশ্রয় করেছে।

যুগান্তরের প্রতিবেদনে আরও লেখা হয়েছে, জেলা-উপজেলায় কোটি কোটি টাকা ব্যয়ে নির্মিত এমন অনেক স্থাপনা ছড়িয়ে ছিটিয়ে পড়ে আছে। পতিত আওয়ামী লীগ সরকারের বিগত ১৬ বছরে অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে এসব ভবন। কখনো ব্যক্তিস্বার্থে আবার কখনো উন্নয়নের আড়ালে বিপুল অঙ্কের টাকা হাতিয়ে নিতে এসব প্রকল্প হাতে নেওয়া হয়। অতিরিক্ত ব্যয় দেখিয়ে পকেট ভারী হয়েছে কতিপয় আমলা-রাজনীতিক-ঠিকাদার সিন্ডিকেটের। এ যেন পতিত আওয়ামী সরকারের 'স্মার্ট দুর্নীতির' অন্যতম অনুষঙ্গ। উন্নয়নের নামে মনগড়া এসব প্রকল্প এখন গলার কাঁটা হয়েছে। আমরা ভবিষ্যতের কোনো নির্বাচিত সরকারের আমলে এমন দুর্নীতি ও সম্পদের অপচয়ের নোংরা প্রদর্শনী দেখতে চাই না। যদি তারা এমন কিছু করে, তাহলে তাদেরকেও হাসিনার পথ ধরে চরম অসম্মানজনকভাবে বিদায় নিতে হবে। জনতার আদালতের বিচার অত্যন্ত কঠিন।

ড. মাহবুব উল্লাহ: শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ



এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# ইসলামে নারীর অধিকার

ড. মুহাম্মদ রুহুল আমিন



প্রাক-ইসলামি যুগে নারী অধিকার যখন ভূলুণ্ঠিত, শোষকের অত্যাচারে যখন নারীরা ব্যাকুল, তখন পৃথিবীতে রাসুলুল্লাহ (সা.)-এর শুভাগমন হয়। তার আবির্ভাবের সঙ্গে সঙ্গে ঘনীভূত অন্ধকার চিরে আলোকিত হলো পৃথিবী। তার স্বর্গীয় বার্তার সামনে জালেমের কণ্ঠস্বর নিস্তব্ধ হলো, সকল নির্যাতন দূর হলো। রহমতের নবী নিয়ে এলেন শান্তির অমীয় বাণী। স্পষ্ট ও নির্ভিক কণ্ঠে ঘোষণা দিলেন, 'নারী কেনাবেচার বস্তু বা শুধু ভোগ্যসামগ্রী নয়।' মহানবী (সা.)-এর এ বাণী নারীকে স্পর্শ করেছে তার জীবনের সকল স্তরে। তিনি আরও ঘোষণা করলেন, 'শিশুকন্যা হত্যা করো না। ইসলামে এটি জঘন্য অন্যায়। এতিমওঅনাথদের স্বার্থ রক্ষা কর। তাদের সম্পদ অন্যায়ভাবে ভক্ষণ করো না।' তিনি অবাধ বিয়েবন্ধন বন্ধ করলেন। রচনা করলেন সুনির্দিষ্ট বৈবাহিক ও তালাকের নীতিমালা। সামাজিক শান্তির জন্য ব্যাভিচারকে নিষিদ্ধ করলেন। সন্ন্যাসবাদ প্রতিরোধ করে বিয়ের প্রতি উৎসাহিত করলেন। নারী-পুরুষের সমতা ঘোষণা করে প্রতিষ্ঠা করলেন তাদের উত্তরাধিকার। পিতার ওপর কন্যার লালন-পালন, স্বামীর ওপর স্ত্রীর ভরণ-পোষণকে বাধ্যতামূলক করলেন।

**নারীর উন্নয়নে বিপ্লব :** রাসুলুল্লাহ (সা.) বিয়ের পর স্বামীর ওপর স্ত্রীর মোহর আরোপ করলেন। স্ত্রীকে প্রয়োজনে তালাক দেওয়ার অধিকার, পুনরায় গ্রহণ, পুনর্মিলন ও পুনর্বিয়ের জন্য নির্ধারণ করলেন কতগুলো নির্দিষ্ট নীতিমালা। তালাকপ্রাপ্তা ও বিধবা নারীকে দিলেন ন্যায্য অধিকার। পুরুষের সঙ্গে তাদেরও দিলেন সামাজিক মর্যাদা, ধর্মীয়, অর্থনৈতিক, রাজনৈতিক, আধ্যাত্মিক ও আইনগত অধিকার। এভাবে নারীজাতির উন্নয়নে আনলেন এক বৈপ্লবিক পরিবর্তন। তাদের কল্যাণে রাখলেন অবিস্মরণীয় অবদান। সৃষ্টি করলেন নতুন অধ্যায়। উন্মুক্ত করলেন নব দিগন্তের। ফলে নারীজাতি পেয়েছে তাদের ন্যায্য অধিকার। অবমাননা ও লাঞ্ছনার গ্লানি থেকে তাদের ইজ্জত-আব্রু রক্ষা পেয়েছে। আধুনিক বিশ্বে নারীমুক্তি আন্দোলনের প্রবক্তারা কি আদৌ পেরেছে, নারীদের উন্নয়নে মহানবী (সা.)-এর দেখানো জীবনব্যবস্থার সামান্যও বাস্তবায়ন করতে? তারা কি পেরেছে নারীদের ন্যায্য অধিকার দিতে?

**নারীর প্রতি সুবিচার :** ইসলাম যুদ্ধের ময়দানে বৃদ্ধা ও শিশুদের ন্যায় নারীদের হত্যা করাকে নিষিদ্ধ করেছে। মিলন ছাড়া ঋতু ও প্রসূতিকালে তাদের সঙ্গে ওঠাবসা ও মেলামেশা বৈধ করেছে। তাদের সঙ্গে সে সময় কোনো প্রকার বৈষম্য করাকে ইসলাম সমর্থন করে না, যেমনটি জাহেলি যুগে কিছু সম্প্রদায়ের লোক করত। আয়েশা (রা.) বলেন, 'আমি ঋতুকালীন অবস্থায় একটি পাত্র থেকে পানি পান করতাম। ওই পাত্রেই রাসুলুল্লাহ (সা.)-কে পানি পান করতে দিলে তিনি তা দিয়েই পান করতেন। এমনকি পাত্রের যে স্থানে আমি আমার মুখ লাগাতাম, তিনি ঠিক সে স্থানেই মুখ রাখতেন।' *(সুনানে নাসায়ি : ৩৭৮)*। তিনি আরও বলেন, 'ঋতুকালীন সময়ে রাসুলুল্লাহ (সা.) তার কোলে হেলান দিয়ে কোরআন তেলাওয়াত করতেন।' *(বোখারি : ২৯৭)*।

**নারীর অধিকার রক্ষা :** জিহাদ, হিজরত ও ইজারার ক্ষেত্রে ইসলাম নারীদের অধিকার সমুন্নত রেখেছে। যেভাবে পুরুষরা হিজরত করেছে, অনুরূপভাবে নারীরাও হিজরত করার সুযোগ পেয়েছে। আল্লাহ বলেন, 'হে ঈমানদারগণ, তোমাদের কাছে মোমিন নারীরা হিজরত করে এলে তোমরা তাদের পরীক্ষা করে দেখ। আল্লাহ তাদের ঈমান সম্পর্কে অধিক অবগত। এরপর যদি তোমরা জানতে পার, তারা মোমিন, তাহলে তাদের আর কাফেরদের কাছে ফেরত দিও না। তারা কাফেরদের জন্য বৈধ নয় এবং কাফেররাও তাদের জন্য হালাল নয়। তারা যা ব্যয় করেছে, তা তাদের ফিরিয়ে দাও। তোমরা তাদের বিয়ে করলে তোমাদের কোনো অপরাধ এরপর ২৮ পৃষ্ঠায়



# ইমাম মাহদির পরিচয় ও আগমনের আলামত

রায়হান রাশেদ

পৃথিবীতে কেয়ামত হবে- এটি চিরন্তন অবিচল সত্য। কিন্তু কখন হবে, আল্লাহ ভালো জানেন। এ ব্যাপারে কাউকে কিছু জানানো হয়নি। এমনকি নবী-রাসুল বা ফেরেশতাদেরও। তবে কোরআন ও হাদিসে কেয়ামতের আগের বেশ কিছু আলামতের কথা এসেছে। এর মধ্যে অন্যতম হলো ইমাম মাহদির আগমন।

**ইমাম মাহদির পরিচয় :** ইমাম মাহদির নাম মুহাম্মাদ। বাবার নাম আবদুল্লাহ। প্রায় হাদিসে তার নাম মাহদি এসেছে। মুসলমানরা মাহদি নামেই তাকে বেশি জানে। মাহদি অর্থ ন্যায়নিষ্ঠ, সুপথপ্রাপ্ত, প্রতিশ্রুত। পৃথিবীতে এসে তিনি ন্যায় প্রতিষ্ঠা করবেন। শান্তির হাওয়া বয়ে দেবেন। দূর করবেন অন্যায় ও জুলুমের খড়্গ।



ইমাম মাহদি নবীজি (সা.)-এর বংশধর। বাবার দিক থেকে হাসানের (রা.) এবং মায়ের দিক দিয়ে হুসাইনের (রা.) বংশধর হবেন। উম্মে সালামা (রা.) বলেন, 'আমি রাসুলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, মাহদি আমার পরিজন থেকে ফাতেমার সন্তানদের বংশ থেকে আবির্ভূত হবে।' (আবু দাউদ : ৪২৮৪)। ইমাম মাহদি নবী নন। তবে তিনি হবেন মুসলমানদের নেতা। ইসা (আ.) তার ইমামতিতে নামাজ আদায় করবেন।

**কত সালে কোথায় আগমন করবেন ইমাম মাহদি? :** ইমাম মাহদি কত সালে জন্মগ্রহণ করবেন, পৃথিবীতে এসেছেন কি না, এ ব্যাপারে কোরআন-হাদিসে সুস্পষ্ট কোনো বর্ণনা পাওয়া যায় না। হাদিসের বর্ণনা থেকে পাওয়া যায়, তিনি কেয়ামতের আগে পৃথিবীতে আগমন করবেন। তিনি কোন শহরে জন্মগ্রহণ করবেন, এ ব্যাপারে মতভেদ রয়েছে। কানজুল উম্মাল বইয়ে আছে, তার জন্ম হবে মদিনায়। *(কানজুল উম্মাল : ৩৯৬৭১)*। ইবনে উমর (রা.) মনে করেন, ইমাম মাহদির জন্মশহর কুফায়। তিনি কুফাবাসীকে উদ্দেশ্য করে বলেন, 'হে কুফাবাসী, তোমরা ইমাম মাহদির আগমনে অত্যন্ত সৌভাগ্যবান।' *(মুসান্নাফে ইবনে আবি শায়বা : ৩৩১২১)*। অনেক ইসলামি বিশেষজ্ঞরা মনে করেন, ইমাম মাহদি মদিনা থেকে আত্মপ্রকাশ করবেন। সেখান থেকে মক্কায় আসবেন। মক্কায় কিছু মানুষ তার হাতে বাইয়াত গ্রহণ করবেন। তৎকালীন সময়ে আরবের জালেমদের বিরুদ্ধে যুদ্ধ করে তিনি জয়ী হবেন। তিনি হবেন মুসলিমদের নেতা।

**দেখতে কেমন হবেন তিনি :** ইমাম মাহদি দেখতে কেমন হবে, এ সম্পর্কে হাদিসে আলোচনা আছে। ইমাম মাহদি হবেন মধ্যম প্রকৃতির। গঠন গড়ন হবে খুবই সুন্দর। কপাল হবে দীপ্তিময় ও প্রশস্ত। ডাগর ডাগর চোখ হবে। নাক হবে সরু, লম্বা ও খাঁড়া। চেহারা হবে উজ্জ্বল তারকার মতো। তার ডান গালে একটা তিল থাকবে। আবু সাইদ খুদরি (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'মাহদি আমার বংশধর। উজ্জ্বল ললাট ও নত নাসিকা বিশিষ্ট। (অর্থাৎ দীর্ঘ নাক তথা অগ্রভাগ কিছুটা সরু এবং মধ্যভাগ কিছুটা স্ফীত, একেবারে চ্যাপটে নয়) ন্যায় ও নিষ্ঠায় পৃথিবী ভরে দেবে, এরপর ২৮ পৃষ্ঠায়



# ইসলামে হিজড়াদের অধিকার ও মর্যাদা

ইসরাত জাহান সারা

নারীও নয়, পুরুষও নয়: এ ধরনের একশ্রেণিকে প্রায়ই রাস্তাঘাটে নানা রকম অঙ্গভঙ্গি করে চাঁদা তুলতে দেখা যায়। সভ্য সমাজে অবহেলিত এ শ্রেণিকে 'হিজড়া' বলা হয়। ইসলামে মানবাধিকারের ক্ষেত্রে হিজড়া, তৃতীয় কিংবা চতুর্থ লিঙ্গ বলতে কিছু নেই। এদের ইসলাম মানবসন্তান হিসেবে আখ্যায়িত করেছে। মানবসন্তানদের মতো তাদের বিধান দেওয়া হয়েছে। সমাজে হিজড়াদের অধিকার ও মর্যাদা সমুন্নত রাখতে ইসলাম পথ নির্দেশক। ইসলামই হিজড়াদের পূর্ণাঙ্গ মানুষ মনে করে। আল্লাহতায়ালা বলেন, 'নিশ্চয়ই আমি মানুষকে সৃষ্টি করেছি শ্রেষ্ঠতম সুন্দর আকৃতিতে।' *(সুরা তীন : ৪)*।

**হিজড়ারা সমাজে অবহেলিত :** আমাদের সমাজে পর্যাপ্ত ইসলামি জ্ঞান না থাকায় এবং নানা কুসংস্কার, সামাজিক অবক্ষয় ও নৈতিক দৈন্যতার কারণে হিজড়ারা বঞ্চিত ও অবহেলিত। ক্ষেত্র বিশেষ নিপীড়ন ও নির্যাতনের শিকার। তাই ইসলামি বিধানমতে তাদের অধিকার নিশ্চিত করা জরুরি। রাসুল (সা.) বলেন, 'নিশ্চয়ই আল্লাহতায়ালা তোমাদের চেহারা এবং সম্পদ দেখেন না; বরং তিনি তোমাদের হৃদয় এবং আমলগুলো দেখেন।' *(মুসলিম : ৬৭০৮)*।

এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City সেপ্টেম্বর ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২০ | ৫:২৬ | ৬:৪২ | ১২:৪৯ | ৪:১৬ | ৬:৫৬ | ০৮:১২ |
| ২১ | ৫:২৭ | ৬:৪৩ | ১২:৪৯ | ৪:১৫ | ৬:৫৪ | ০৮:১০ |
| ২২ | ৫:২৮ | ৬:৪৪ | ১২:৪৯ | ৪:১৪ | ৬:৫৩ | ০৮:০৮ |
| ২৩ | ৫:২৯ | ৬:৪৫ | ১২:৪৮ | ৪:১৩ | ৬:৫১ | ০৮:০৬ |
| ২৪ | ৫:৩০ | ৬:৪৬ | ১২:৪৮ | ৪:১২ | ৬:৪৯ | ০৮:০৫ |
| ২৫ | ৫:৩১ | ৬:৪৭ | ১২:৪৮ | ৪:১০ | ৬:৪৮ | ০৮:০৩ |
| ২৬ | ৫:৩৩ | ৬:৪৮ | ১২:৪৭ | ৪:০৯ | ৬:৪৬ | ০৮:০১ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## জরিপে জোহরান মামদানির জনপ্রিয়তার তথ্য প্রকাশ

৩ পৃষ্ঠার পর

যুক্ত অংশগ্রহণের উদাত্ত আহবান জানান কাউন্সিলওম্যান শাহানা হানিফ। অনুষ্ঠানের আয়োজক ছিলেন ড্রামের অর্গানাইজিং ডিরেক্টর কাজী ফৌজিয়া।

'নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনের প্রাইমারিতে আপনারা আমাকে সহযোগিতা করেছিলেন। যে কারণে আমি আপনাদের কাছে কৃতজ্ঞ। আপনাদের যে কোন প্রয়োজনে আমি পাশে থাকবো'। গত ৬ সেপ্টেম্বর ব্রুকলীনের একটি পার্কে ড্রাম নিটিনের ফান্ড রেইজিং অনুষ্ঠানে নিউইয়র্ক সিটির মেয়র প্রার্থী জোহরান মামদানি এসব কথা বলেন। প্রচণ্ড বৃষ্টির মধ্যে এই অনুষ্ঠানে জোহরান মামদানি বলেন, আমার নির্বাচনে বাংলাদেশীদের অসামান্য ভূমিকা ছিলো। জ্যামাইকায় এক র‍্যালিতে আমাকে নিয়ে স্লোগান দেয়া হয়- তোমার মেয়র, আমার মেয়র, মামদানি, মামদানি।

এদিকে সর্বশেষ এক জরিপ অনুযায়ী মামদানিকে (৪৬) সমর্থন প্রদানের কথা জানিয়েছেন। নিউইয়র্ক স্টেটের সাবেক গভর্ণর এ্যান্ড্রু কুমো (৬৭) ডেমোক্র্যাটিক পার্টির মনোনয়ন পেতে ব্যর্থ হয়ে স্বতন্ত্র হিসেবে মাঠে নেমেছেন। তাকে সমর্থন দিয়েছেন মাত্র ২৪ শতাংশ ভোটার। এ নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থীর প্রতি সমর্থন দেয়ার কথা জানিয়েছেন মাত্র ১৫ শতাংশ। অপরদিকে, বর্তমান মেয়র এরিক এডামসকে ৯ শতাংশ সমর্থন দিয়েছেন। উল্লেখ্য, এ্যান্ড্রু কুমোর বিজয় ত্বরান্বিত করার অভিপ্রায়ে ট্রাম্প এরিক এডামসকে সৌদি আরবের রাষ্ট্রদূত করার প্রস্তাব দিয়েছেন। ট্রাম্পের ধারণা এরিক সরে দাঁড়ালে কুমোর বিজয়ের পথ সুগম হতে পারে।

নিউইয়র্ক সিটিতে দক্ষিণ এশিয়ানদের রাজধানী হিসেবে পরিচিত কুইন্সের জ্যাকসন হাইটস সংলগ্ন এস্টোরিয়া ও লং আইল্যান্ড সিটি নিয়ে গঠিত স্টেট এ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৩৬ থেকে ২০২০ সালের নির্বাচনে বিজয়ের পর প্রবাসী বাংলাদেশিদের সাথেও সখ্যতা বাড়িয়েছেন। সে সূত্রে তার মেয়র নির্বাচনেও বাংলাদেশিরা সরব হয়েছেন। যার প্রভাব দৃশ্যমান হলো গত শনিবার নিউইয়র্ক সিটির প্রসপেক্ট পার্কে 'ড্রাম মিটিং' নামক একটি সংস্থার বনভোজন পার্টিতে। বৃষ্টি সত্ত্বেও শতশত প্রবাসীর সমাগমে হাজির হয়েছিলেন জোহরান মামদানি।

## আটলান্টিক সিটিতে শারদোৎসবের ব্যাপক প্রস্তুতি

৩ পৃষ্ঠার পর

দুর্গার মর্ত্যে আবির্ভাব। ত্রেতাযুগে অসুরকুলের দাপটে সমগ্র মানব জাতি যখন উৎকণ্ঠিত তখন মানব কল্যাণে এই ধরাধামে আবির্ভূত হন ভগবান রামচন্দ্র। তিনি পিতৃ আদেশে বনবাসে থাকাকালীন লঙ্কেশ্বর রাবণ তার স্ত্রী সীতাকে অপহরণ করে লংকায় লুকিয়ে রাখেন। বসন্তকালের পরিবর্তে শরৎকালে দেবী দুর্গাকে আহবান করায় এ পূজাকে 'অকালবোধন' বলা হয়। এর পরিপ্রেক্ষিতেই শরৎকালে দুর্গাপূজার প্রচলন হয়। এবছর দেবী দুর্গা মর্ত্যে আসছেন হাতিতে চড়ে, বিদায় নেবেন পালকিতে চড়ে। হাতিতে দেবীর আগমন পৃথিবীতে শান্তি, সমৃদ্ধি ও শস্য-শ্যামলা নিয়ে আসে, যা কৃষিকাজের জন্য শুভ বলে মনে করা হয়। পালকিতে দেবীর গমনকে মর্তবাসির জন্য অশুভ হিসেবে দেখা হয়, কারণ এটি মহামারী, ভূমিকম্প এবং অন্যান্য দুর্যোগের ইঙ্গিত বহন করে। শারদোৎসবের বার্তা পেয়ে প্রবাসী বাংগালি হিন্দুরা মেতে উঠেছে দুর্গোৎসবের হরেক আয়োজনে। প্রবাসে বেড়ে ওঠা তরুন প্রজন্ম স্যাটেলাইটের কল্যাণে হাল ফ্যাশন সম্পর্কে সম্যক অবগত। তরুণীরা অনলাইনে অর্ডার দিয়ে, নিউইয়র্কের বিভিন্ন বাংগালি ফ্যাশন হাউজ থেকে তা সংগ্রহ করেছে। কেউ কেউ আবার দেশ থেকে পরিচিতজনদের মাধ্যমেও তাদের পছন্দের পোশাক সংগ্রহ করেছে। সেসব তরুণীর পছন্দ পাশ্চাত্য ফ্যাশন তারা ছুটছে মার্কিনী শপিং মলগুলোতে। তরুণদের পছন্দ হাল ফ্যাশনের পাঞ্জাবি ও বিভিন্ন ধরনের পোশাক পরিচ্ছদ। তারাও নিউইয়র্কের ফ্যাশন হাউজ, অনলাইন অথবা দেশ থেকে তা আনিয়েছে। বাচ্চারা তাদের পোশাক ও জুতোর জন্য মা-বাবার হাত ধরে ছুটছে মার্কিন শপিং মলগুলোতে। কেউ কেউ ছুটছে নিউইয়র্ক এর বাংলাদেশী ফ্যাশন হাউজগুলোতে।

দুর্গাপূজার বিভিন্ন আয়োজনের মধ্যে থাকছে তিথি অনুযায়ী পুজো অর্চনা, অঞ্জলি,ধর্মীয় সভা,সাংস্কৃতিক অনুষ্ঠান,মহাপ্রসাদ বিতরন ইত্যাদি। দুর্গাপূজার সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রবাসী শিল্পীদের সাথে প্রবাসে বেড়ে ওঠা প্রজন্ম অংশগ্রহণ করবে। তাই মন্ডপে অংশগ্রহনকারীদের কল-কাকলিতে বিকেল থেকে রাত পর্যন্ত মন্দির প্রাঙ্গণ মুখরিত থাকে।

দুর্গাপূজার বিভিন্ন আয়োজনে নিউজার্সি ছাড়াও নিউইয়র্ক, পেনসিলভেনিয়া সহ অন্যান্য রাজ্য থেকেও প্রবাসী হিন্দুদের ব্যাপক সমাগম ঘটবে।






## ডক্টর ইউনূসকে ভয়ংকর রূপ দেখাবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

৩ পৃষ্ঠার পর

বাংলাদেশ আওয়ামীলীগের কার্যক্রম নিষিদ্ধ করেছে। তাই আমাদের রূপ এতো ভয়ংকর হয়েছে, আর স্বাভাবিক রূপে কিছু হবে না। তাই আওয়ামীলীগ যুক্তরাষ্ট্রে ইউনূসকে ভয়ঙ্কর রূপ দেখাবে। তাকে বিমান বন্দরে প্রতিহত করা হবে। তাকে যুক্তরাষ্ট্রে অবাঞ্চিত ঘোষণা করেছে আওয়ামীলীগ। তবে, সব কিছু এদেশের আইনের মধ্য থেকেই করা হবে। কিন্তু আমাদের কেউ আঘাত করলে তার উচিত জবাব দেওয়া হবে। সমাবেশ থেকে জানানো হয়, আগামী ২২ সেপ্টেম্বর জেএফকে বিমানবন্দরে টার্মিনাল-৮ এ অবতরণ করবেন ড. ইউনূস। তাই সেদিন সেখানে তাকে কালো পতাকা প্রদর্শন ও তার পদত্যাগের দাবিতে বিক্ষোভ করা হবে। এছাড়া প্রধান উপদেষ্টা যে হোটেলে থাকবেন, সেই 'গ্র্যান্ড হায়াত' হোটেলের সামনে ২৬ সেপ্টেম্বর অবস্থান কর্মসূচী নেয়া হয়েছে। পাশাপাশি একই দিন জাতিসংঘের সদর দপ্তরের সামনে বিক্ষোভ ও গত এক বছরের 'রক্তমাখা রাজনীতি' বা নেতিবাচক কার্যক্রম নিয়ে প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে 'যুক্তরাষ্ট্রের মাটি, শেখ হাসিনার ঘাটি', হঠাও ইউনূস বাঁচাও দেশ, শেখ হাসিনার বাংলাদেশ, ইত্যাদি স্লোগান দেন আওয়ামীলীগের নেতা কর্মীরা।

## প্রথমবারের মতো মসজিদে মেয়র প্রার্থী কুমো

৩ পৃষ্ঠার পর

তাঁর দিকে তাকিয়ে ছিলেন।

কুমো নিউইয়র্কের মেয়র পদে প্রার্থিতার প্রচার শুরুর পর নিয়মিত গির্জা, সিনাগগ ও শিখ মন্দিরে গিয়েছেন। তবে এবার প্রথম গতকাল শুক্রবার নগরের ব্রুকসের কুবা ইসলামিক সেন্টারে প্রচারে গেলেন। মসজিদে এটিই ছিল তাঁর প্রথম নির্বাচনী প্রচার। নিউইয়র্ক অঙ্গরাজ্যের গভর্নর হিসেবে ১০ বছর দায়িত্ব পালন করা কুমো মেয়র পদে দলীয় প্রাইমারিতে এক বিতর্কে প্রশ্নের মুখে পড়েছিলেন। শেষ কবে কোনো মসজিদে গিয়ে মুসলিম সম্প্রদায়ের সঙ্গে কুশল বিনিময় করেছিলেন তিনি। সেই প্রশ্নে তিনি হিমশিম খেয়েছিলেন এবং সদুত্তর দিতে না পেরে ব্যাপক সমালোচনার মুখে পড়েছিলেন।

শুক্রবারের বক্তব্যে কুমো নিউইয়র্ককে নতুন আসা অভিবাসীদের জন্য সুযোগের বাতিঘর হিসেবে উল্লেখ করেন, যা মসজিদের অনেক পশ্চিম আফ্রিকান অভিবাসী মুসলিম সম্প্রদায়ের মানুষের সঙ্গে সংগতিপূর্ণ মনে হয়। তিনি বলেন, তাঁর দাদার প্রায় ১০০ বছর আগে ইতালি থেকে আসার যাত্রা ও এসব মানুষের যাত্রা একই রকম। নির্বাচিত হলে তিনি নিশ্চিত করবেন, মুসলিমরা নিউইয়র্কে এসে যে সাফল্যের স্বপ্ন দেখেছেন, তা যেন বাস্তবে পান।

পরোক্ষভাবে প্রধান প্রতিদ্বন্দ্বী ডেমোক্র্যাট প্রার্থী জোহরান মামদানিকে লক্ষ্য করে কুমো বলেন, তিনি বছরে ৫০ হাজার ডলারের কম আয় করা পরিবারগুলোর জন্য বাস ও সাবওয়ে বিনা মূল্যে করবেন এবং বাসাভাড়ার খরচ কমাতে কাজ করবেন। 'অ্যাফোর্ডেবিলিটি' বা সাশ্রয়ী আবাসনের ইস্যুতে জোর দিয়ে জোহরান মামদানি ডেমোক্রেটিক পার্টির প্রাথমিক বাছাই ভোটে জয়ী হয়েছেন। কুমো বলেন, মানুষ এখন সাশ্রয়ী আবাসনের কথা বলছে। এটা আসলে পুরোনো সমস্যার নতুন শব্দ। আসল সমস্যা হলো মধ্যবিত্ত, কর্মজীবী পরিবার ও গরিবেরা তীব্র অর্থনৈতিক চাপে আছে।

গত শুক্রবার জ্যাকসনকে মুসল্লির সামনে কুমোর এই উপস্থিতি দেখিয়েছে, ডেমোক্রেটদের প্রাইমারিতে জোহরানের কাছে হারের পর থেকে তিনি প্রচারে আরও সরাসরি কৌশল নিয়েছেন। জোহরান নিজে মুসলিম এবং এই মসজিদে তিনি একাধিকবার এসেছেন। সাম্প্রতিক জরিপে দেখা যাচ্ছে, স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করা কুমো ডেমোক্র্যাট প্রার্থীর চেয়ে অনেক পিছিয়ে আছেন। রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া এবং স্বতন্ত্র প্রার্থী বর্তমান মেয়র এরিক অ্যাডামসও বেশ পিছিয়ে আছেন। গত শুক্রবার অ্যাডামসও কাছের একটি মসজিদে প্রচার চালিয়েছেন, যেখানে মূলত পশ্চিম আফ্রিকান অভিবাসীরা নামাজ পড়েন।






## ইসলামে হিজড়াদের অধিকার ও মর্যাদা

২৫ পৃষ্ঠার পর

জন্ম ও দৈহিক অবয়ব আল্লাহর দান : হিজড়া সম্প্রদায়ও আল্লাহতায়ালার সৃষ্টি। তারাও সৃষ্টির সেরা জীব। প্রতিবন্ধীদের যেমন শারীরিক ত্রুটি থাকে, এটিও তেমন এক ত্রুটি। তবে এর কারণে তাদের মনুষ্য সমাজ থেকে বের করে দেওয়া যাবে না। বরং অন্যান্য প্রতিবন্ধীদের মতোই তারাও স্নেহ, মমতা ও ভালোবাসা পাওয়ার অধিকার রাখেন। তাদের প্রতি ঘৃণা, দুর্ব্যবহার, খারাপ মন্তব্য করা গোনাহের কাজ। তাদের গালি দেওয়াও মহাপাপ। তুচ্ছ-তাচ্ছিল্য করা জঘন্য অপরাধ।

তাদের এ দুর্বলতার কারণে তাদের ঠাট্টা করার মানে হলো, আল্লাহতায়ালার সৃষ্টিকে ঠাট্টা করা। আল্লাহর সৃষ্টিকে হাসি-তামাশার বিষয় বানানো গর্হিত কাজ। ইসলামের মৌলিক বিশ্বাস অনুযায়ী মানুষের জন্ম ও দৈহিক অবয়ব সম্পূর্ণ আল্লাহর দান। আল্লাহ যাকে যেভাবে খুশি সৃষ্টি করেন। দৈহিক পূর্ণতা ও অপূর্ণতা তার ইচ্ছাধীন। আল্লাহতায়ালা বলেন, 'তিনি (আল্লাহ) যা যেভাবে ইচ্ছে সৃষ্টি করেন।' (সুরা শুরা : ৪৯)।

সব ত্রুটিহীন বা ত্রুটিপূর্ণ মানুষ সমান : ইসলাম মানুষ হিসেবে হিজড়াদের প্রাপ্য সম্মান দিতে এবং নামাজের জামাতসহ সামাজিক ও ধর্মীয় কর্মকাণ্ডে তাদের অংশগ্রহণ অনুমোদন করেছে। কোরআন-হাদিসে অঙ্গ ও আকৃতির ভিত্তিতে মানুষকে ভাগ করা হয়নি। আল্লাহতায়ালার কাছে সব ত্রুটিহীন অথবা ত্রুটিপূর্ণ মানুষই সমান।

হাশরের ময়দানে সবাইকেই জিজ্ঞাসিত হবে। ইসলামের দৃষ্টিতে সব মানুষ সমান। ঈমান ও তাকওয়া হচ্ছে মানুষের মর্যাদার মানদণ্ড। যে যত বেশি মুত্তাকি, আল্লাহ তাকে তত বেশি ভালোবাসেন। আল্লাহতায়ালা বলেন, 'হে মানুষ! আমি তোমাদের সৃষ্টি করেছি এক পুরুষ ও এক নারী হতে। পরে তোমাদের বিভক্ত করেছি বিভিন্ন জাতি ও গোত্রে। যেন তোমরা একে অপরের সঙ্গে পরিচিত হতে পারো। তোমাদের মধ্যে ওই ব্যক্তিই আল্লাহর কাছে বেশি মর্যাদাসম্পন্ন, যে বেশি মুত্তাকি।' (সুরা হুজুরাত : ১৩)।

## ইসলামে নারীর অধিকার

২৫ পৃষ্ঠার পর

হবে না, যদি তোমরা তাদের তাদের মোহর দাও। আর তোমরা কাফের নারীদের সঙ্গে বৈবাহিক সম্পর্ক বজায় রেখ না। তোমরা যা ব্যয় করেছ, তা ফেরত চাও। তারা যা ব্যয় করেছে, তা যেন তারা চেয়ে নেয়। এটা আল্লাহর বিধান। তিনি তোমাদের মাঝে ফয়সালা করেন। আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।' (সুরা মুমতাহিনা : ১০)।

মতামত ও পরামর্শ গ্রহণ : পুরুষের মতো নারীদেরও মতামত দেওয়া ও পরামর্শ দেওয়ার অধিকার রয়েছে ইসলামে। যখন তারা কোনো গ্রহণযোগ্য মতামত দেবে, তখন তা অবশ্যই গ্রহণ করতে হবে। রাসুলুল্লাহ (সা.) স্ত্রী খাদিজা (রা.) থেকে বিভিন্ন সময় পরামর্শ চাইলে তিনি তাকে বলতেন, 'আমি আল্লাহর শপথ করে বলছি, আল্লাহ আপনাকে কখনও অপমানিত করবেন না। কারণ, আপনি আত্মীয়তার সম্পর্ক সমুন্নত রাখেন, সত্য কথা বলেন, অসহায় মানুষের সহায়তা করেন, অতিথিদের আপ্যায়ন করেন এবং অধিকার বঞ্চিতদের অধিকার আদায়ে সাহায্য করেন।' (বোখারি : ৩, মুসলিম : ৪২২)।

নারীকে অধিক মর্যাদা দান : ইসলাম নারীদের শুধু পুরুষের মতোই সমান মর্যাদা দিয়ে ক্ষান্ত হয়নি; বরং ইসলাম কোনো কোনো ক্ষেত্রে নারীদের পুরুষের চেয়েও অধিক মর্যাদা দিয়েছে। আল্লাহ কোরআনে নারীদের নামে একটি সুরা নাজিল করেছেন। নারী যখন মা হয়, তখন সন্তানের জন্য জান্নাতকে তাদের পায়ের তলে রেখেছেন। আর ইসলাম নারীদের সঙ্গে সদাচরণ করার জন্য উপদেশ দিয়েছে তিনবার; আর পুরুষদের প্রতি দিয়েছে একবার। কোনো নারী সন্তান প্রসবের সময় মারা গেলে সে শাহাদতের মর্যাদা লাভ করে। আধুনিক বিশ্বে নারী স্বাধীনতার নামে নগ্নতা, ব্যভিচার, বিজ্ঞাপনের মডেল, ফ্যাশন শো চলছে। এ সুযোগে পাশ্চাত্যের বস্তুবাদী সভ্যতার ধারক-বাহকেরা নারী স্বাধীনতার নামে ভোগ-বিলাসের লিপ্সায় পণ্যে পরিণত করে নারীর অধিকার ও মর্যাদা নিয়ে ছিনিমিনি খেলছে। ফলে বৃদ্ধি পাচ্ছে অবাধ যৌনাচার। হাজার হাজার মেয়ে হচ্ছে কুমারী মাতা। দেখা দিচ্ছে আতঙ্কবাহী 'এইডস'। এর নামই কি নারী স্বাধীনতা?

নারীজাতির মুক্তির দিশারী মহানবী (সা.) তাদের অগ্রোন্নয়নে বিদায় হজে ঘোষণা করলেন মুক্তিসনদ। কোরআনে নারীদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে রয়েছে বিস্তারিত আলোচনা। মহানবী (সা.)-এর অমীয় বাণী হাদিসেও রয়েছে নারী অধিকারের বিস্তারিত বর্ণনা। যার দৃষ্টান্ত ইসলাম ছাড়া অন্য কোনো ধর্মে খুঁজে পাওয়া যাবে না। সত্যিই সর্বকালে সর্বযুগের নারীজাতির সব সমস্যার একমাত্র সমাধান হচ্ছে মহানবী (সা.) উপস্থাপিত 'ইসলাম'। তার নির্দেশিত জীবনব্যবস্থার অনুসরণই একমাত্র দিতে পারে নারীজাতির উন্নয়নের গ্যারান্টি।

লেখক : গবেষক ও শিক্ষাবিদ।

## ইমাম মাহদির পরিচয় ও আগমনের আলামত

২৫ পৃষ্ঠার পর

ঠিক যেমন এর আগে অত্যাচার-অবিচারে ভরে গিয়েছিল। সাত বছর রাজত্ব করবে।' (আবু দাউদ : ৪২৮৫)।

ইমাম মাহদি আগমনের আলামত : তখন পৃথিবীর দিকে দিকে অন্যায়-অবিচার বেড়ে যাবে। মানুষকে অন্যায়ভাবে হত্যা করা হবে। জুলুম করা হবে। সবখানে চলবে দুঃশাসন। সত্যের ওপর প্রাধান্য পাবে মিথ্যা। ধর্মের ওপর বিস্তার লাভ করবে অধর্ম। ন্যায়কে পদদলিত করবে অন্যায়। নারী ও দুর্বলের জন্য পৃথিবী হয়ে উঠবে ভয়ংকর জায়গা। 'জোর যার মুল্লুক তার' নিয়মে চলবে দেশ। পাপাচার ও ব্যভিচার সয়লাব করবে পৃথিবীর অলি-গলি ও পাড়া-মহল্লা। হত্যা, লুটতরাজ ও যুদ্ধে ক্লান্ত হয়ে পড়বে বড় বড় জাতি ও দেশ। সেসময় পৃথিবীতে ন্যায় ও নিষ্ঠার মশাল নিয়ে আগমন করবেন ইমাম মাহদি।

বরকত নেমে আসবে পৃথিবীতে : ইমাম মাহদি শেষ সময়ে পৃথিবীতে আসবেন। তার আগমনে উম্মতে মুহাম্মদির সম্মান বাড়বে। তার শাসনামলে আকাশ থেকে প্রচুর বৃষ্টি নামবে। জমিনে প্রচুর ফসল উৎপন্ন হবে। গৃহপালিত পশুর সংখ্যা বাড়বে। তিনি মানুষের মাঝে সমানভাবে সম্পদ বিতরণ করবেন। (সিলসিলায়ে সহিহা : ৭১১)।

নিরাপরাধ লোকদের হত্যা : অন্ধকারের অতল গহ্বরে ঢেকে যাবে পৃথিবী। হত্যা করা হবে নিরাপরাধ মানুষকে। হত্যা ও জুলুমের ফেতনা ছড়িয়ে পড়বে দেশ-দেশান্তরে। সত্য উচ্চারণের খুব বেশি মানুষ পৃথিবীতে পাওয়া যাবে না। ঠিক তখনই পৃথিবীতে আসবেন ইমাম মাহদি। ইবনে হাজার হাইতামি (রহ.) বলেন, 'নিরপরাধ লোকদের একটি বড় অংশকে হত্যা করে ফেলার পর ইমাম মাহদির আগমন ঘটবে। হত্যার ফেতনা থেকে কেউ বাঁচতে পারবে না। ক্রমান্বয়ে এ ফেতনা এক জায়গা থেকে অন্য জায়গায় ছড়িয়ে পড়বে। একসময় আসমান-জমিনের মাঝে এ ধরনের হত্যাযজ্ঞের ধারা বন্ধ হলে ইমাম মাহদির আগমন হবে।' (আল-কওলুল মুখতাসার ফি আলামাতিল মাহদিল মুনতাজার : ২১-২২ ও ৩৭)।

এক তৃতীয়াংশ মানুষ বেঁচে থাকবে : ইমাম মাহদি আগমনের সময় পৃথিবীতে মাত্র এক-তৃতীয়াংশ মানুষ বেঁচে থাকবে। আলি (রা.) বলেন, 'ইমাম মাহদির আগমনের আগে পৃথিবীর এক-তৃতীয়াংশ মানুষকে হত্যা করা হবে। এক-তৃতীয়াংশ মানুষ মারা যাবে। আর এক-তৃতীয়াংশ মানুষ অবশিষ্ট থাকবে।' (কিতাবুল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ : ৯৫৯)।

কিয়ামতের আগে আগমন করবেন : রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'পৃথিবীর জীবনকালের যদি একটি মাত্র দিন অবশিষ্ট থাকে, তবে সে দিনটিকে আল্লাহতায়ালা দীর্ঘ করে আমার পরিবারের একজন ব্যক্তিকে প্রেরণ করবেন। তার নাম আমার নাম এবং তার পিতার নাম আমার পিতার নামের মতো হবে।' (তিরমিজি : ২২৩০)।

ঈসা (আ.) ও তখন পৃথিবীতে আসবেন : ইমাম মাহদির সময় পৃথিবীতে ঈসা (আ.)-এর আগমন হবে। তিনি ইমাম মাহদির পেছনে ফজরের নামাজ আদায় করবেন। আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'কেমন হবে যখন তোমাদের মাঝে মরিয়মের ছেলে ঈসা (আ.) অবতরণ করে তোমাদেরই একজনের পেছনে ফজরের নামাজ আদায় করবেন।' (মুসলিম : ৪০৯)। ইসলামি বিশেষজ্ঞরা বলেন, ইমাম হবেন ইমাম মাহদি।

ফিলিস্তিন এবং ইমাম মাহদি : ইমাম মাহদি রাজত্বের শেষদিকে মুসলিমদের নিয়ে মসজিদুল আকসায় আশ্রয় নেবেন। বাইরে দাজ্জাল ইহুদিদের নিয়ে তাদের হত্যা করার জন্য বন্দি করে রাখবে। অন্যদিকে মুসলিমরাও দাজ্জালের সঙ্গে যুদ্ধের জন্য প্রস্তুত হবে। এরই মধ্যে ঈসা (আ.) নামেকে আগমন করে মুমিনদের রক্ষা করতে ফিলিস্তিনে রওনা হবেন। (তিরমিজি : ২২৪০)।

ইমাম মাহদিকে মেনে নিতে নবীজির (সা.) নির্দেশনা : রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'তোমাদের রত্ন-ভান্ডারের (কাবার) কাছে তিনজন খলিফার সন্তান যুদ্ধ করতে থাকবে। কেউই দখলে সফল হবে না। প্রাচ্য থেকে একদল কালো পতাকাবাহী লোক এসে (তোমাদের কাছে) নেতৃত্ব চাইবে; কিন্তু তখনকার নেতৃস্থানীয়রা তাদের হাতে ক্ষমতা হস্তান্তর করতে অস্বীকার করবে। ফলে তারা যুদ্ধ করবে। যুদ্ধে তাদের (আল্লাহর পক্ষ থেকে) সাহায্য করা হবে। তারা তোমাদের এমনভাবে হত্যা করবে, যেমনটি এর আগে কেউ (কখনো) করেনি।

অতএব, তারা বিজয়ী হবে। অতঃপর তাদের নেতৃত্ব দেওয়া হবে; কিন্তু এবার তারা তা গ্রহণ না করে আমার পরিবারের এক লোকের হাতে সোপর্দ করে দেবে। সে জমিনকে ন্যায়-ইনসাফে ভরে দেবে। ঠিক যেমনভাবে এর আগে জুলুম অত্যাচারে ভরে দেওয়া হয়েছিল। সুতরাং তোমাদের মধ্যে উপস্থিতরা তার কাছে বাইয়াত হয়ে যায়। যদিও তোমাদের এমনটি করতে হামাগুড়ি দিয়ে বরফের পাহাড় পাড়ি দিতে হয়।' (ইবনে মাজাহ : ৪০৮৪; আল-বাজজার, আল-বাহরুজ জাখখার, ১০/১০০)।

দাজ্জালকে হত্যায় সহযোগিতা করবেন মাহদি : সুনানে আবু দাউদের ভাষ্যকার আল্লামা শামছুল হক আজিমাবাদি বলেন, 'শেষ যুগে এক সৎ লোক আগমন করে ইসলামকে শক্তিশালী করবেন। ন্যায়বিচার প্রতিষ্ঠা করবেন। মুসলমানরা তার অনুসরণ করবে। সমস্ত ইসলামি রাজ্যের ওপর তার আধিপত্য বিস্তার হবে। তার নাম হবে মাহদি। তার আগমনের পরেই সহিহ হাদিসে বর্ণিত কেয়ামতের অন্যান্য বড় আলামতগুলো প্রকাশিত হবে। তার সময়েই ঈসা (আ.) আগমন করবেন এবং দাজ্জালকে হত্যা করবেন। এ ব্যাপারে মাহদিও তাকে সহযোগিতা করবেন।

তিনি কত বছর রাজত্ব করবেন? : ইমাম মাহদি কত বছর রাজত্ব করবেন এ নিয়ে ইসলামি স্কলারদের মাঝে মতভেদ আছে। সিলসিলায়ে সহিহার ৭১১ নম্বর হাদিসে আছে, তিনি সাত বা আট বছর রাজত্ব করবেন। কাতাদাহ (রহ.) বলেন, 'তিনি ৯ বছর অবস্থান করবেন।' ইমাম আবু দাউদ (রহ.) বলেন, 'মুআজ ছাড়া অন্যরা হিশাম থেকে বর্ণনা করে বলেন, ৯ বছর অবস্থান করবেন।' (আবু দাউদ : ৪২৮৭)।

লেখক : আলেম ও সাংবাদিক।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372




KARNAFULLY TRAVEL INC.

# EXCLUSIVE UMRAH PACKAGE FOR NOVEMBER 2025

| JFK-JEDDAH | MADINA-JFK | TOTAL DAYS |
|---|---|---|
| 19TH NOV | 29TH NOV. | 9 DAYS (2 Jummah Makka & Madina) |

## PACKAGE INCLUDES

1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *

## KARNAFULLY TRAVEL INC.

37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



## COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814


Galaxy media
PRESENTS
ASIF
AKBAR
& ATIYA ANISHA
USA HERITAGE TOUR
TITLE SPONSOR:
GOLDEN AGE
HOME CARE
POWERED BY:
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
CALL FOR BOOKING:
929-538-7903
Want to book them
in your city?
Media Partner:
Rtv
আজকাল
ইনকিলাব
WEEKLY INQILAB

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
RE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com



## সাংবাদিক আনাস পাশা ও কালামকে নিয়ে জমজমাট আড্ডা

৩ পৃষ্ঠার পর

নেন। গত বুধবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টে এ আড্ডা অনুষ্ঠিত হয়। সাংবাদিক ও সংগঠক সৈয়দ আনাস পাশা-যিনি জন্মভূমির লড়াই থেকে প্রবাসের সংগ্রাম, দুই জায়গাতেই ছিলেন অটল সঙ্গী। বসবাস করেন লন্ডনে।

আড্ডায় অংশ নেন টাইম টিভির সিইও আবু তাহের, পরিচালক ইলিয়াস খসরু, প্রথম আলোর মনজুরুল হক, মাহফুজ রহমান, আয়শা সাদিয়া, শেখী জামান খান, ফারমিন আখতার, এমডি জেলা সিদ্দিকী, মোঃ বদরুল ইসলাম সোহেল, শাহজল রওশন, নিউইয়র্ক কাগজের সম্পাদক আফরোজা ইসলাম, সাবেক ছাত্রনেতা আজহার উদ্দিন, মুহিত উদ্দিন, আশরাফ কালাম সাংবাদিক ইকবাল হোসেন, এমদাদ চৌধুরী দিপু, সাহিদুল শিপন, দীপক কুমার আচার্য, সৈয়দ উজমা, খন্দকার শিপার আহমেদ, মোঃ আব্দুল কুদ্দুস, অনির্বাণ খন্দকার, এ কে এম আশরাফ, জ্ঞান রঞ্জন দাশ, মুহিত উদ্দীন আহমেদ, সৈয়দ উজমা, রুহুল খান, জাকির হোসেন, মুহুল রশীদ চৌধুরী, বিমান দাশ, শাহ ফরিদ আহমেদ ও দিলদার হোসেন ।





নিউইয়র্কের ব্যস্ত নগরজীবনে একেকটা দিন যেন ছুটে চলে কেবল কাজ আর দৌড়ে থাকার নিরন্তর মেলাতে। কিন্তু হঠাৎ করে কোনো একটি সন্ধ্যা এসে ভিড় জমায় ভিন্ন রঙে-যখন পুরনো সহপাঠী, প্রিয় বন্ধু আর সাথিরা একত্রিত হন। তখন শহরের কোলাহল ছাপিয়ে উঠে আসে স্মৃতি, হাসি, আড্ডা আর অমলিন বন্ধুত্বের আবেগ। এমনই একটি অনুষ্ঠান হলো আনাস পাশা ও আবুল কালামকে ঘিরে। বুধবারের আড্ডা আলোচনাও যেমনি হয়ে উঠে এক অনন্য দ্রুত বলা গল্পের মতো। আড্ডা আলোচনা ভাষা, সংস্কৃতি আর বন্ধুত্বের বন্ধন প্রবাস জীবনের কঠোর বাস্তবতাকে আলোকিত করে তোলে। দেশ থেকে হাজার মাইল দূরে থেকেও এই মিলন শুধু স্মৃতিচারণ নয়, বরং জীবনের শক্তি, আনন্দ আর আশ্বাসের উৎস। এমন সন্ধ্যা হয়তো বারবার আসে না। কিন্তু একবার এলেই তা থেকে যায় হৃদয়ের গভীরে, স্মৃতির খাঁজে, ঠিক যেমন থেকে যায় যৌবনের গান।

## ট্রাম্পের রাজকীয় নৈশভোজে রুপার্ট মারডক

৩ পৃষ্ঠার পর

ঘনিষ্ঠজন। রাজপরিবারই বসার ব্যবস্থা নির্ধারণ করে। ট্রাম্প ও রাজা চার্লস তৃতীয় এবং ওয়েলসের রাজকুমারী ক্যাথরিন এর মধ্যে বসলেন এবং ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প রানী ক্যামিলা এবং ওয়েলসের প্রিন্স উইলিয়ামের পাশের টেবিলে বসেন।

এরমধ্যে একজন আছেন যিনি এই নৈশভোজে উপস্থিত থাকতে পারেননি, মার্কিন যুক্তরাষ্ট্রে সদ্য বরখাস্ত ব্রিটিশ রাষ্ট্রদূত পিটার ম্যান্ডেলসন। যাকে এপস্টেইনের সাথে তার ব্যাপক সম্পর্ক গণমাধ্যমের প্রতিবেদনে প্রকাশিত হওয়ার পরে রাষ্ট্রীয় সফরের কয়েকদিন আগে ব্রিটিশ প্রধানমন্ত্রী কেয়ার স্টারমার বরখাস্ত করেছিলেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হোয়াইট হাউসের কর্মকর্তা, ব্রিটিশ বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং ওপেনএআই-এর সিইও স্যাম অল্টম্যান, এনভিডিয়ার সিইও জেনসুয়েন হুয়াং, ব্ল্যাকরকের সিইও ল্যারি ফিঙ্ক, নিউজম্যাক্সের সিইও ক্রিস্টোফার রুডি, ব্ল্যাকস্টোন গ্রুপের সিইও স্টিফেন শোয়ার্জম্যান, ব্যাংক অফ আমেরিকার সিইও ব্রায়ান ময়নিহান এবং নর্থব্যাংক বোর্ডের পরিচালক রেনে হ্যান।

যুক্তরাজ্যের কর্মকর্তারা মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে একটি অনুকূল বাণিজ্য অবস্থান চান, তাই ট্রাম্পের শীর্ষ কর্মকর্তাদের মধ্যে একজনের একটি উল্লেখযোগ্য আসন রয়েছে। ট্রেজারি সেক্রেটারি স্কট বেসেন্ট রানী ক্যামিলার পাশে বসবেন। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ও তাঁর স্ত্রীও নৈশভোজে অংশ নিয়েছিলেন।

রাজকীয় ভোজ সভায় ১০০ জনেরও বেশি কর্মী খাবার পরিবেশন করেন। অতিথিরা বিভিন্ন আকারের উজ্জ্বল ফুলের একাধিক অলংকৃত করা টেবিলে বসেন। টেবিল জুড়ে প্রায় ১৩০টি মোমবাতি ছিল। প্রতিটি সেটিংয়ে তিনটি কাঁটা চামচ, তিনটি ছুরি, একটি চামচ ও পানীয় গবলেট ছিল। অতিথিদের ইংরেজি, ফরাসি এবং আমেরিকান ওয়াইনের মিশ্রণ পরিবেশন করা হয়। একটি নিখুঁত ভাঁজ করা ন্যাপকিন বিলাসবহুল টেবিল সেটিং-এ আকর্ষণ বাড়িয়ে দেয়।

মেনুতে পার্মেসান শর্টব্রেড এবং কোয়েল ডিমের সালাদসহ একটি পান্না কোট্টা ডি ক্রেসন স্টার্টার অন্তর্ভুক্ত ছিল। এরপর অতিথিদের কাবানিক নরফোক মুরগির ব্যালটাইন পরিবেশন করা হয়, যা একটি থাইম এবং সুস্বাদু মিশ্রিত জুসের সাথে কোরগেট মোড়ানো থাকে। ডেজার্ট হল একটি ভ্যানিলা আইসক্রিম বোমা যার অভ্যন্তরে কেন্টিশ রাস্পবেরি শরবেট ছিল। পাশাপাশি হালকাভাবে পোচ ভিক্টোরিয়া প্লাম ছিলই।

রাজপরিবারের পক্ষ থেকে প্রকাশিত একটি ভিডিওতে ক্যাটারিংয়ের জন্য মাস্টারের সহকারী এবং রাজকীয় শেফ মার্ক ফ্লানাগান বলেন, আমাদের বেশিরভাগ মেনুতে, আমরা নিশ্চিত করার চেষ্টা করি যে আমরা মৌসুমের সেরাটি যাতে ব্যবহার করতে পারি।

রাজকীয় শেফ হোয়াইট হাউসের শেফের সাথে যোগাযোগ করেছিলেন যখন তারা মেনুটি তৈরি করেছিলেন। যদিও এটি শেষ পর্যন্ত রাজা চার্লসকে মাথায় রেখে ডিজাইন করা হয়েছিল, যাকে কর্মকর্তারা সারগ্রাহী ভোজ হিসাবে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমরা সবসময় সফরকারী দেশের কথা ভাবার এবং সে সম্পর্কে সচেতন থাকার চেষ্টা করি। আমরা তাদের খাবারের হুবহু অনুকরণ করার চেষ্টা করি না। তবে আমরা কোনওভাবে মেনুতে কোনও কিছুর জন্য সম্মতি জানান ফ্লানাগান বলেন। খাবারের টেবিলে অতিথিরা ছিলেন অত্যন্ত তৃপ্ত।

## নিউইয়র্ক ফ্যাশন উইকে নিবিড় আদনান



৩ পৃষ্ঠার পর

এবং কলম্বিয়ার মতো দেশগুলোর ২৮টি ল্যাটিন আমেরিকান ব্র্যান্ডের পাশাপাশি জাপান, যুক্তরাজ্য এবং পর্তুগালের আন্তর্জাতিক ব্র্যান্ডগুলো একত্রিত হয়েছিল।

মূল অনুষ্ঠানের আগে ৮ সেপ্টেম্বর বিশ্বের বিভিন্ন দেশের তিন হাজার মডেলের মধ্যে জায়গা করে নেন মূল পর্বে। ইভেন্ট চলাকালীন তিন দিনে নিবিড় পারফর্ম করেছেন পাঁচজন আন্তর্জাতিক ডিজাইনারের পোশাকে। তিনি হাটেন ওকোরাবিএইচ (যুক্তরাজ্য), মনকন্টার (অস্টিন, টেক্সাস), দ্য টোকিও আইবস (জাপান), রানওয়ে সেভেন ফ্যাশন (নিউ ইয়র্ক, এলএ, মিয়ামি) এবং এমা রিটিক (টোকিও)। মেকআপ করেছেন মুক অন বিউটি, ফটোগ্রাফিতে ছিলেন আজা স্টন।

নিবিড় আদনান বলেন, এটি শুধু ব্যক্তিগত গৌরব নয়, বাংলাদেশের নাগরিক হিসেবে এটি এক অবিস্মরণীয় মুহূর্ত। নিউ ইয়র্ক ফ্যাশন উইকের আন্তর্জাতিক মঞ্চে দেশের প্রতিনিধিত্ব করা সত্যিই স্বপ্নের বাস্তবায়ন। আন্তর্জাতিক সেলিব্রিটির সঙ্গে একই মঞ্চে থাকা এবং তাদের প্রশংসা পাওয়া অদ্ভুত অভিজ্ঞতা ছিল। তাদের সমর্থন ও শুভকামনা হৃদয় ছুঁয়ে গেছে। প্রসঙ্গত, এই ফ্যাশন সপ্তাহের অংশগ্রহণের মাঝে ১১ সেপ্টেম্বর তিনি ইন্টারন্যাশনাল হেরিটেজ ফ্যাশন উইকে অংশগ্রহণ করেন এবং আগামী ২০ সেপ্টেম্বর অংশ নেবেন কৌচার ফ্যাশন উইকে।

সুপার মডেল নিবিড় আদনান দেশীয় প্রায় সব ব্র্যান্ডের সঙ্গেই মডেল হয়ে কাজ করেছেন। দেশের সীমানা পেরিয়ে দীর্ঘ সময় কাজ করেছেন ভারতের মুম্বাইয়ে। আমাজন ইন্ডিয়া, রেমন্ড, স্পাইকার ছাড়াও অনেক ভারতীয় ব্র্যান্ডের পণ্যের মুখ হিসেবে দেখা গেছে তাকে। ইতালির বিশ্বখ্যাত বুলগারি ব্র্যান্ডের পারফিউমের ব্র্যান্ড অ্যাম্বাসাডর হয়েও কাজ করেছেন। এছাড়া ঢাকা ও মুম্বাইয়ের বাইরে লন্ডন ও দুবাইভিত্তিক ব্র্যান্ডের মডেল হিসেবেও কাজ করেছেন নিবিড়। তিনি পেয়েছেন বহু আন্তর্জাতিক সম্মাননা ও স্বীকৃতি। তিনি গত ১৪ সেপ্টেম্বর নিউ ইয়র্কে ইন্টারন্যাশনাল মডেল অব দ্য ইয়ার ক্যাটাগরিতে এনআরবি অ্যাওয়ার্ড গ্রহণ করেন। মডেলিং ছাড়াও অভিনয়েও নিয়মিত হতে যাচ্ছেন এ সুপার মডেল। চলতি বছর এখা মার্কিন চলচ্চিত্রের মাধ্যমে বড়পর্দায় তার অভিষেক ঘটে।








বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি
সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা
ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা
১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা
USA 5 YEARS MULTIPLE TOURIST VISA
দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
SCHENGEN TOURIST VISA
এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
*Visa Issued by Consulate General
NEW YORK OFFICE
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
DHAKA OFFICE
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## কুইন্স লাইব্রেরীতে সরকারী চাকরি বিষয়ক সেমিনার ২০ সেপ্টেম্বর

৬২ পৃষ্ঠার পর

পারবেন। এনবিবিএল প্রতি বছর একাধিকবার এরকম সেমিনারের আয়োজন করে আগ্রহীদের হাতে কলমে সরকারি চাকরিতে যোগদানের সুযোগ সৃষ্টি করে দেয় যার ফলশ্রুতিতে এখন নিউ ইয়র্ক সিটির সকল দপ্তরে উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশি কর্মকর্তার উপস্থিতি লক্ষ করা যায়। আয়োজকরা জানান, নিউইয়র্ক শহরে অগণিত বাঙালি ছেলেমেয়েরা উচ্চশিক্ষা থাকা সত্ত্বেও একটি ভালো সরকারী চাকুরি খুঁজে পাচ্ছে না। এখানে সেখানে কম বেতনে অমানবিক পরিশ্রম করে যাচ্ছেন। অনেক বাংলাদেশিই জানেন না যে তারা কোন না কোন সরকারি চাকরির জন্য যোগ্য। অনেকে এটাও জানেন না যে, নিউ ইয়র্ক সিটির প্রায় সব সরকারি চাকরিতেই যোগদানের কোন বয়সের বিধি নিষেধ নাই। যোগ্য হলে যে কেউ যে কোন বয়সেই চাকরিতে নিয়োগ পেতে পারেন। আবার এসব চাকরিতে অবসর গ্রহণেরও কোন বয়সের বাধ্যবাধকতা নেই। এফ ট্রেনে জ্যামাইকার ১৬৯ স্ট্রিটে নেমে দু-তিনটা ব্লক পার হলেই কুইন্স লাইব্রেরি।

আয়োজকরা আরো জানান, সরকারি চাকুরিরত অভিজ্ঞ নবীন প্রবীন কর্মকর্তাগণ সরকারি চাকুরিতে যোগদানের ও নাগরিকদের বিভিন্ন সরকারি সুযোগ সুবিধার বিষয়ে বিস্তারিত তথ্য জানাবেন। এর মধ্যে রয়েছে কীভাবে বায়োডাটা তৈরী করতে হবে। বায়োডাটা বা রিজিউমির নমুনাও বিলি করা হবে। বাংলাদেশের শিক্ষাগত যোগ্যতার সনদগুলো কীভাবে মূল্যায়ন করে এদেশের সমমান বের করা হয়, কোথায় কোথায় চাকরির সুযোগ আছে, কেমন করে নিজেকে যোগ্য করা যায়, কেমন করে পরীক্ষায় অংশ নিতে হয় ইত্যাদি।

এছাড়াও নিউইয়র্কে বসবাসরত নাগরিকরা কী কী সরকারি সুযোগ সুবিধা পেতে পারেন, তার একটি ধারনাও সেমিনারে দেয়া হবে। যেমন- ফুড স্ট্যাম্প, মেডিকেইড, মেডিকেয়ার, নগদ অর্থ ও নিয়মিত মাসিক বাড়ি ভাড়া; যাদের আয় কম অথচ বাড়ি ভাড়া বেশী তাদের ভাড়া সহায়তা হিসাবে সেকশন৮, সিটি ফেপস ইত্যাদি সরকারি সহায়তা; সরকারী বাসা পাওয়ার পদ্ধতি; যারা দীর্ঘদিন বাসাভাড়া দিতে পারেননি এবং প্রচুর বকেয়ার কারনে উচ্ছেদের হুমকিতে আছেন তাদের জন্য এককালীন থোক সহায়তা- ইত্যাদি।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL

37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M
(1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


## ড. ইউনূস আসছেন ২২ সেপ্টেম্বর

১ পৃষ্ঠার পর

অংশগ্রহণ করবেন। এদিন সকালের অধিবেশনে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভাষণ দেবেন। আগামী ২৬ সেপ্টেম্বর বিকেলে তিনি জাতিসংঘের ৮০তম অধিবেশনে ভাষণ দেবেন। ড. মোহাম্মদ ইউনূস বাংলাদেশে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণের পর এটি তার দ্বিতীয়বার জাতিসংঘ সাধারণ অধিবেশনে অংশগ্রহণ করা। তাঁর আগমনকে ঘিরে বিমানবন্দর, হোটেল এবং জাতিসংঘ সদর দপ্তরের পাশে যুক্তরাষ্ট্রে বসবাসরত আওয়ামী লীগের নেতারা বিক্ষোভ দেখাবে বলে ঘোষণা দিয়েছে। এসব কারণে যুক্তরাষ্ট্রে বাংলাদেশ দূতাবাস ও স্থায়ী মিশনের পক্ষ থেকে তাঁর নিরাপত্তার বিষয়ে সতর্কতা অবলম্বন করা হচ্ছে বলে জানা গেছে। নিউইয়র্ক বাংলাদেশ কনস্যুলেটে গত ২৪ আগস্ট, ২০২৫ ড. ইউনূস সরকারের তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের উপস্থিতিকে ঘিরে আওয়ামী লীগ নেতাদের বিক্ষোভ ও হামলার ঘটনা ঘটেছিল। তাতে ভবনের দরজার গ্লাস ভাঙ্গাসহ মধ্যরাত পর্যন্ত তারা সেখানে অবস্থান করে অশ্লীল ভাষায় গালিগালাজ করে বলে কনস্যুলেটের পক্ষ থেকে পুলিশকে জানানো হয়। যা এখন ফেডারেল ও এনওয়াইপিডি আলাদাভাবে তদন্ত করছে।

## অঘটন ঘটাতে মরিয়া আওয়ামী লীগ

১ পৃষ্ঠার পর

করতে প্রস্তুত। সেটা জাতিসংঘের সামনে, ম্যানহাটন, জেএফকে বিমানবন্দরে এমনকি জ্যাকসন হাইটসে। ঘোষণা দিয়ে আওয়ামীলীগ বিভিন্ন স্টেট থেকে কর্মীও নিয়ে আসছে। থাকার ব্যবস্থা করছে হোটেলগুলোতে। ড. ইউনূসের আবাসস্থল পেনিনসুলা হোটেলে ক্রাউন প্লাজা (?), ক্রকলিন। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান ঘোষণা দিয়েছেন, ১৮ সেপ্টেম্বর থেকে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন মধ্যরাত অবধি তারা জ্যাকসন হাইটসে থাকবেন। তিনি বলেছেন, ভয়ানক প্রস্তুতি নিয়েছে আওয়ামী লীগ। যেখানেই ইউনূস, সেখানেই প্রতিরোধ।

দেশে একটি জনপ্রতিনিধিত্বশীল নির্বাচিত সরকার না থাকায় নানা উপসর্গ দেখা দিয়েছে। পতিত ও বিতাড়িত সরকারের অনুসারিরা বলিয়ান হয়ে মাঠে নামার চেষ্টা করছে। ইউনূস সরকারের ব্যর্থতা ও জন আকাংখা পূরণ না হওয়ায় জনগনও হাসিনার দুঃশাসন ভুলতে বসেছে। নিষিদ্ধ হবার পরও তারা দেশে ঝটিকা মিছিল করছে। সোশাল মিডিয়ায় তীব্র তৎপর। লন্ডনে অর্ন্তবর্তি সরকারের উপদেষ্টাকে হেনস্থা করেছে। শক্তির মহড়া দেখিয়েছে আওয়ামী শক্তি। নিউইয়র্কে গত মাসেই আওয়ামী সমর্থকরা বাংলাদেশ কনস্যুলেটে হামলা চালিয়েছে। দরজা জানালা ভাংচুর করেছে।

ড. ইউনূসের নিউইয়র্কে আগমন ঘিরে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নানা ধরনের জঙ্গি কর্মসূচি ঘোষণা করেছে। যেকোনভাবে ড. ইউনূস ও তার সফরসঙ্গীদের হেনস্থা করে তারা লাইম লাইটে আসতে চায়। শেখ হাসিনাকে তাদের শক্তিমত্তা দেখাতে মরিয়া তারা। যেখানেই ইউনূসের সফরসঙ্গীদের পাবে তাদের উপর হামলা দেবে। বাংলাদেশ স্থায়ী মিশন ও কনস্যুলেট নিরাপত্তার ব্যাপক প্রস্তুতি নিয়েছে। নিউইয়র্ক সিটির পুলিশ বাহিনী প্রধান উপদেষ্টার সফরসঙ্গীদের বিশেষ প্রোটেকশন দিবে। সফরসঙ্গীর চমকের তালিকায় বিএনপির ফখরুল ইসলাম আলমগীর ও জামায়াতের ডা. আবু তাহের। ইউনূসের এই সফর নিয়ে যুক্তরাষ্ট্র বিএনপি ও জামায়াত ছিল নিষ্ক্রিয়। তাদের কোন কর্মসূচি ছিল না। ছিল না অভিনন্দন বা স্বাগত জানানোর কোন আয়োজন। কিন্তু ফখরুল ও তাহের আসায় স্থানীয় দল দুটির নেতারা নড়েচড়ে বসেছেন। তাদের নেতাদের নিরাপত্তা ও সম্মান রক্ষার্থেই আওয়ামী লীগের কর্মসূচির পাল্টা কর্মসূচি হাতে নিচ্ছে। আর এতে সংঘাতের আশংকার মাত্রা যোগ হচ্ছে কমিউনিটিতে। শেখ হাসিনার আগমনে অতীতেও এ ধরনের পাল্টাপাল্টি কর্মসূচি হয়েছে। সংঘাত হয়েছে। পুলিশ ডাকাডাকি হয়েছে। অনেকে গ্রেফতার হয়েছেন। এবারও কি তার পুনরাবৃত্তি ঘটবে?

## আগ্রাসন প্রতিরোধে সৌদি ও পাকিস্তানের প্রতিরক্ষা চুক্তি

৬২ পৃষ্ঠার পর

প্রতিবেদনে এসপিএ জানিয়েছে, বুধবার রিয়াদে সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের মধ্যে বৈঠকে বিভিন্ন ক্ষেত্রে দুই ভ্রাতৃপ্রতিম দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব বাড়ানোর উপায় নিয়ে আলোচনা হয়েছে। তারা আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলী, অভিন্ন স্বার্থ-সংশ্লিষ্ট বিষয় এবং নিরাপত্তা ও স্থিতিশীলতা অর্জনের লক্ষ্যে পরিচালিত প্রচেষ্টা নিয়েও মতবিনিময় করেন।

চুক্তি স্বাক্ষরের সময় নিয়ে জিজ্ঞাসা করা হলে একজন জ্যেষ্ঠ সৌদি কর্মকর্তা বলেন, এই চুক্তিটি বহু বছরের আলোচনার ফল। এটি নির্দিষ্ট কোনো দেশ বা ঘটনার প্রতিক্রিয়া নয়, বরং আমাদের দুই দেশের মধ্যে দীর্ঘদিনের গভীর সহযোগিতাকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া।

পারমাণবিক অস্ত্রের ব্যবহার-সংক্রান্ত এক প্রশ্নের জবাবে পরিচয় প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা বলেন, এটি একটি বিস্তৃত প্রতিরক্ষামূলক চুক্তি, যা সব সামরিক পদ্ধতিকে অন্তর্ভুক্ত করে।

প্রতিবেদনে বলা হয়, এই চুক্তিটি আরব লীগ এবং ইসলামিক সহযোগিতা সংস্থার (ওআইসি) এক অসাধারণ যৌথ বৈঠকের দুই দিন পর স্বাক্ষরিত হলো। গত ৯ সেপ্টেম্বর কাতারের রাজধানী দোহায় ইসরায়েলের হামলার পরিপ্রেক্ষিতে ওই বৈঠক আহ্বান করা হয়েছিল।

আরব ও ইসলামিক দেশগুলো ইসরায়েলের এই হামলার তীব্র নিন্দা জানায়। ওই হামলায় হামাসের রাজনৈতিক নেতৃত্বকে লক্ষ্যবস্তু করা হয়েছিল, যখন তারা মার্কিন-সমর্থিত যুদ্ধবিরতি প্রস্তাব নিয়ে আলোচনা করতে একত্রিত হয়েছিলেন।

## 'নিউইয়র্ক ফ্যাশন হাউসে'র যাত্রা শুরু

৬২ পৃষ্ঠার পর

প্রতিষ্ঠানটির কর্ণধারগণ(?)।

গ্র্যান্ড ওপেনিং অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এপার ও ওপার বাংলার তারকারা। এর মধ্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত এবং বাংলাদেশি অভিনেতা মামনুন হাসান ইমন, সংগীত শিল্পী কিশোর পলাশ(?), ফ্যাশন ডিজাইনার পিয়াল উল্লেখযোগ্য। এছাড়াও ফ্যাশন ও বিনোদন জগতের অন্যান্য বিশিষ্ট ব্যক্তিত্ব এবং স্থানীয় কমিউনিটির প্রতিনিধিরা অংশ নেন। তাদের মধ্যে উল্লেখ যোগ্য ফাহাদ সোলায়মান, বাংলা ট্রাভেলসের সোলায়মান হোসেন। অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন ইমাম আবু জাফর বেগ। আশা গ্রুপের এ প্রতিষ্ঠানটির অবস্থান ৭৪ স্ট্রিট ব্রডওয়ে।

আধুনিক ফ্যাশন ট্রেন্ড অনুযায়ী নান্দনিক পোশাক ও অ্যাক্সেসরিজ সাজানো হয়েছে দোকানজুড়ে। যা শুধু প্রবাসী বাংলাদেশি নয়, বহুজাতিক কমিউনিটির কাছেও আকর্ষণীয় হয়ে উঠবে বলে মনে করেন আমন্ত্রিত অতিথিরা।

প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী আকাশ রহমান বলেন, 'নিউইয়র্ক ফ্যাশন হাউস হবে স্টাইল, সৌন্দর্য এবং বিলাসবহুলতার নতুন গন্তব্যস্থল। কমিউনিটির পাশে থেকে ফ্যাশনের চাহিদা পূরণের পাশাপাশি আন্তর্জাতিক মানের সেবা দিতে বদ্ধপরিকর'।

ঋতুপর্ণা বলেন, এখানে প্রতিষ্ঠানটির নিজস্ব ব্র্যান্ডের ও ডিজাইনের পোশাক রয়েছে। আশাকরি সেগুলো দুই বাংলার মানুষের কাছে সমান জনপ্রিয় হবে এবং মানুষের ক্রয় ক্ষমতার মধ্যেই থাকবে।

## মামদানিকে সমর্থন দিলেন গভর্নর ক্যাথি হকুল

৬২ পৃষ্ঠার পর

গণতান্ত্রিক সমাজতন্ত্রী ৩৩ বছর বয়সী জোহরানের অবস্থান আরও শক্তিশালী হলো। তিনি রাজ্যের অন্যতম শীর্ষস্থানীয় ডেমোক্র্যাট ও ক্ষমতাধর ব্যক্তি। এই সমর্থন হাউস মাইনরিটি লিডার হেকিম জেফরিস, সিনেট মাইনরিটি লিডার চাক শুমারের মতো অন্য শীর্ষস্থানীয় ডেমোক্র্যাটদের ওপর নতুন করে চাপ সৃষ্টি করেছে। তাঁরা এখনো জোহরানকে সমর্থন জানাননি। জেফরিস ও শুমার দুজনেই ব্রুকলিনের বাসিন্দা।

গভর্নর হকুল এ সমর্থন দুই মাসের বেশি সময় ধরে দুজনের মধ্যে বজায় রাখা সতর্ক দূরত্বের অবসান ঘটাল। গত জুনে ডেমোক্রেটিক প্রাইমারিতে (দলীয় বাছাইপর্বে) জোহরান সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমোকে হারিয়ে সবাইকে চমকে দেন। হকুল প্রথমে জোহরানকে সমর্থন জানাতে অস্বীকৃতি জানিয়েছিলেন।

তিনি লিখেছেন, 'কয়েক মাস ধরে আমি তাঁর সঙ্গে খোলামেলা আলোচনা করেছি। আমাদের মধ্যে মতবিরোধ ছিল। কিন্তু আমাদের আলোচনায় আমি এমন একজন নেতাকে দেখেছি, যিনি আমার মতোই এমন একটি নিউইয়র্ক গড়তে চান, যেখানে শিশুরা তাদের এলাকায় নিরাপদে বেড়ে উঠতে পারবে এবং প্রতিটি পরিবারের জন্য সুযোগ হাতের নাগালে থাকবে। আমি এমন একজন নেতাকে দেখেছি, যিনি নিউইয়র্ক নগরকে সাশ্রয়ী করার দিকে মনোনিবেশ করেছেন। তাঁর এ লক্ষ্যকে আমি আন্তরিকভাবে সমর্থন করি।'

জোহরানের নির্বাচনী প্রচারের মূল ভিত্তি ছিল জীবনযাত্রার ব্যয় কমানো এবং প্রগতিশীল বিভিন্ন এজেন্ডা, যেমন বিনা মূল্যে সিটি বাস, সরকারি গ্রোসারি এবং শহরের সবচেয়ে ধনী বাসিন্দাদের ওপর কর আরোপ।

প্রাইমারির পর হকুল বিশেষভাবে ধনীদের ওপর কর আরোপের প্রস্তাব নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেছিলেন, এতে মানুষ রাজ্য ছেড়ে চলে যেতে পারে। কর বৃদ্ধির যেকোনো প্রস্তাব অঙ্গরাজ্যের আইনসভায় পাস হতে হয় এবং গভর্নরের স্বাক্ষরের মাধ্যমে আইনে পরিণত হয়।

হকুল এ সমর্থনের রাজনৈতিক তাৎপর্য তাঁর ও জোহরান দুজনের জন্যই গুরুত্বপূর্ণ। এ সমর্থন জোহরানের বামপন্থী সমর্থক এবং ডেমোক্রেটিক দলের মূলধারার নেতৃত্বের মধ্যে দূরত্ব কমাতে সাহায্য করতে পারে। দলের অনেকেই জোহরানকে তাঁর গণতান্ত্রিক সমাজতান্ত্রিক পরিচয় এবং ইসরায়েলের কড়া সমালোচনাকে সন্দেহের চোখে দেখেন।

অন্যদিকে জোহরানের প্রতি এই সমর্থন আগামী বছর হকুল নিজের পুনর্নির্বাচনী প্রচারের আগে প্রগতিশীলদের মধ্যে তাঁর অবস্থানকেও শক্তিশালী করতে পারে।

হকুল লিখেছেন, 'আমি আনন্দিত, তিনি নগরের ইহুদি নেতাদের সঙ্গে দেখা করেছেন। তাঁদের কথা শুনেছেন এবং সরাসরি তাঁদের উদ্বেগকে গুরুত্ব দিয়েছেন। নিউইয়র্কের সব ধর্মের মানুষ যাতে এ শহরে নিরাপদ ও স্বাচ্ছন্দ্য বোধ করে, তা নিশ্চিত করতে আমরা একসঙ্গে কাজ করার জন্য উন্মুখ।'

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS القطرية | Emirates | TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com



# অ্যাসেম্বলীতে মেরির প্রার্থীতা ঘোষণা









১ পৃষ্ঠার পর
জন্য সকলের প্রতি আহবান জানান। উল্লেখযোগ্য বক্তাদের মধ্যে ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, প্রবীণ প্রবাসী আবুল কালাম, অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট ২৪-এর আগামী নির্বাচনে ডেমোক্র্যাট দলীয় প্রার্থী মাহতাব খান, বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টিবোর্ড সদস্য আব্দুর রহীম হাওলাদার, বাংলাদেশী আমেরিকান এডভোকেসী গ্রুপ-এর সভাপতি জয়নাল আবেদীন, বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টিবোর্ড সদস্য ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, বাংলাদেশী-আমেরিকান সোসাইটির সাধারণ সম্পাদক আমীন মেহেদী, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সহ সভাপতি কয়েস আহমেদ, অ্যালায় কুইন্স চ্যাপ্টারের সভাপতি কাজী ফরিদ আহমেদ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মইনুজ্জামান চৌধুরী, ফখু চৌধুরী, সৈয়দ আল আমীন রাসেল, সানি মোল্লা, মাজেদা উদ্দিন, সেলিনা উদ্দিন, নাহিদ ফেরদৌস, ভারতীয় শিখ কমিউনিটির নেতা জগপ্রেট শিং, আমেরিকান কমিউনিটি হারলেম-এর লিডার জুলিয়ান সেন্ডুরা, ইউনিয়ন লীডার রবার্ট রেমন এবং নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম ও টিবিএন-২৪ এর ভাইস প্রেসিডেন্ট এ এক এম মিসবাহউজ্জামান বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনা করেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ও মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি ইউএসএ'র সহ সভাপতি জাবেদ উদ্দিন ও মেরী জোবায়দার কমিউনিকেশন ডিরেক্টর জেমস কর্জা।

অনুষ্ঠানে মেরী জোবায়দা তার বক্তব্যে সবার সার্বিক সহযোগিতা কামনা করেন এবং তার নির্বাচনী এজেন্ডা নিয়ে সবাইকে সাথে নিয়ে কাজ করার প্রতিশ্রুতি দেন। তিনি বলেন, নিউইয়র্ক সিটি ডেমোক্র্যাটদের সিটি, অভিবাসীদের সিটি। সবাই মিলেন আমাদের এই সিটিকে সুন্দর করতে হবে।

অনুষ্ঠানে কমিউনিটি নেতৃবৃন্দ তাদের বক্তব্যে মেরী জোবায়দাকে একজন যোগ্য প্রার্থী হিসেবে সমর্থন জানান।

অনুষ্ঠানে নিউইয়র্ক সিটির কুইন্স সহ ব্রুকলীন ও ব্রঙ্কস বরো থেকে বিপুল সংখ্যক বাংলাদেশী-আমেরিকান সহ দক্ষিণ এশিয়ান কমিউনিটির বিপুল সংখ্যক সমর্থক যোগ দেন।

অনুষ্ঠানে সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন এর সিইও আবু তাহের, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, সাপ্তাহিক ঠিকানা'র বার্তা সম্পাদক শহীদুল ইসলাম এবং টাইম টেলিভিশনের পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু সহ এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, সদস্য কয়সল আহমেদ, মোহাম্মদ হোসেন আহমেদ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মোহাম্মদ এনাম উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

# যুক্তরাষ্ট্রে বন্দুক হামলায় ৩ পুলিশ সদস্য নিহত

৫২ পৃষ্ঠার পর
তিনজনের। দ্রুত পাল্টা ব্যবস্থা নেয় পুলিশ। হেলিকপ্টারে করে হাসপাতালে নেওয়া হয় হতাহতদের। এ ঘটনায় একজনই জড়িত বলে ধারণা করা হচ্ছে। তবে বিস্তারিত কিছু জানায়নি কর্তৃপক্ষ। তদন্ত শুরু হয়েছে বলে নিশ্চিত করেছেন ফিলাডেলফিয়ার গভর্নর। আড়াই হাজার বাসিন্দার শহরটিতে আপাতত জনসাধারণের জন্য ঝুঁকির কারণ নেই বলেও আশ্বস্ত করেছেন তিনি।




# নোয়াখালী সোসাইটি'র নির্বাচন ২৬ অক্টোবর

৬৪ পৃষ্ঠার পর
যুক্তরাষ্ট্রে বসবাসরত বৃহত্তর নোয়াখালীর বাসিন্দাদের প্রাণের এবং প্রবাসী বাংলাদেশীদের মধ্যে অন্যতম বৃহৎ সংগঠন দি গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ ইনক। প্রধান নির্বাচন কমিশনার তাঁর লিখিত বক্তব্যে বলেন, আগামি ২৬ অক্টোবর সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত ব্রুকলিনের ২৩২ এভিনিউ সি- তে অবস্থিত পিএস-১৭৯ স্কুলে ভোট গ্রহণ করা হবে। সভাপতি, সহ-সভাপতি (২জন), সাধারণ সম্পাদক, সহ-সাধারণ সম্পাদক, অর্থ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, প্রচার সম্পাদক, ধর্ম ও সমাজ কল্যাণ সম্পাদক, ক্রীড়া-শিক্ষা ও সাংস্কৃতি সম্পাদক, দপ্তর সম্পাদক এবং কার্যকরি সদস্য (৫জন) পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

আগামি ৪ বছরের জন্য কার্যকরি কমিটির এই নির্বাচনে ২ হাজার ৪ শত ৬ জন ভোটার তাঁদের ভোটাধিকার প্রয়োগ করবেন। ২১ সেপ্টেম্বর মনোনয়নপত্র বিতরণ করা হবে। ২৩ সেপ্টেম্বর মনোনয়নপত্র দাখিল, ২৪ সেপ্টেম্বর মনোনয়নপত্র বাছাই, ২৫ সেপ্টেম্বর মনোনয়নপত্র প্রত্যাহারের দিন ধার্য করা হয়েছে। প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে ২৬ সেপ্টেম্বর। সংগঠনের কার্যালয়ে সকাল ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত এ সকল কার্যক্রম পরিচালিত হবে। তফসিল ঘোষণার পর সাংবাদিকদের প্রশ্নের উত্তর দেন দি গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ ইনক এর বর্তমান সভাপতি নাজমুল হাসান মানিক ও সহ-সভাপতি আব্দু মিয়া। এসময় নির্বাচন কমিশনের সদস্য, কার্যনির্বাহী কমিটির কর্মকর্তা, বৃহত্তর নোয়াখালীর বিভিন্ন আঞ্চলিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উপস্থিত উল্লেখযোগ্যরা হলেন জাহিদ মিন্টু,মাহবুব হোসেন, ইউনুস জসিম,রুহুল মামুন, রুবেল চৌধুরী ও জামাল উদ্দীন সহ অনেকে।

৫ সদস্যের নির্বাচন কমিশনের অন্য সদস্যরা হলেন ফারুক আহমেদ, অধ্যাপক এ কে এম ইব্রাহিম চৌধুরী রতন, আব্দুল মান্নান ও মোস্তাক মোর্শারফ।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রধান নির্বাচন কমিশনার বলেন, ২ হাজার ৪০৬জন ভোটারের মধ্যে ১৭'শ জন হচ্ছেন লাইফ মেম্বার। বাকী ৭'শ জন হচ্ছেন নিয়মিত সদস্য। চাঁদা পরিশোধ সাপেক্ষে কার্যনির্বাহী কমিটি ইতোমধ্যে হালনাগাদ ভোটার তালিকা প্রস্তুত করে নির্বাচন কমিশনের কাছে হস্তান্তর করেছেন।

# রোজারিও হত্যায় অভিযোগ প্রমাণিত

৬৪ পৃষ্ঠার পর
কর্মকর্তা স্যালভাতোর আলসি ও ম্যাথিউ নিয়ানক্রোকের বিরুদ্ধে অপরাধের প্রমাণ পেয়েছে। সিসিআরবি তাদের প্রতিবেদনে অতিরিক্ত শক্তি ব্যবহার এবং কর্তৃত্বের অপব্যবহারসহ মোট আটটি অভিযোগ স্থির করেছে, যেখানে প্রতিটি কর্মকর্তার বিরুদ্ধে চারটি অভিযোগ অন্তর্ভুক্ত। গত ১১ সেপ্টেম্বর প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, মানসিকভাবে অসুস্থ ব্যক্তির সঙ্গে আচরণের যে নীতি অনুসরণ করা উচিত, তা এই দুই কর্মকর্তা মানেননি। বরং তারা ক্ষমতার অপব্যবহার করেছেন এবং নিষ্ঠুর আচরণ করেছেন। ঘটনার সময় উইন রোজারিও মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছিলেন এবং সহায়তার জন্য ৯১১-এ ফোন করেছিলেন।

ঘটনার দিন পুলিশ কর্মকর্তারা রোজারিওর বাড়িতে পৌঁছে তাকে কাঁচি নিয়ে এগোতে দেখেন। আলসি তার টেইজার ব্যবহার করেন, আর নিয়ানক্রোকে তার বন্দুক বের করেন। ভিডিও ফুটেজে দেখা যায়, রোজারিওর মা, নোটান ইভা কোস্টা, কাঁচি তার ছেলে থেকে তুলে রোজারিওকে রক্ষা করার চেষ্টা করেছিলেন। এরপরও কয়েক সেকেন্ডের মধ্যে রোজারিও আবার কাঁচি তুলে নেন এবং পুলিশ কর্মকর্তারা একাধিকবার গুলি করেন, যার ফলে রোজারিও নিহত হন। পুরো ঘটনাটি মাত্র তিন মিনিটের মধ্যে ঘটেছে। সিসিআরবির তদন্তে দেখা গেছে, রোজারিওর বাড়িতে পুলিশ কর্মকর্তাদের প্রবেশ এবং গুলির ঘটনা নিউইয়র্ক সিটি পুলিশের নির্দেশিকা লঙ্ঘন করেছে। সিসিআরবি তাদের নিজস্ব তদন্তকারীদের সুপারিশকে অগ্রাহ্য করে এই সিদ্ধান্তে পৌঁছায়। কারণ তদন্তকারীরা মূলত মনে করেছিলেন যে কর্মকর্তাদের কর্মপদ্ধতি বিভাগের প্রশিক্ষণ অনুযায়ী ছিল। বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী, আলসি টেইজার ব্যবহারেও নির্দেশিকা লঙ্ঘন করেছেন। এছাড়া বোর্ড অভিযোগ স্থির করেছে যে কর্মকর্তারা বাড়িতে প্রবেশ এবং পরিস্থিতি পরিচালনায় কর্তৃত্বের অপব্যবহার করেছেন।

পুলিশি তদন্তও একই সময়ে চলছিল। নিউইয়র্ক সিটি পুলিশের ফোর্স ইনভেস্টিগেশন ডিভিশন এই হত্যাকাণ্ডের ব্যাপারে পৃথকভাবে অনুসন্ধান করছে। তারা গুলির ব্যাখ্যা, পুলিশ কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং মানসিক স্বাস্থ্য সংকটে থাকা ব্যক্তির সঙ্গে পুলিশের আচরণ বিশ্লেষণ করছে। রাজ্যের অ্যাটর্নি জেনারেল লেটিসিয়া জেমসের অফিসও নিজস্ব তদন্ত চালাচ্ছে, যা স্বাধীনভাবে ঘটনার সব দিক পরীক্ষা করছে। এই তদন্তে পুলিশি প্রতিক্রিয়ার আইনগত ও নৈতিক দিকগুলো বোঝার চেষ্টা করা হচ্ছে এবং কেন পরিস্থিতি এমন আকার নিলো তা নির্ধারণ করা হচ্ছে।

রোজারিও পরিবারের দাবি, পুলিশ কর্মকর্তারা পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেননি। ঘটনার ভিডিও ফুটেজ, পরিবারের সাক্ষ্য এবং অন্যান্য প্রমাণ বিশ্লেষণ করে সিসিআরবি সিদ্ধান্তে পৌঁছেছে যে কর্মকর্তারা নিউইয়র্ক সিটি পুলিশের নির্দেশিকা অমান্য করেছেন। সিসিআরবির এ রায় পুলিশের অতিরিক্ত শক্তি ব্যবহার এবং কর্তৃত্বের অপব্যবহার সম্পর্কিত নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে। রোজারিওর মা বলেন, আমার ছেলে হারানোর বেদনা সহ্য করা অসম্ভব। সিসিআরবির সিদ্ধান্ত আমাদের কিছুটা স্বস্তি দিয়েছে যে উইনের জীবন মূল্যবান ছিল এবং আলসি ও নিয়ানক্রোকে বিপজ্জনক। আমরা চাই, তাদের শাস্তি দেওয়া হোক এবং যেন তারা আর কাউকে ক্ষতি করতে না পারে।

পরিবার এবং মানবাধিকার কর্মীরা মেয়র এরিক অ্যাডামসকে দুই পুলিশ কর্মকর্তাকে বরখাস্ত করার জন্য চাপ দিয়ে আসছেন। তারা শহরের বিরুদ্ধে মামলা করেছেন এবং দাবি করেছেন, পুলিশের অতিরিক্ত শক্তি ব্যবহার ও কর্তৃত্বের অপব্যবহারের দায়ে কর্মকর্তাদের শাস্তি দিতে হবে। সিসিআরবির সিদ্ধান্ত অনুযায়ী, পুলিশ কমিশনার জেসিকা টিশ চূড়ান্তভাবে নির্ধারণ করবেন কর্মকর্তাদের বিরুদ্ধে কোনো শাস্তি কার্যকর হবে কি না। পুলিশ ইউনিয়নের সভাপতি প্যাট্রিক হেন্ড্রি বলেন, বোর্ড তদন্তকারীদের সুপারিশকে উপেক্ষা করেছে। তিনি অভিযোগ করেছেন যে বোর্ড চরম পুলিশবিরোধী সক্রিয়তাবাদীদের প্রভাবিত হয়েছে। তবে সিসিআরবির মুখপাত্র জ্যাকেটা পার্ডনার বলেন, বোর্ড নিউইয়র্কবাসীর প্রতি দায়িত্বশীল এবং সব প্রমাণ পর্যালোচনা করে সিদ্ধান্ত নিয়েছে। তবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে মানবাধিকার সংগঠন ড্রাম। বিশেষ করে ড্রামের অর্গানাইজিং ডিরেক্টর কাজী ফৌজিয়া।

পরিবারের আইনজীবী লুনা ড্রোবি বলেন, সিসিআরবির এ সিদ্ধান্ত রোজারিও হত্যার জন্য দায়ীদের দায়িত্বের দিকে একটি ধাপ এগিয়ে যাওয়া। বিচার কমিটি, যারা রোজারিও পরিবারের পক্ষ নিয়ে এসেছে, আশঙ্কা প্রকাশ করেছে যে নিউইয়র্ক সিটি পুলিশ শাস্তি প্রয়োগে বিলম্ব করতে পারে। কমিটির নির্বাহী পরিচালক লয়দা কোলন বলেন, আলসি ও নিয়ানক্রোকোকে অবিলম্বে বরখাস্ত ও বিচারের মুখোমুখি করতে হবে।

ঘটনাটি পুনরায় আলোচনার কেন্দ্রে এনেছে পুলিশি সহিংসতা, মানসিক স্বাস্থ্য সংকটের মোকাবিলা এবং পুলিশের আচরণ। সিসিআরবির এ রায় পরিবারের জন্য কিছুটা স্বস্তি নিয়ে এসেছে, তবে পুরো শহর এবং পুলিশ বিভাগে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া এখনো বাকি রয়েছে। রাজ্যের অ্যাটর্নি জেনারেল অফিসও এ ঘটনার তদন্ত চালিয়ে যাচ্ছে। উইন রোজারিওর হত্যার ঘটনা পুলিশের অতিরিক্ত শক্তি ব্যবহারের প্রেক্ষাপটে মানবাধিকার ও ন্যায়বিচারের প্রশ্ন তুলেছে। পরিবার, আইনজীবী এবং সমর্থকরা আশা করছেন, সিসিআরবির সিদ্ধান্তের ভিত্তিতে যথাযথ শাস্তি নিশ্চিত করা হবে এবং ভবিষ্যতে এমন নৃশংস ঘটনা প্রতিরোধ করা সম্ভব হবে।

# নোমান শিবলীর দাফন সম্পন্ন



৬৪ পৃষ্ঠার পর
জানাজার আগে শিবলী নোমানের একমাত্র সন্তান বক্তব্য রাখেন। তার বাবার পক্ষে কোন ভুলত্রুটি হয়ে থাকলে সকলের কাছে ক্ষমা প্রার্থনা করেন। নোমানের আত্মার মাগফেরাত কামনা ও জানাজা পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম মির্জা কেফাল বেগ।

মরহুম নোমানের জন্ম নরসিংদী জেলার শিবপুর থানায় ধানুয়া গ্রামে। বাংলাদেশে অবস্থানকালে তিনি একজন সফল ক্রিড়া সংগঠক ছিলেন। আবাহনীর ক্রিকেট টিমের ছিলেন ম্যানেজার। জ্যামাইকার স্টার কাবাব রেষ্টুরেন্টের প্রতিষ্ঠাতা। শনিবার ১৩ সেপ্টেম্বর ম্যাসিভ হার্ট এ্যাটাকে তিনি ইন্তেকাল করেন। তার বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি ২ মেয়ে ও ১ ছেলে সহ অসংখ্য আত্মীয়স্বজন রেখে গেছেন।

# 'কালি হোটেল অ্যান্ড রুফটপ'র টপিং আউট সেরিমনি

৬৪ পৃষ্ঠার পর
আমেরিকার ক্যালিফোর্নিয়ার সোফাই স্টেডিয়ামের পাশে ৩৫০ মিলিয়ন ডলার ব্যয়ে নির্মাণাধীন বিলাসবহুল এই হোটেলটির নেতৃত্ব দিচ্ছেন বাংলাদেশি বংশোদ্ভূত কৃতী উদ্যোক্তা ড. কালি প্রদীপ চৌধুরী, যিনি কেপিসি ডেভেলপমেন্ট কোম্পানির প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান। লস অ্যাঞ্জেলেস টাইমস-এর প্রতিবেদন অনুযায়ী, ৩৫০ মিলিয়ন ইউএস ডলারের এই কালি হোটেলের নির্মাণকাজ ইতিমধ্যেই একটি গুরুত্বপূর্ণ মাইলফলক স্পর্শ করেছে। র‌্যামস-এর মালিক স্ট্যান ক্রোয়েঙ্কে তার বিশাল হলিউড পার্ক উন্নয়ন প্রকল্পে এটিকে যুক্ত করেছেন।

বিশিষ্ট উদ্যোক্তা ড. কালি প্রদীপ চৌধুরী একটি স্বপ্নের প্রকল্প অনুসরণ করছেন, যেখানে তিনি ক্যালিফোর্নিয়ার ভেতরে একটি শহর নির্মাণ করতে চান, যার নাম দিতে চান কালিফোর্নিয়া- তাঁর নামের সাথে মিলিয়ে অক্ষর দিয়ে বানান। যুক্তরাষ্ট্রের বাইরে, তিনি তাঁর প্রিয় মাতৃভূমি বাংলাদেশে ৩৬ বছরেরও বেশি সময় ধরে রাজধানী ঢাকার পূর্বাচলে ১৪২ তলাবিশিষ্ট একটি আকাশচুম্বী ভবন গড়ে তুলতে। দীর্ঘদিন ধরে বাংলাদেশের আমলাতান্ত্রিক জটিলতায় বিভিন্ন কারণে প্রকল্পটি বিলম্বিত হয়েছে। ড. কালি প্রদীপ চৌধুরী আরও আশা প্রকাশ করেছেন যে, সরকার যদি অনুমতি দেয়, তিনি জীবদ্দশায় এই ল্যান্ডমার্ক টাওয়ারটি সম্পন্ন করতে চান। গত ১০ সেপ্টেম্বর এই প্রকল্পের আনুষ্ঠানিকে চিহ্নিত করে কালি হোটেল অ্যান্ড রুফটপ, অটোগ্রাফ কালেকশন টপিং আউট সেরিমনি অ্যাট হলিউড পার্ক আয়োজন করা হয়। অনুষ্ঠানে সম্মাননীয় অতিথি ও বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ক্রোয়েঙ্কে হোল্ডিংসের প্রেসিডেন্ট অটো মার্টি; ইঙ্গলউড শহরের মেয়র জেমস টি. বাটস; ক্রোয়েঙ্কের প্রেসিডেন্ট ও শেয়ারহোল্ডার রায়ান ম্যাকগুইর এবং কেপিসি ডেভেলপমেন্টের চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা ড. কালি প্রদীপ চৌধুরী। অনুষ্ঠান সঞ্চালনা করেন 'এবিসিএস আইউইটনেস নিউজ'-এর জেনারেল অ্যাসাইনমেন্ট রিপোর্টার অ্যাশলে ম্যাকি। ৩০০ কক্ষবিশিষ্ট কালি হোটেল অ্যান্ড রুফটপ, অটোগ্রাফ কালেকশন ক্রোয়েঙ্কে হলিউড পার্ক মাস্টার প্ল্যানের একমাত্র হোটেল প্রকল্প। ডেভেলপাররা আশা করছেন, এটি হবে ভিজিটিং ফুটবল ও বাস্কেটবল টিম এবং তাদের ভক্তদের থাকার অন্যতম পছন্দের স্থান। নির্মাতারা সম্প্রতি ১৩ তলা ভবনের সর্বোচ্চ বিম স্থাপন করেছেন, যা ২০২৬ সালের সেপ্টেম্বর মাসে সম্পন্ন হওয়ার কথা রয়েছে।

সাম্প্রতিক মাসগুলোতে বাড়তি শুল্ক এবং শ্রম ঘাটতির কারণে অনেক ডেভেলপার সমস্যায় পড়েছেন, আংশিকভাবে অভিবাসন নীতির পরিবর্তনের কারণে। তবে লস অ্যাঞ্জেলেস টাইমস জানিয়েছে, কেপিসি আগেভাগে জানালা, লিফটের যন্ত্রাংশ এবং অন্যান্য আমদানিকৃত নির্মাণ সামগ্রীর শুল্ক প্রদান করে রেখেছিল যাতে কোনো বিলম্ব না হয়।

অফিসিয়ালি এই হোটেলের নামকালি হোটেল অ্যান্ড রুফটপ, অটোগ্রাফ কালেকশন। এটি ম্যারিয়টের অটোগ্রাফ কালেকশনের অংশ হবে, যেখানে মালিকরা হোটেলে কাস্টমাইজ করতে পারবেন; কিন্তু ব্র্যান্ডের সুবিধা পাবেন। হোটেলটির নামকরণ করা হয়েছে এর ডেভেলপার ড. কালি প্রদীপ চৌধুরীর নামে। এটি আমেরিকায় কেপিসি ডেভেলপমেন্টের প্রথম হোটেল প্রকল্প।

কালি হোটেল অ্যান্ড রুফটপ স্টেডিয়াম ড্রাইভে গড়ে উঠছে, যা ৭০ হাজার আসনের সোফাই স্টেডিয়ামের বিপরীতে কৃত্রিম লেকের পাশে অবস্থিত। এর প্রধান অবস্থান ইউটিউব থিয়েটার এবং নতুন খোলা ইন্টুইট ডোমের কাছাকাছি হওয়ায় এটি ক্রীড়া ও বিনোদনপ্রেমীদের কাছে বিশেষভাবে আকর্ষণীয় হবে। ভেতরে থাকছে ৩৪টি স্যুইট, যার আকার ৬০০ থেকে ১২০০ বর্গফুট পর্যন্ত এবং কিছু স্যুইটে থাকবে ক্রীড়াবিদদের জন্য বিশেষ সুবিধা, যেমন ১১ ফুট উচ্চতায় স্থাপিত শাওয়ার হেড। সুবিধার মধ্যে থাকছে রুফটপ বার অ্যান্ড রেস্টুরেন্ট, যা থেকে সোফাই স্টেডিয়াম, ইন্টুইট ডোম এবং লস অ্যাঞ্জেলেস বিমানবন্দর -এর মনোরম দৃশ্য দেখা যাবে; তিনটি ডাইনিং ভেন্যু, একটি সুইমিং পুল, ইয়োগা টেরেস, স্পা, ফিটনেস সেন্টার, বলরুম এবং বিভিন্ন মিটিং স্পেস। দীর্ঘদিন ধরে সংরক্ষিত থাকা কিংবদন্তি জকি বিল শুমেকার এবং বিখ্যাত রেসহর্স সোয়াপসের ব্রোঞ্জ ভাস্কর্য এই হোটেলে স্থাপন করা হবে, যা একসময় পুরনো রেসট্র্যাকে দর্শনার্থীদের স্বাগত জানাতো। কালি হোটেল অ্যান্ড রুফটপ ২০২৬ ফিফা বিশ্বকাপ, ২০২৭ সালের সুপার বোল এবং ২০২৮ অলিম্পিকের মতো বৈশ্বিক ইভেন্টে আগত অতিথিদের জন্য প্রস্তুত থাকবে।

কেপিসির মালিকানায় রয়েছে এবং এটি পরিচালনা করে ৫০ লাখ বর্গফুটেরও বেশি বাণিজ্যিক স্থাপনা, ১৮,০০০ একর নির্মাণ ভূমি, হাসপাতাল, মেডিকেল কলেজ, নার্সিং কলেজ, প্যারামেডিক্যাল কলেজের একটি নতুন শৃঙ্খল, ওয়াইনারি, রিসোর্ট, শরীরচর্চা কেন্দ্র, আইটি হাব এবং আধুনিক বায়োটেক উদ্যোগ। কালি হোটেল অ্যান্ড রুফটপ, অটোগ্রাফ কালেকশন পরিচালনা করবে আতিথেয়তাভিত্তিক ম্যানেজমেন্ট হোটেলস অ্যান্ড রিসোর্টস, যারা মালিকদের পক্ষে হোটেল ব্যবস্থাপনা করে। ডিজাইন করেছে ল্যাপ্যায়ার জেনসন কলাবোরেটিভ এবং নির্মাণ করছে ক্লেমন্ড। এটি যুক্তরাষ্ট্রে কেপিসির আতিথেয়তা খাতে প্রথম প্রকল্প, যেখানে ভবিষ্যতে আরও উন্নয়নের পরিকল্পনা রয়েছে।

'লস অ্যাঞ্জেলেস টাইমস'-এর তথ্য অনুযায়ী, স্ট্যান ক্রোয়েঙ্কে প্রায় ৩০০ একর জায়গা নিয়ন্ত্রণ করেন, যা আগে ছিল ঘোড়দৌড় ট্র্যাক। পুরো প্রকল্পটি সম্পন্ন হলে এটি ডিজনিল্যান্ডের আকারের সাড়ে তিন গুণ হবে, যা পশ্চিম আমেরিকায় চলমান সবচেয়ে বড় নগর মিশ্র-ব্যবহারের উন্নয়ন প্রকল্প হিসেবে বিবেচিত হবে।




# ফিলাডেলফিয়ায় চাটগাঁইয়া মেজবানে মানুষের ঢল







আজকাল রিপোর্ট

আপার ডার্বির ৬৯ স্ট্রিট রিক্রিয়েশন পার্কে চট্টগ্রাম অ্যাসোসিয়েশন অব পেনসিলভেনিয়া (ইউএস)-এর উদ্যোগে অনুষ্ঠিত হলো যুক্তরাষ্ট্রে প্রবাসী চাটগাঁইয়াদের সবচেয়ে বড় মিলনমেলা-ঐতিহ্যবাহী চাটগাঁইয়া মেজবান।

অনুষ্ঠানে অংশ নেন প্রায় ১০ হাজার প্রবাসী চাটগাঁইয়া ও বাংলাদেশি। খাবারের আয়োজনে ছিল ৬টি গরু ও ভিন্ন ধর্মাবলম্বীদের জন্য বিশেষভাবে প্রস্তুত ১০টি ছাগল। নিউইয়র্কের শেফ সাত্তার গরুর মাংস রান্নার দায়িত্বে ছিলেন এবং স্থানীয় সনাতন মন্দির হাপনের রান্না পরিচালনা করে। পাশাপাশি ছিল ফ্রি চা, পান ও প্রায় ৫০টি স্টল যেখানে পাওয়া যায় দেশীয় পণ্য ও খাবার। আয়োজনে যোগ দেন আপার ডার্বির মেয়র এড ব্রাউন এবং স্টেট রিপ্রেজেন্টেটিভ জিনা এইচ. কারী। প্রায় ৩০০ ভলান্টিয়ারের অক্লান্ত পরিশ্রমে দিনব্যাপী এ আয়োজন সফলভাবে সম্পন্ন হয়।

নিউইয়র্ক, নিউজার্সি, মেরিল্যান্ড, ডেলাওয়ার, ভার্জিনিয়া, নর্থ ক্যারোলিনা, কানেকটিকাট, টেক্সাস, শিকাগো ও কানাডা থেকে প্রবাসীরা অংশগ্রহণ করে এ উৎসবকে রূপ দেয় এক ঐতিহাসিক মহামিলন মেলায়।

## তুষারার গতিতে কাঁপছে আফগানিস্তান

৫২ পৃষ্ঠার পর

মোস্ত করিম জানাত (১)। সেদিকুল্লাহ অতল অনেকটাই সেট হয়ে গিয়েছিলেন। কিন্তু তার ব্যাট প্যাডের ফাঁক গলে ফুঁড়ে করেন আরেকটি বোল্ড। ১৪ বলে ১৮ করে ফেরেন অতল। ৪০ রানে ৩ উইকেট হারায় আফগানিস্তান। এই প্রতিবেদন লেখা পর্যন্ত ৬ ওভারের পাওয়ার প্লেতে আফগানদের সংগ্রহ ৩ উইকেটে ৪৫ রান।

## নেপালকে বিধ্বস্ত করে দুর্দান্ত শুরু বাংলাদেশের

৫২ পৃষ্ঠার পর

৬৫ মিনিটে চতুর্থ গোলও পেয়ে যায় বাংলাদেশ। মোহাম্মদ মানিক লক্ষ্যভেদ করে দলকে বড় জয় এনে দেন। নেপাল মাঝে মধ্যে চেষ্টা করেছে, কিন্তু গোল ব্যবধান কমাতে পারেনি। এ গ্রুপে ২১ সেপ্টেম্বর স্বাগতিক শ্রীলঙ্কার বিপক্ষে খেলবে বাংলাদেশ।

## রহস্যে ঘেরা তাদের সফর

১ পৃষ্ঠার পর

রাজনীতিবিদরাই দেশ পরিচালনা করবেন। তাই সফরসঙ্গীর তালিকায় এবার রাজনীতিবিদ। পররাষ্ট্র উপদেষ্টার এই যুক্তি অস্বীকার করার উপায় নেই। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বারবার বলছেন, ফেব্রুয়ারিতে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে এটিই যে শেষ কথা নয় তাও বলার অপেক্ষা রাখে না। নির্বাচন নিয়ে একটা অনিশ্চয়তার দোলাচল লোকের মুখে মুখে। ঠিক এই সময়ে গণঅভ্যুত্থানের পক্ষের দলগুলি নানা ইস্যুতে বহুধা বিভক্ত। নির্বাচনের আগে জুলাই সনদ বাস্তবায়ন করার লক্ষ্যে জামায়াতে ইসলামী, এনসিপিসহ বেশ কিছু দল প্রবল দাবি উত্থাপন করেছে। জুলাই সনদ মানে হলো অনেক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সংস্কার যা পার্লামেন্টে অনুমোদন ছাড়া সম্ভব নয়। এমন প্রেক্ষাপটে বিএনপি বলছে, নির্বাচনের পর নির্বাচিত পার্লামেন্ট সংবিধান সংস্কার করে তার বাস্তবায়ন করতে পারে। যদিও যে সকল ক্ষেত্রে সংবিধান সংশোধন প্রয়োজন নেই; তেমন ক্ষেত্রে অবশ্যই অন্তর্বর্তি সরকার নির্বাহী আদেশে সংস্কার তথা জুলাই সনদের অংশ বিশেষ বাস্তবায়ন করতে পারে। এদিকে, জাতীয় ঐকমত্য কমিশন প্রধান আলী রিয়াজ বলছেন, তিনি যেসকল এমিকাস কিউরির সঙ্গে বৈঠক করেছেন; তারা তাকে এই ব্যাপারে পার্লামেন্ট ছাড়াও 'সংবিধান আদেশ' নামের এক আদেশ বলে জুলাই সনদ বাস্তবায়ন করতে পারেন বলে পরামর্শ দিয়েছেন। তবে এই ক্ষেত্রে গণভোট গ্রহণ করতে হবে। কেউ কেউ বলছেন, নির্বাচনের আগে আবার কেউ কেউ বলছেন, ভোটের দিনে গণভোট হতে পারে। এই উপসংহার নিয়ে দেশের বাইরে গেছেন আলী রিয়াজ। এটাও একটা বিশেষ দিক।

জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে রাজনৈতিক সংলাপ চলাকালে জামায়াতে ইসলামী, ইসলামী আন্দোলন এবং খেলাফত মজলিসসহ ইসলামপন্থী দলগুলো রাজপথে যুগপৎ আন্দোলন শুরু করেছে। বিএনপি বলছে, আলোচনা চলাকালে এই আন্দোলন সংকট সমাধানে বাধা হতে পারে। অপরদিকে, দলগুলোর নেতারা রাজপথের আন্দোলনকে কৌশল বলে মনে করেন। আন্দোলনে দুইটি প্রধান দাবি হলো, আনুপাতিক প্রতিনিধিত্ব তথা পিআর পদ্ধতি প্রবর্তন এবং জাতীয় পার্টি ও আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দল নিষিদ্ধকরণ। বিএনপি পিআর পদ্ধতির বিরোধিতা করছে। পাশাপাশি, বিএনপি এও বলছে যে, নির্বাহী আদেশে রাজনৈতিক দল নিষিদ্ধ করাকে তারা সমর্থন করেন না। উল্লেখ্য, নির্বাহী আদেশে আওয়ামী লীগের রাজনীতি এবং নির্বাচন কমিশনে নিবন্ধন স্থগিত আছে। ফলে আগামী নির্বাচনে আওয়ামী লীগ অংশ নিতে পারছে না। জাতীয় পার্টি ও ১৪ দলের পরিকল্পনাও একই ভাগ্য বরণ করতে হবে বলে ইসলামী দলগুলো মাঠ গরম করছে।

আওয়ামী লীগের কর্মকাণ্ড স্থগিত করা হলেও গণঅভ্যুত্থানের মাধ্যমে পতিত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে অবস্থান করে নানা দিক-নির্দেশনার মাধ্যমে বাংলাদেশে দলটির কার্যক্রম বহাল রেখেছেন। তার অংশ হিসাবে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে আওয়ামী লীগের নেতা-কর্মীরা ঝটিকা মিছিল করছেন। মিছিল থেকে অনেকে গ্রেফতার হচ্ছেন। গণঅভ্যুত্থানের লক্ষ্যে আন্দোলন চলাকালে মানবতা বিরোধী অপরাধের দায়ে শেখ হাসিনা ও তার পরিবারসহ অভিযুক্ত আওয়ামী লীগ নেতাদের বিচার বিশেষ ট্রাইব্যুনালে হচ্ছে। তাদের অনেকের নামে দুর্নীতির অভিযোগও আনছে দুদক। এমন এক বাস্তবতায় জাতীয় পার্টি ও ১৪ দলীয় জোটকে একই পরিণতির দিকে নিয়ে যাওয়া হলে এসব দলের সমর্থকরা নির্বাচনে তাদের পছন্দের প্রার্থী পাবেন না। পাশাপাশি, জামায়াত ও এনসিপি ভোট বর্জন করলে নির্বাচনই অনিশ্চিত হয়ে পড়বে। গণতন্ত্রের ভবিষ্যৎও অনিশ্চিত হবে।

ইউনূসের যুক্তরাষ্ট্র সফরকালে আওয়ামী লীগের ব্যাপক বিক্ষোভের আভাস পাওয়া যাচ্ছে। বিশেষ করে তথ্য উপদেষ্টা মাহফুজ আলম যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য সফরকালে এমন বিক্ষোভের মুখে পড়েছেন। ফলে ইউনূসকেও এমন বিক্ষোভের মুখে পড়তে হতে পারে। প্রবাসে রাজনীতি মূলত আওয়ামী লীগ, বিএনপি ও জামায়াতের মধ্যে সীমিত। এনসিপি এখনও সেভাবে গড়ে ওঠেনি। এই বাস্তবতায় আওয়ামী লীগের বিক্ষোভের পাল্টা কিছু করতে হলে বিএনপি ও জামায়াত ছাড়া অন্তর্বর্তি সরকারের কোনও উপায় নেই। চার নেতাকে সফরসঙ্গী করার ক্ষেত্রে এই বাস্তবতাও কারণ হতে পারে।

আদালত তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহালের প্রশ্নে একটা রায় দিয়ে রেখেছে উচ্চ আদালত। তার শুনানি অক্টোবরে অনুষ্ঠিত হবে। সেখানকার রায়টাও গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। অপরদিকে, মার্কিন বিমান বাহিনীর সঙ্গে বাংলাদেশের যৌথ মহড়া নিয়ে ভারত, চীনসহ প্রতিবেশী দেশগুলো গভীর নজর রাখছে। এমন এক অবস্থার মধ্যে অধ্যাপক ড. ইউনূসের সফরসঙ্গী হিসাবে চারজন গুরুত্বপূর্ণ নেতার যুক্তরাষ্ট্র সফরকে কেউ কেউ খুবই তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন। কারণ তারা লক্ষ্য করছেন যে, সাম্প্রতিককালে বিএনপি, জামায়াত, এনসিপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতার সঙ্গে ঢাকায় যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশের কূটনীতিকরা সাক্ষাৎ করেছেন। তারা নিজ নিজ দেশে বাংলাদেশের পরিস্থিতি নিয়ে প্রতিবেদন পাঠিয়েছেন। তার পরিপ্রেক্ষিতে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের সাইডলাইনে যুক্তরাষ্ট্রসহ অনেকের এক ধরনের মধ্যস্থতায় রাজনৈতিক সংকট নিরসনে কোনও ক্ষেত্র কি প্রস্তুত হতে পারে? এমন প্রশ্নের কারণে চার নেতাকে ইউনূসের সফরসঙ্গী করা নিয়ে কৌতুহল, আলোচনা, বিতর্ক এখন তুঙ্গে। সামনের দিনগুলোতে এই বিষয়টি আরও স্পষ্ট হতে পারে।

TUITION FREE TAX SCHOOL*

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

* Tuition is Free but there is little fee for books

- Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com

(আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## বাংলাদেশের ম্যাচ কবে কখন?

৫২ পৃষ্ঠার পর

৮ বল হাতে রেখে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হয়েই সুপার ফোরে পা রেখেছে চারিথ আসালাঙ্কার দল। এতে বাংলাদেশও গেছে সুপার ফোরে, বিদায় হয়ে গেছে আফগানিস্তানের। প্রথমে ব্যাট করে ৮ উইকেটে ১৬৯ রান তোলে আফগানিস্তান। জবাবে ১৮.৪ ওভারে ৪ উইকেট হারিয়ে লক্ষ্যে পৌঁছে যায় শ্রীলঙ্কা।

রান তাড়ায় ভালো শুরু করে শ্রীলঙ্কা। দুই ওভারে তোলে ২২ রান। তবে তৃতীয় ওভারে বল হাতে নিয়েই পাথুম নিশাঙ্কাকে ফেরান আজমতউল্লাহ ওমরজাই। নিশাঙ্কা করেন ৫ বলে ৬।

এরপর কামিল মিশরাও সুবিধা করতে পারেননি। ১০ বল খেলে মাত্র ৪ রান করে হন নবির শিকার। তৃতীয় উইকেটে ৩৬ বলে ৪৫ রানের জুটি গড়েন দুই কুশল-মেন্ডিস আর পেরেরা। মুজিব উর রহমানের ঘূর্ণিতে কাট করতে গিয়ে উইকেটরক্ষকের ক্যাচ হন কুশল পেরেরা। ২৩ বলে তার ব্যাট থেকে আসে ২৮।

কুশল মেন্ডিস একটা প্রান্ত ধরে কিছুটা তুলে নেন। তবে চারিথ আসালাঙ্কা ধৈর্য ধরে থাকতে পারেননি। ১২ বলে ১৭ করে নুর আহমেদের বলে ক্যাচ দিয়ে ফেরেন লঙ্কান অধিনায়ক। বাকি পথটুকু সহজে পাড়ি দিয়েছেন দুই মেন্ডিস। কামিন্দু মেন্ডিস ১৩ বলে ২৬ রানে অপরাজিত থাকেন। কুশল ৫২ বলে ১০ বাউন্ডারিতে করেন হার না মানা ৭৪।

এর আগে ১৮ ওভার শেষে আফগানিস্তানের ছিল ১২০ রান। ১৯তম ওভারে দুশমন্থ চামিরাকে টানা তিন বলে তিন বাউন্ডারি হাঁকালেন মোহাম্মদ নবি। শেষ ওভারে তো আরও ভয়ংকর হয়ে উঠলেন অভিজ্ঞ এই অলরাউন্ডার।

দুনিথ ওয়েল্লালাগেকে প্রথম পাঁচ বলে পাঁচ ছক্কা হাঁকিয়ে আফগানিস্তানকে চ্যালেঞ্জিং পুঁজিতে নিয়ে গেলেন নবি। ৮ উইকেটে আফগানিস্তান তোলে ১৬৯ রান। আবুধাবিতে বাংলাদেশের ভাগ্য জড়ানো ম্যাচে টস জিতে ব্যাটিং বেছে নেয় আফগানিস্তান। শুরুটা ভালোই ছিল। প্রথম দুই ওভারে আফগানরা তোলে ২৬ রান।

তৃতীয় ওভারের প্রথম বলেই আঘাত হানেন নুয়ান তুষারা। ডানহাতি এই পেসারের স্লোয়ার বলে চড়াও হতে গিয়ে থার্ডম্যানে ক্যাচ হয়ে ফেরেন গুরবাজ (৮ বলে ১৪)। ওভারের শেষ বলে আরও এক উইকেট। এবার দুর্দান্ত ডেলিভারিতে বোল্ড করিম জানাত (১)। সেদিকুল্লাহ অটল অনেকটাই সেট হয়ে গিয়েছিলেন। কিন্তু তার ব্যাট প্যাডের ফাঁক গলে তুষারা করেন আরেকটি বোল্ড। ১৪ বলে ১৮ করে ফেরেন অটল। ৪০ রানে ৩ উইকেট হারায় আফগানিস্তান। পাওয়ার প্লে ৬ ওভারে ৩ উইকেটে ৪৫ তোলে আফগানরা।

চতুর্থ উইকেটে ধরে খেলায় মনোযোগ দেন ইব্রাহিম জাদরান আর দারউইশ রসুলি। ৩৪ বলে তাদের ২৪ রানের ধীরগতির জুটিটি শেষ পর্যন্ত ভাঙে বাউন্ডারিতে দারুণ এক ক্যাচে। দুশমন্থ চামিরার বলে ডিপ থার্ড ম্যানে ক্যাচ তালুবন্দি করেছিলেন কুশল পেরেরা। কিন্তু ভারসাম্য রাখতে না পেরে বাউন্ডারির বাইরে গিয়ে বল বাতাসে ভাসিয়ে দেন তিনি। পরে বাউন্ডারির ভেতর এসে নেন বুদ্ধিদীপ্ত এক ক্যাচ। ১৬ বলে ৯ করেন রসুলি। পরের ওভারে জাদরানও আউট। এবার ওয়েল্লালাগের বলে লংঅনে ছক্কা হাঁকাতে গিয়েছিলেন তিনি। বাউন্ডারিতে দুর্দান্ত এক ক্যাচ নেন চামিরা। জাদরানের ব্যাট থেকে আসে ২৭ বলে ২৪। ৭৯ রানে ৬ উইকেট হারায় আফগানিস্তান। সেখান থেকে মোহাম্মদ নবি আর রশিদ খান দলের হাল ধরেন। ৩০ বলে ৩৫ রান যোগ করেন তারা। ২৩ বলে ২৪ করে তুষারার বলে বোল্ড হন রশিদ খান।

এরপর রীতিমত ভয়ংকর হয়ে উঠেন নবি। ১৯তম ওভারে তিন বাউন্ডারি আর শেষ ওভারে ওয়েল্লালাগের প্রথম পাঁচ বলে পাঁচ ছক্কা হাঁকিয়ে হিসেব ঘুরিয়ে দেন তিনি। ২২ বলে ৬০ রানের ইনিংসে ৩টি চার আর ৬টি ছক্কা হাঁকান নবি।

নুয়ান তুষারা ১৮ রানে শিকার করেন ৪ উইকেট।

## ম্যাচ শেষ হতেই বাবার মৃত্যুর খবর পেলেন ওয়েল্লালাগে

৫২ পৃষ্ঠার পর

বছর বয়সী এই অলরাউন্ডার আফগানিস্তানের বিপক্ষে ম্যাচটিতে একাদশেও ছিলেন।

যদিও দল জিতেছে। কিন্তু এদিন বেশ তিক্ত অভিজ্ঞতা হয়েছে ওয়েল্লালাগের। শেষ ওভারে তাকে পাঁচটি ছক্কা হাঁকান মোহাম্মদ নবি। ম্যাচ শেষ হতে না হতেই ওয়েল্লালাগে পেয়েছেন বাবার মৃত্যুর খবর।

শ্রীলঙ্কার সবচেয়ে প্রতিশ্রুতিশীল তরুণ প্রতিভাদের একজন হিসেবে বিবেচনা করা হয় ওয়েল্লালাগেকে। ৫৪ বছর বয়সী সুরাঙ্গা নিজেও একজন ক্রিকেটার ছিলেন।

## চাপের মুখে মেজাজ হারিয়ে ফেলছেন রশিদ খান!

৫২ পৃষ্ঠার পর

আফগানিস্তানের প্রধান কোচ জোনাথন ট্রট স্বীকার করেন, 'দলকে দ্রুত মানসিকভাবে ঘুরে দাঁড়াতে হবে।' অভিজ্ঞ অলরাউন্ডার গুলবাদিন নাইব চাপের বিষয়টি স্বীকার করলেও বলেছেন, 'ক্রিকেট সহজ খেলা নয়। প্রতিটি ম্যাচই কঠিন। তবে শুধু আমরাই নয়, শ্রীলঙ্কাও চাপের মধ্যে আছে।' টুর্নামেন্ট শুরুর আগে আফগানিস্তানকে অন্যতম ফেবারিট হিসেবে বিবেচনা করেছিলেন বিশেষজ্ঞরা। কারণ, সর্বশেষ টি-টোয়েন্টি বিশ্বকাপের সেমিফাইনালিস্ট তারা। তবে শ্রীলঙ্কার কাছে হেরে বিদায় নিতে হলে দলটির সুনামে বড় ধাক্কা লাগবে। সে কারণে আজকের ম্যাচে শুধু দলের পারফরম্যান্সই নয়, অধিনায়ক রশিদ খানের মানসিক দৃঢ়তাও বড় পরীক্ষার মুখে পড়বে।










জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC

Best Choice for your trip

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange Base Letter & Base Affiliate

এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ

24 Hours Open



১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্ণয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

Our Services
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed

Contact : AZAM

Tel: 718-786-6677 / 718-361-6432

Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.

## জামাত কেন এবারই ক্ষমতায় যেতে চায়!

১ পৃষ্ঠার পর

বিরুদ্ধে প্রচারণার শেষ নাই। পরিকল্পিত এবং সংঘবদ্ধ প্রপাগান্ডা। কারা করছে সবাই জানে। বিএনপি কেন প্রেসিডেন্টকে সরাতে সায় দিলো না, কেন জেনারেল ওয়াকারকে তাড়ালো না, কেন এখনই নির্বাচন চায়, কেন ইউনূস সাহেবকে অন্তত: বছরপাঁচেক থাকতে দিলো না, ক্ষমতায় গিয়ে লুটপাটের জন্য অধৈর্য হয়ে উঠেছে। আরও কত কি! এর আগে বলা হয়েছে ১৭ বছরের দুঃখ, সামান্য বালির ট্রাক সরাতে পারে নাই, যেহেতু নির্বাচন চায় তারা ফ্যাসীবাদের দোসর, ভারতের দালাল! এখন সংস্কার বা পিআর ছাড়া নির্বাচন চায়- তার অর্থ ক্ষমতায় গিয়ে স্বৈরাচার কায়েম করবে! এইসব পরিকল্পিত প্রপাগান্ডার একটাই উদ্দেশ্য- বিএনপিকে প্যাঁচানো, দলটা সম্পর্কে মানুষকে বিষিয়ে তোলা। যাতে সামনের নির্বাচনে মানুষ তাদেরকে ভোট না দেয়।

কিন্তু বাস্তবতা হচ্ছে বিশ্বের অনেক দেশের মত আমাদের দেশেও প্রধানত: দ্বি-দলীয় ব্যবস্থাই। সেই পাকিস্তান আমল থেকে। তখন অনেক দলই ছিল কিন্তু মূল প্রতিদ্বন্দ্বি থাকতো মুসলিম লীগ আর আওয়ামী মুসলিম লীগ (পরে আওয়ামী লীগ)। স্বাধীনতার আগ দিয়ে উত্থান হয়েছিল মি: ভুট্টোর পিপলস পার্টি যা অনেকটা পাকিস্তানের এক অংশের দল হিসেবে পরিগণিত হয়েছিল। স্বাধীনতার পর অনেক দল থাকলেও মূল প্রতিদ্বন্দ্বি ছিল আওয়ামী লীগ আর জাসদ। জিয়াউর রহমান জাসদের দফা রফা করে দিলে '৭৯এর নির্বাচনে আবার উঠে আসে আওয়ামী লীগ। ৩৯টা আসনে জিতে সংসদে তারা প্রধান বিরোধী দল হয়। এরশাদ সাহেব জাতীয় পার্টি গঠন করলে রাজনীতি পড়ায় ত্রিদলীয় আবর্তে। এই অবস্থা ছিল বছর পাঁচেকের জন্য। '৯১ থেকে আবার বিএনপি আর আওয়ামী লীগ। জাতীয় পার্টির কেইশ মেরে দেয় শেখ হাসিনা। না হলে আজ আওয়ামী লীগের জায়গাটা তারা নিতে পারতো।

জামাত কখনও বাংলাদেশের রাজনীতিতে পাওয়ার কন্টেন্ডার ছিল না। মুক্তিযুদ্ধ এবং স্বাধীনতায় বিরোধীতার কারনে স্বাধীনতার পর নিষিদ্ধ ছিল। জিয়াউর রহমান রাজনীতি করার সুযোগ দিলেও কখনও স্পেস দেন নাই। মূলত: এরশাদ শাসনকালে হাটি হাটি পা পা করে যাত্রা। এরশাদবিরোধী আন্দোলনে আওয়ামী লীগ বিএনপির তাদেরকে প্রয়োজন হয়। লাইমলাইটে আসে। '৯১এর নির্বাচনে ১৮টা সীট পাওয়া এবং তত্ত্বাবধায়ক সরকারের দাবীতে আওয়ামী লীগ জাতীয় পার্টির সাথে আন্দোলনে অংশ নেওয়ায় দলটা একটা শক্তি হিসেবে প্রমান দেয়। এই সুবাদে '২০০১এ বেগম জিয়ার সরকারে দুইটা মন্ত্রীত্ব লাভ করে ইতিহাসে প্রথমবারের মত ক্ষমতার স্বাদ পায়। ১/১১এর পর থেকে আবার সাইড লাইনে।

মাঠে মূল খেলোয়ার ছিল দুইটা দল- আওয়ামী লীগ আর বিএনপি। মানুষেরও ধারনা আওয়ামী লীগের পরে বিএনপি ক্ষমতায় আসবে, বিএনপি গেলে আওয়ামী লীগ। শেখ

হাসিনা ১৬ বছর সে সুযোগ দেয় নাই। এখন নিজে পালিয়েছে, আওয়ামী লীগকেও সাথে নিয়ে গেছে। ফলে মাঠ খালি। সকল হিসাবেই নির্বাচনে বিএনপি জিতবে। যদি সঠিক রাজনীতি করতো জাতীয় পার্টি নিতে পারতো আওয়ামী লীগের জায়গাটা, কিন্তু নাত ভাগে ভাগ হওয়া আর ১৬ বছর সেকুলিয়া রাজনীতির কারনে এই দলটার নিজস্ব আবেদন বলতে খুবই কম। জামাত একটা ধর্মভিত্তিক দল। ধর্মভিত্তিক কোন সংগঠন বা সম্প্রদায় কখনও জাতীয় রাজনৈতিক দল হতে পারে না। তাছাড়া জামাতকে অনেকে রাজনৈতিক দল হিসেবে মানতেও নারাজ। কেউ কেউ এদেরকে বলতে চায় মুসলমানদের একটা পৃথক সম্প্রদায়। ভিন্ন তরীকা ভিন্ন আকিদা। ইসমাইলী সম্প্রদায় বাহাই সম্প্রদায় সুন্নী সম্প্রদায় বা আহমদীয়া সম্প্রদায়ের মত একটা ভিন্ন সম্প্রদায়। মওদুদীয়া সম্প্রদায়। ভিন্ন মজহাব। ইসলামপন্থিদের মধ্যেই জামাতের বিরোধীতা আছে। কেউ কেউ তাদেরকে প্রকৃত মুসলমান মানতেই নারাজ।

তারপরও জামাত দল হিসেবেই রাজনীতি করছে। এটা একটা আন্তর্জাতিক দল। বাংলাদেশে নানা চড়াই উৎরাই পেরিয়ে ৫ আগস্টের পর থেকে সদর্পে। আওয়ামী লীগের অনুপস্থিতিতে সেকেন্ড পজিশনটা অটোমেটিক তাদের হয়ে গেছে। কিন্তু দলটা বিএনপির মত মধ্যপন্থী দলকে টেক্কা দিয়ে এবারই ক্ষমতায় যাওয়ার জন্য উন্মুক্ত হয়ে গেছে কেন সেটাই প্রশ্ন!

রাজনীতিকরা দল করে ক্ষমতায় যাওয়ার জন্য, সে হিসেবে জামাতও চাইবে। ঠিক আছে।

কিন্তু এইবারই কেন! তাও বিএনপিকে ফেলে দিয়ে! তারা কি মনে করছে এবার মিস করলে ট্রেন আর আসবে না! বা ক্ষমতায় যেতেই হবে কেন! ইসলামি হুকুমত কায়েম করতে! কোন হুজুরের ভাষায় তালিবানি শাসন কায়েমের জন্য! পাকিস্তান সাংবিধানিকভাবে ইসলামী প্রজাতন্ত্র। সে দেশের মুসলমানরা অনেক বেশী ধর্মপ্রাণ। তারপরও সেখানে কখনও কোন ইসলামপন্থী দল ক্ষমতায় যেতে পারে না। প্রতি নির্বাচনেই জামাত সীট পায় হাতেগোনা কয়েকটা করে। মানুষ তাদেরকে ভোট দেয় না। একমাত্র আফগানিস্তানে ইসলামি শাসনের নামে কিছু মধ্যযুগীয় বিধিবিধান আছে। এ ছাড়া দুনিয়ার কোন মুসলমানপ্রধান দেশে প্রকৃত ইসলামি শাসন নাই।

বাংলাদেশে ৯০ পার্সেন্ট মুসলমান আরবী ফার্সি নাম বা জন্মসূত্রে মুসলমান। ধর্মপ্রান কিন্তু ধর্মান্ধ না। ধর্মপ্রাণ বলতে এরা ধর্মকে অন্তরে লালন করে কার্যত: অধর্মীয় বা অনৈসলামিক কাজ করে। অনেকে আছে সারা রাত হুজুরের কাছে আইয়ুব নবী ইউনুস নবীর কিচ্ছা শুনে কেঁদে বুক ভাসায়, সকালে বাড়ী এসে নাশতা দিতে দেরী হলে বউ পেটায়। হজ্ব করে এসে লম্বা সুন্নতি দাড়ি রাখে আবার মজুতদারি করে

রোজায় জিনিসের দাম বাড়ায়। বিসমিল্লাহ বলে ঘুষের টাকা গুনতে শুরু করে, হারামের টাকা পকেটে ভরতে ভরতে জামাতে নামাজ ধরার জন্য মসজিদে ছোটে! পাঁচ ওয়াক্ত নামাজ পড়ে না জুমায় গিয়ে শামিল দেয়। রোজা রাখার নাম নাই সন্ধ্যায় ইফতারির দোকানে গিয়ে হুমড়ি খায়! হারামের টাকায় সবচেয়ে বড় গরুটা কিনে এনে কোরবানী দেয়। ইসলামের নামে সবচেয়ে বড় ধোকাবাজী বা মোনাফেকিটা এই বাংলাদেশের তথাকথিত নামধারী মুসলমানের মধ্যেই দেখা যায়। এরা পীর ফকির মানে। পীরের কাছে বায়েত দেয় মাজারে গিয়ে সিন্নি দেয়। ওয়াজ মাহফিলে গিয়ে মন দিয়ে হুজুরের বয়ান শুনে, ফিরে এসে মিথ্যা কথা বলে, অন্যকে ঠকায়। এটাই এখানকার সংস্কৃতি। এরকম একটা মুসলমানের দেশে মানুষকে না বদলিয়ে, মানসিকভাবে প্রস্তুত না করে ইসলামি শাসন কিভাবে কায়েম হবে আমার বুঝে আসে না! জবরদস্তি চাপিয়ে দিয়ে! বন্দুকের নলের মুখে! হুজুররা যদি মনে করেন মেরে পিটিয়ে এই দেশে ইসলামি শাসন কায়েম করবেন, বুঝতে হবে তারা এখনও রাজনীতির বাল্যশিক্ষার পাঠশালাতেই রয়ে গেছেন।

জামাত বা ইসলামি দলগুলোকে বাস্তবতা বুঝতে হবে। খামাখা ঝগড়া না দিয়ে সময়মত নির্বাচনটা হতে দিতে হবে। বিএনপি যদি জেতে, ক্ষমতায় তাদেরকে মেনে নিতে হবে। জনমত গঠনে সরকারি ক্ষমতার ব্যবহারের চাইতে বিরোধী দলে গিয়ে আন্দোলন সংগ্রাম বেশী কার্যকর, এটাই রাজনীতির শিক্ষা। এ শিক্ষাটা যদি তারা গ্রহন করেন, বুদ্ধিমানের কাজ করবেন। বেশী বাড়তে গেলে হঠাৎ করে পড়ে যেতে হবে! আবার! এবার ঠ্যাং ভাঙলে মেরামত করে সোজা হয়ে দাঁড়াতে অনেক সময় লাগবে! বা সে সময় আর নাও আসতে পারে!

## মান্নান সুপার মার্কেটে ফেডারেল এজেন্সী

১ পৃষ্ঠার পর

লিড/সিসার সম্পৃক্ততা পেয়েছে রান্নার পাত্রে।

১২ সেপ্টেম্বর আপডেট করা একটি বর্ধিত সতর্কতায় বলা হয়েছে যে আমদানির জন্য ভয়ানক ক্ষতিকারক রান্নার পাত্র শনাক্ত করেছে খাদ্য ও ওষুধ প্রশাসন (এফডিএ)। যা খাবারে সীসা (লিড) মিশ্রিত করে। এমন একটি সতর্কতামূলক নোটিশ জারি করেছে এফডিএ। এ ধরনের লিডের কারনে ছোট শিশু, গর্ভবতী মা এবং যেসব শিশু বুকের দুধ খাচ্ছেন তারা ক্ষতিগ্রস্থ হবেন। আর এই ধরনের রান্নার সরঞ্জামাদি দোকানে বিক্রি করায় ফেডারেল সরকারের নজরে এসেছে জ্যামাইকায় মান্নান সুপার মার্কেট। ইউএসএ টুডে ইংরেজি পত্রিকায় ১৫ সেপ্টেম্বর এ সংক্রান্ত একটি রিপোর্ট প্রকাশিত হয়। এতে বলা হয়েছে, নিউ ইয়র্কের জ্যামাইকার মান্নান সুপারমার্কেটে "পিওর অ্যালুমিনিয়াম ইউটেনসিলস টাইগার হোয়াইট আরটিএম নং: ২৬৩৮৬০৬ এস আইএসও ৯০০১:২০১৫ সার্টিফাইড কোং সরস্বতী স্ট্রিপস প্রাইভেট লিমিটেড ইন্ডিয়াচ লেবেলযুক্ত দুটি নির্দিষ্ট পণ্য পরীক্ষা করেছে এফডিএ। এফডিএ অনুসারে, এমনকি কম মাত্রার লিড সংস্পর্শও গুরুতর স্বাস্থ্য সমস্যার কারণ হতে পারে। এরমধ্যে রয়েছে ক্লান্তি, মাথাব্যথা, পেটে ব্যথা, বমি বা স্নায়বিক পরিবর্তন। এতে অনেক শিশুর মানসিক ও শিক্ষা অর্জনে নেতিবাচক প্রভাব দেখা যায়। মান্নান ও প্যাটেল ব্রাদার্সে পাওয়া সরঞ্জামাদিগুলো ভারতে প্রস্তুতকৃত। ভারতের বড় ৩টি কোম্পানী এ গুলোর প্রস্তুতকারক। এফডিএ ইন্সপেক্টরদের তথ্যানুসারে গোটা যুক্তরাষ্ট্রে বিভিন্ন গ্রোসারী ও সুপারমার্কেটে অভিযান চলছে। ভোক্তাদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি ও স্টোরগুলো থেকে ক্ষতিকারক আইটেমগুলো সরিয়ে ফেলার জন্য কাজ করা হচ্ছে। বাংলাদেশি মালিকানাধীন জ্যামাইকায় মান্নান সুপার মার্কেট কমিউনিটিতে একটি পরিচিত নাম। তারা সুনামের সাথে ব্রুকলিন হাইটস ও জ্যামাইকাতে ব্যবসা করছেন। কমিউনিটিতে সজ্জন হিসেবে পরিচিত মরহুম আব্দুল মান্নান এই ব্যবসার প্রতিষ্ঠাতা। তার স্ত্রী ও ছেলে মেয়েরা এই ব্যবসার হাল ধরেছেন। এফডিএ ইন্সপেক্টরদের সুপার মার্কেটে সীসা ও লিড মিশ্রিত রান্নার পাত্র বিক্রি করা হয় কিনা জানতে চাওয়া হয় মান্নান সুপার মার্কেটের কর্তৃপক্ষের কাছে। প্রতিষ্ঠানটির কর্ণধার নাজমুন নাহার মান্নান আজকালকে বলেন, বিষয়টি আমি জানি না। তবে এ ধরনের রান্নার সরঞ্জামাদি কিনি ভারতীয় সাপ্লাইয়ারদের কাছ থেকে। তারাতো যুক্তরাষ্ট্রের আইন মেনেই তা আমদানি করেন। আমরা তাদের কাছ থেকে কিনে বিক্রি করি। এখানে আমাদেরতো কোন দোষ নেই। তবে সরকার থেকে কোন নির্দেশনা পেলে চিহ্নিত সাপ্লাইয়ারদের কাছ থেকে আমরা দ্রব্যাদি কিনবো না। আমরা কাস্টমারদের প্রায়োরিটি দিয়ে ব্যবসা করি।

## বেলাল আহমেদের পদোন্নতি

৬৪ পৃষ্ঠার পর

ও দ্য নিউইয়র্ক ব্রাইট পত্রিকা'র সম্পাদক জনাব বেলাল আহমেদ গোল্ডেন এজ হোম কেয়ার জ্যামাইকার হিলসাইড এভিনিউ শাখার ব্রাঞ্চ ম্যানেজার থেকে পদোন্নতি পেয়ে ডেপুটি জেনারেল ম্যানেজার হয়েছেন। বেলাল আহমেদ ১৯৯১ সাল থেকে অদ্যবধি সাংবাদিকতার সাথে জড়িত। তিনি সাংবাদিকতার পাশাপাশি সামাজিক কর্মকান্ডও করছেন। তিনি অবহেলিত বঞ্চিত শিশু কিশোর সংগঠন ফুলকলি কাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি হিসেবে দীর্ঘদিন ধরে বাংলাদেশের বঞ্চিত মানুষের উন্নয়নে কাজ করে চলেছেন। বেলাল আহমেদ তার পদোন্নতিতে প্রতিষ্ঠানটির প্রেসিডেন্ট ও সিইও জনাব শাহ নেওয়াজ এবং ভাইস প্রেসিডেন্ট রানো নেওয়াজ-এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ এবং তাদের জন্য সবার কাছে দোয়া কামনা করেছেন। (প্রেস বিজ্ঞপ্তি)

## জিয়া সাইবার ফোর্সের কমিটি ঘোষণা

৬৪ পৃষ্ঠার পর

পরিচিত মুখ ফায়েজ হোসেনকে। এছাড়া সহ-সভাপতি জয়নাল আবেদিন, মিয়ান মো: আবু কাউসার, সিনিয়র যুগ্ম-সাধারন সম্পাদক নিজাম উদ্দিন যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম রব্বানী অপু সহ প্রমুখ নেতৃবৃন্দ। উক্ত কমিটিকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছে যুক্তরাষ্ট্র বিএনপির নেতৃবৃন্দ।

## 'কক্ষপথ ৭১'র আত্মপ্রকাশ

৬৪ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা শেখ আখতার উল ইসলামকে আহবায়ক, অ্যাডভোকেট মিয়া জাকিরকে যুগ্ম আহবায়ক ও শ্রী জয়জিৎ আচার্যকে সদস্যসচিব করে একটি আহবায়ক কমিটি গঠন করা হয়।

শেখ আখতার উল ইসলামের সভাপতিত্বে ও সঞ্চালনায় ছিলেন অ্যাডভোকেট মিয়া জাকির। এতে বক্তব্য দেন বীর মুক্তিযোদ্ধা ইসমাইল আনসারি, গোলাম সিরাজুল হোসেন, সাইদুর রহমান, ফারুক হোসেন, শওকত আকবর রিচি, ডা. প্রদীপ রঞ্জন কর, অ্যাডভোকেট মোহাম্মদ আলী বাবুল, মোশেনা জামান, সৈয়দ মইন উদ্দিন জুয়েল, অ্যাডভোকেট আব্দুল ওয়াহিদ, সাইদুর রহমান, আব্দুস সাত্তার ও বখতিয়ার আলী।

এ ছাড়া বক্তব্য দেন সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শুকুন নাহার লতা, আল আমীন বাবু, মিশুন আহমেদ, সাবেক ছাত্রনেতা মোজাহিদ আনসারি, ব্যবসায়ী ইয়ামিন রশীদ, সোনিয়া সুলতানা ও নুর ফাতেমা।






KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# নির্বাচন কমিশন ২০২৫ ইং

# দি গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ ইন্‌ক

১১৮ বেভারলী রোড, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২১৮

## নির্বাচনী তফসিল

দি গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ ইন্‌ক এর সম্মানীত সদস্য ও সদস্যা বৃন্দের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোসাইটির গঠন তন্ত্র মোতাবেক আগামী ২৬শে অক্টোবর ২০২৫ ইং রোজ রবিবার সামিতির একটি কর্মতৎপর ও গতিশীল কার্যকরী পরিষদ গঠন কল্পে নিরপেক্ষ ও সুষ্ঠ নির্বাচন অনুষ্ঠিত হইতে যাইতেছে। আপনারা যথা সময়ে নির্বাচনে অংশ গ্রহণ করিয়া একটি শক্তিশালী কমিঠি গঠন করিবেন, ইহাই আমাদের প্রত্যাশা।

| বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|
| নির্বাচন | ২৬শে ই অক্টোবর, ২০২৫ ইং রবিবার | সকাল ৮ টা থেকে রাত ৮টা পর্যন্ত | পি.এল. ১৭, ৩০২ এভি-সি, ব্রুকলিন |
| মনোনয়ন পত্র বিতরণ | ২১শে সেপ্টেম্বর, ২০২৫ ইং রবিবার | সন্ধ্যা ৮:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| মনোনয়ন পত্র দাখিল | ২৩শে সেপ্টেম্বর, ২০২৫ ইং মঙ্গলবার | সন্ধ্যা ৮:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| মনোনয়ন পত্র বাছাই | ২৪শে সেপ্টেম্বর, ২০২৫ ইং বুধবার | সন্ধ্যা ৮:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| মনোনয়ন পত্র প্রত্যাহার | ২৫শে সেপ্টেম্বর, ২০২৫ ইং বৃহস্পতিবার | সন্ধ্যা ৮:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ২৬শে সেপ্টেম্বর, ২০২৫ ইং শুক্রবার | সন্ধ্যা ৮:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |

## নির্বাচনের নিয়মাবলী

১) প্রার্থীকে অবশ্যই বৃহত্তর নোয়াখালী সোসাইটির বকেয়া চাঁদা ২০২৫ ইং এর ডিসেম্বর পর্যন্ত পরিশোধিত থাকিতে হইবে।

২) নির্বাচনে প্রার্থী হইতে হইলে অবশ্যই ভোটার তালিকায় নাম থাকিতে হইবে।

৩) প্রত্যেক প্রার্থীর একজন প্রস্তাবক এবং একজন সমর্থক থাকিতে হইবে এবং প্রস্তাবক, সমর্থকদের বকেয়া চাঁদা ২০২৫ ইং এর ডিসেম্বর পর্যন্ত পরিশোধিত থাকিতে হইবে।

৪) প্রার্থীকে সদ্যতোলা ২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি- মনোয়ন পত্রের সংগে জমা দিতে হইবে।

৫) প্রস্তাবকারী ও সমর্থনকারী একই পদে একাধিক প্রার্থীকে প্রস্তাব, অথবা সমর্থন করিতে পারিবেন না। প্রস্তাব বা সমর্থন করলে প্রার্থীদের মনোনয়ন পত্র বাতিল বলিয়া গণ্য করা হইবে।

৬) প্রার্থীদেরকে বৃহত্তর নোয়াখালী সোসাইটির গঠনতন্ত্র ও নির্বাচনী তফসিলে বর্ণিত নিয়মাবলী সম্পূর্ণরূপে মানিয়া চলিতে হইবে।

৭) যুক্তরাষ্ট্রের আইনে গুরুতর অপরাধ, যেমনঃ অর্থ প্রতারণা, খুন, নারী নির্যাতন ও শিশু নির্যাতন, ড্রাগ সংক্রান্ত এবং সোসাইটির বিরুদ্ধে মামলাকারী দোষী সাব্যস্ত হইলে অথবা অনৈতিক কোন কর্ম কান্ডে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে কার্যকরী কমিটিতে প্রার্থী হইতে পারিবেন না, এ ক্ষেত্রে সোসাইটির গঠনতন্ত্রের ১৯ ধারা মানিয়া চলিতে হইবে।

৮) প্রার্থীকে অবশ্যই ১৮ বৎসর বা তদুর্ধ বৃহত্তর নোয়াখালীর বাসিন্দা এবং সোসাইটির নিয়মিত সদস্য হইতে হইবে।

৯) সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদক পদে প্রার্থীতার ক্ষেত্রে আমেরিকার বৈধ- রেসিডেন্ট, যেমনঃ সিটিজেন অথবা গ্রীনকার্ডধারী হইতে হইবে।

১০) সভাপতি ও সাধারন সম্পাদক প্রার্থীতার ক্ষেত্রে কোন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের সমপদে দায়িত্বরত অবস্থায় প্রার্থীর অযোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। উল্লেখ্য পদ থেকে পদত্যাগ পূর্বক নির্বাচনে অংশ গ্রহন করিতে পারিবেন।

১১) সভাপতি ও সাধারণ সম্পাদক পদে পর পর ২ বারের বেশী নির্বাচিত হইলে একই পদে ৩য় বার প্রার্থী হইতে পারিবেন না।

১২) সভাপতি, সাধারন সম্পাদক ও অর্থ সম্পাদক পদে প্রার্থীতার ক্ষেতে সোসাইটির ৩ বছরের নিয়মিত সদস্য পদ থাকিতে হইবে।

১৩) দায়িত্বরত ট্রাষ্টি বোর্ড ও নির্বাচন কমিশনের কোন সদস্য নির্বাচনী প্রচার কার্যে অংশ নিতে পারিবেন না।

১৪) উপদেষ্টা পরিষদ ও ট্রাষ্টি বোর্ডের কোন সদস্য নির্বাচনে প্রার্থী হইতে চাহিলে স্ব স্ব পদ থেকে পদত্যাগ করিয়া কমিটির ছাড়পত্র প্রদান সাপেক্ষে নির্বাচন করিতে পারিবেন।

১৫) কমিশন কর্তৃক প্রণীত নিয়মাবলী, আচরণ বিধি-এবং নির্বাচনী ফলাফলসহ, নির্বাচন সংক্রান্ত সব বিষয়ে কমিশনের সিদ্ধান্ত সকল প্রার্থীকে মানিয়া চলিতে হইবে।

১৬) প্রত্যেক প্রার্থীকে নগদ ১৫০ ডলার (অফেরত যোগ্য) জমা দিয়ে নির্বাচন কমিশন থেকে মনোনয়ন পত্র ও নগদ ১৫০ ডলার (অফেরতযোগ্য) জমা দিয়া হালনাগাদ ভোটার তালিকা সংগ্রহ করিতে হইবে।

১৭) একই ব্যক্তি একাধিক পদে মনোনয়ন পত্র জমা দিতে পারিবেন। তবে চূড়ান্ত তালিকা প্রকাশের পূর্বে মনোনয়ন পত্র প্রত্যাহারের সময় সীমার ভিতরে একটি পদ রাখিয়া বাকী পদ থেকে মনোনয়ন পত্র প্রত্যাহার করিতে হইবে, এ ক্ষেত্রে তাহার মনোনয়ন ফি ফেরত দেওয়া হইবে না।

১৮) প্রত্যেক ভোটার স্ব শরীরে, উপস্থিত থাকিয়া ভোট প্রদান করিবেন।

১৯) মেশিনের মাধ্যমে ভোট গ্রহণ করা হইবে।

২০) ডাক যোগে কোন প্রকার ভোট গ্রহণ করা হইবে না।

২১) বৈধ আইডি ছাড়া কোন প্রকার ভোট গ্রহণ করা হইবে না। আইডিঃ যেমনঃ বাংলাদেশী পাসপোর্ট, ইউএস পাসপোর্ট, স্টেট আইডি, ইউএস ড্রাইভারস লাইসেন্স, গ্রীন কার্ড, ওয়ার্ক পারমিট এবং স্কুল আইডি। কোন সদস্য সদস্যার উল্লেখিত আইডি নাই, তাহাদের ক্ষেত্রে সোসাইটির সভাপতি, সাধারন সম্পাদক এবং ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত সনদ পত্রের মাধ্যমে ভোট দিতে পারিবেন।

২২) কোন প্রার্থী ভোট পুনঃ গণনা করিতে চাহিলে তাহাকে (অফেরতযোগ্য) নগদ ১,০০০/- ডলার নির্বাচন কমিশন বরাবরে জমা দিয়ে আবেদন করিতে হইবে। উল্লেখ্য যে, গঠনতন্ত্রের ধারা ২১/২ অনুযায়ী অভিযোগকারীর অভিযোগ নিস্পত্তি করিতে গিয়ে নির্বাচন কমিশনের ১,০০০ ডলারের বেশী ব্যয় করিতে হয়, সেই ক্ষেত্রে প্রকৃত খরচ অভিযোগ কারিকে বহন করিতে হইবে।

২৩) ভোট প্রদানে অক্ষম বা নিরক্ষর/অন্ধ ব্যক্তিদেরকে সাহায্য করার জন্য নির্বাচন কমিশন মহিলা ভোটারদের জন্য মহিলা প্রিসাইডিং অফিসার এবং পুরুষ ভোটারদের জন্য পুরুষ প্রিসাইডিং অফিসার সহযোগিতা করিবেন, অথবা উল্লেখিত ব্যক্তির স্বামী, স্ত্রী, ছেলে অথবা মেয়ে যে কোন একজন সহযোগীতা করিতে পারিবেন।

২৪) নির্বাচন কেন্দ্রের ১০০ গজের মধ্যে কোন প্রকার নির্বাচনী প্রচার, পোষ্টার লাগানো, লিফলেট বিতরণ করা যাইবে না। কেন্দ্র সহ কেন্দ্রের চারিদিকে, কেন্দ্র সংলগ্ন ফুটপাতেও নির্বাচনী কেন্দ্র হিসাবে গণ্য করা হইবে।

২৫) নির্বাচন কেন্দ্রে কোন প্রকার মাইক / রেডিও অথবা উচ্চ শব্দ উৎপাদনকারী যন্ত্র, কোন প্রার্থী বা প্রার্থীর পক্ষে ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

২৬) নির্বাচন কেন্দ্রে কোন প্রার্থী বা প্রার্থীর সমর্থক কোন প্রকার বিশৃংখলার সৃষ্টি করিলে তাৎক্ষনিক ভাবে তাহা স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাকে জানানো হইবে।

২৭) প্রত্যেক প্রার্থী ভোট কেন্দ্রে ২ জন করিয়া প্রতিনিধি (Agent) নিয়োগ করিতে পারিবেন। সে ক্ষেত্রে পর্যায়ক্রমে শুধু মাত্র ১ জন ভোট কেন্দ্রে উপস্থিত থাকিতে পারিবেন। নির্বাচন অনুষ্ঠানের ৪ দিন পূর্বে অর্থাৎ ২২শে অক্টোবর, ২০২৫ ইং সন্ধ্যা ৮টা থেকে রাত ১০ টার মধ্যে প্রত্যেক প্রার্থী তাহার প্রতিনিধি (Agent) এর নাম নিয়োগ পত্রে স্বাক্ষর করিয়া নির্বাচন কমিশনের নিকট (সমিতির কার্যালয়) জমা দিতে হইবে। এবং প্রতিনিধি (Agent) এর নাম ২০২৫ ইং সালের ভোটার লিষ্টে থাকিতে হইবে।

২৮) প্রতিদ্বন্দী দুই বা ততোধিক প্রার্থীর প্রাপ্ত ভোট সমান হইলে, সেই ক্ষেত্রে নির্বাচন কমিশন কতৃক টাই ভোট প্রদানের মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হইবে।

২৯) নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে কাহারও কোন অভিযোগ থাকিলে, নির্বাচনী ফলাফল ঘোষণার ২৪ ঘন্টার মধ্যে অভিযোগের পক্ষে উপযুক্ত প্রমানাদি সহ নির্বাচন কমিশনারের নিকট আবেদন করিতে হইবে। তদন্ত সাপেক্ষে নির্বাচন কমিশন তাহাদের সিদ্ধান্ত জানাইবেন।

৩০) নির্বাচন সংক্রান্ত সকল প্রকার প্রচারনা, নির্বাচনের ৭২ ঘন্টা পূর্বে অবশ্যই বন্ধ করিতে হইবে।

(৩১) নগদ ৩০০ ডলার জমা দিয়ে জালভোট চ্যালেঞ্জ করিতে পারিবেন।

(৩২) নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে, নির্বাচনী তফশিল অথবা সোসাইটির গঠনতন্ত্রে উল্লেখ না থাকিলে, ঐ বিষয়ে নির্বাচন কমিশনের রায়ই চূড়ান্ত বলিয়া গণ্য করা হইবে। কমিশন নির্বাচনের স্বার্থে যে কোন আইনের পরিবর্তন, পরিবর্ধন করিয়া সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা রাখে। সুষ্ঠ ও সুন্দর নির্বাচন উপহার দেয়ার জন্য কমিশন বদ্ধপরিকর। যে কোন পরিস্থিতিতে নির্বাচনের স্বার্থে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য করা হইবে।

৩৩) প্রার্থীকে অবশ্যই মনোনয়ন পত্র দাখিলের সময় উল্লেখিত মনোনয়ন ফি নগদ জমা দিতে হইবে। উল্লেখ্য যে, কোন প্রকারের চেক, মানি অর্ডার অথবা ব্যাংক চেক গ্রহণ করা হইবে না।

৩৪) প্রত্যেক প্রার্থীর নামের প্রথম বর্ণানুক্রমে (Alphabetically) ধারাবাহিকভাবে প্যানেল সমূহের তালিকা ব্যালট শিটে সাজানো হইবে।

৩৫) সংবিধানের ৩য় পরিচ্ছেদের ধারা ১১:৬ সংশোধন করে, কার্যকরী পরিষদের মেয়াদকাল ৩ বৎসরের পরিবর্তে ৪ বৎসর করা হলো।

**১৯টি পদে নিম্নলিখিত হারে মনোনয়ন ফি (অফেরত যোগ্য) জমা দিতে হইবে**

| পদের নাম | পদের সংখ্যা | ডলার |
|---|---|---|
| সভাপতি | ১জন | ২,২০০.০০ |
| সহ-সভাপতি | ২জন(প্রতিজন) | ১,৯০০.০০ |
| সাধারন সম্পাদক | ১জন | ২,০০০.০০ |
| সহ-সাধারন সম্পাদক | ১জন | ১,৬০০.০০ |
| অর্থ সম্পাদক | ১জন | ১,৫০০.০০ |
| সহ-অর্থ সম্পাদক | ১জন | ১,৩০০.০০ |
| সাংগঠনিক সম্পাদক | ১জন | ১,৪০০.০০ |
| প্রচার সম্পাদক | ১জন | ১,৩০০.০০ |
| ধর্ম ও সমাজ কল্যাণ | ১জন | ১,৩০০.০০ |
| ক্রীড়া, শিক্ষা ও সংস্কৃতি | ১জন | ১,৩০০.০০ |
| দপ্তর সম্পাদক | ১জন | ১,৩০০.০০ |
| কার্যকরী সদস্য | ৭জন(প্রতিজন) | ৬০০.০০ |

ধন্যবাদান্তেঃ

**মোহম্মদ সোহেল (হেলাল)**
প্রধান নির্বাচন কমিশনার,
ফোনঃ ৩৪৭-৯৮৫-৪৭৩৬

মোহম্মদ আব্দুল মান্নান
নির্বাচন কমিশন
৯১৭-২২৫-২৭৭২

মোঃ ফারুক আহমেদ
নির্বাচন কমিশনার
৫১৬-৮২৮-৩২৪৪

এ.কে.এম. ইব্রাহীম চৌধুরী
নির্বাচন কমিশন
৯১৭-৩৫৫-৫০৩২

মোঃ মোস্তাক হোসেন (মোশারেফ)
নির্বাচন কমিশন
৩৪৭-৫৫৭-৬৫১২

## পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
## Bangladeshi Foot Specialist
# Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations
01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861
আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।
**Call for Appointment**



# CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com



## আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?
আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent

# ARA REALTY SERVICES INC
*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
**Office: 917-417-6766**
**Cell: 516-439-0156**



ESTD 2017
## Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

# শাকিবের নায়িকা হানিয়া আমির

আজকাল বিনোদন





শাকিবের নায়িকা এবার পাকিস্তানের হানিয়া আমির! ঢালিউডপ্রেমী ও শাকিব খান ভক্তদের জন্য চমক জাগানিয়া এক খবরই বটে। নায়কের নতুন সিনেমা 'প্রিন্স: ওয়ান্স আপন আ টাইম ইন ঢাকা'। শিগগিরই এর শুটিং শুরু হওয়ার কথা রয়েছে। এতে শাকিবের সঙ্গে একাধিক নায়িকা দেখা যাবে বলে জানা গেছে।

তবে সেই নায়িকা কারা তা নিয়ে চলছে আলোচনা। কলকাতার ইধিকা পাল থেকে শুরু করে তানজিন তিশাসহ অনেক অভিনেত্রীর নামই এসেছে তালিকায়। এবার জানা গেল, শাকিবের 'প্রিন্স' ছবিতে জুটি বাঁধতে যাচ্ছেন পাকিস্তানের লাস্যময়ী অভিনেত্রী হানিয়া আমির। সিনেমার বেশ কিছু ঘনিষ্ঠ সূত্রই এই তথ্য জানিয়েছে। গেল ২২ আগস্ট আনুষ্ঠানিকভাবে ঘোষণা আসে 'প্রিন্স'র। তখন থেকেই কৌতূহল জন্মে ছবিতে শাকিবের নায়িকা কে হবেন? আগের পরিকল্পনায় ইধিকা পাল থাকলেও এখন সব দৃষ্টি হানিয়ার দিকে। ঢাকার সূত্র জানিয়েছে, হানিয়া শিগগিরই ঢাকায় আসবেন সানসিল্কের ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসেবে, তখনই সিনেমার জন্য তার সঙ্গে চূড়ান্ত আলোচনা সম্পন্ন হবে। সবকিছু ঠিকঠাক বলে মিললে আসবে আনুষ্ঠানিক ঘোষণা।

জানা গেছে, হানিয়া আমিরের ব্যাপারে শাকিব খানের কাছ থেকে গ্রিন সিগন্যাল পেয়েছেন ছবির প্রযোজক-পরিচালক।

তবে মাত্র একজন নয়, শাকিবের নতুন এ ছবিতে মোট তিনজন নায়িকা থাকবেন। নির্মাতারা জানাচ্ছেন, দুটি চরিত্র প্রমিনেন্ট, আরেকজন নতুন অভিনেত্রী ফ্রেশ লুকে স্ক্রিন শেয়ার করবেন। অর্থাৎ দর্শক পাবেন দুই পুরনো প্রিয় মুখ ও একটি নতুন মুখের চমক।

'প্রিন্স' পরিচালনা করবেন আবু হায়াত মাহমুদ। প্রযোজনা করবেন শিরিন সুলতানা (ক্রিয়েটিভ ল্যান্ড)। এছাড়া ছবিতে যুক্ত হয়েছে চীনের একটি প্রযোজনা প্রতিষ্ঠানও। গল্প ও চিত্রনাট্য লিখেছেন মেজবাহ উদ্দিন সুমন ও মোহাম্মদ নাজিম উদ্দিন। সিনেমার মুক্তি রোজার ঈদে হওয়ার কথা।



## মিশা সওদাগরের মৃত্যুর গুজব

আজকাল বিনোদন

দুদিন ধরে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে হঠাৎ করেই ছড়িয়ে পড়েছে মিশা সওদাগরের মৃত্যুর গুজব। সামাজিক মাধ্যমে একটি ভিডিওতে দাবি করা হচ্ছে, বাংলা সিনেমার জনপ্রিয় অভিনেতা ও শিল্পী সমিতির সভাপতি মিশা সওদাগর আর নেই। ভিডিওটি দ্রুত সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ায় ভক্তদের মধ্যে উদ্বেগ দেখা দেয়। এরপর ৫৩ পৃষ্ঠায়



## সিনেমা মুক্তির আগেই চোখ ধাঁধানো ছবি মুক্তি!



আজকাল বিনোদন

গত বছরও জয়ার একটা পাল্লা একটু বেশিই ঝুঁকে ছিলো টলিউডের দিকে। এ বছরে এসে সেই অসম পাল্লা যেন সমতায় ফিরেছে। টলিউডে যেমন 'ডিয়ার মা' ও 'পুতুল নাচের ইতিকথা'য় পাওয়া গেছে তেমনি ঢালিউডে মুগ্ধতার কারণ হয়েছেন 'তাণ্ডব' আর 'উৎসব' মারফতে।

সেই সমান পাল্লাটা এই পর্যায়ে এসে যেন খানিকটা ঝুঁকছে ঢালিউডের দিকেই। শোনা যাচ্ছে, নির্মাতা রেদওয়ান রনির নতুন সিনেমা 'দম'-এ যুক্ত হতে যাচ্ছেন জয়া। এই সিনেমায় থাকছেন চঞ্চল চৌধুরী ও আফরান নিশো।

তারও আগে জয়া বাংলাদেশের পর্দায় হাজির হচ্ছেন তার অভিনীত প্রথম ইরানি সিনেমা 'ফেরেশতে' নিয়ে। এটি মুক্তি পাচ্ছে ১৯ সেপ্টেম্বর। নিশ্চিত করেছেন জয়া আহসান নিজেই।

তবে তার আগেই চোখ ধাঁধালেন জয়া। এরপর ৫৩ পৃষ্ঠায়




## 'এই শহরে এসেছিলাম বহু দূরের গ্রাম থেকে'

আজকাল বিনোদন

প্রথমবারের মতো কোনও পডকাস্টে অংশ নিয়েছেন একুশে পদকে ভূষিত, বরেণ্য অভিনয়শিল্পী ও নির্মাতা আফজাল হোসেন। মাছরাঙা টেলিভিশনের জনপ্রিয় পডকাস্ট 'বিহাইন্ড দ্য ফেইম উইথ আরআরকে'র ৮ম পর্বে অতিথি হয়ে আসছেন তিনি। এই পর্বটি প্রচার হবে ২০ সেপ্টেম্বর রাত ৯টায়, মাছরাঙা টেলিভিশন এবং রেডিও দিনরাত ৯৩.৬ এফএম-এ।

রুম্মান রশীদ খানের সঞ্চালনায় এই বিশেষ পডকাস্টে আফজাল হোসেন কথা প্রসঙ্গে বলেন, রায়হান রাফীর 'তাণ্ডব' সিনেমায় শুরুতে তিনি অভিনয় করতে চাননি। পরবর্তীতে বন্ধু ফরিদুর রেজা সাগরের অনুরোধে তিনি পুনর্বিবেচনা করেন। যদিও শেষ পর্যন্ত এই সিনেমায় অভিনয়ের অভিজ্ঞতা সুখকরই হয়েছে।

চিত্রনায়ক শাকিব খানকে 'লক্ষী ছেলে' সম্বোধন করে আফজাল হোসেন বলেন, 'ক্যারিয়ারের ২৬ বছর পার করার পরও শাকিব খানের প্রতিনিয়ত দর্শকদের কাছে নিজেকে নতুনভাবে উপস্থাপন করার তাড়না আমাকে মুগ্ধ করে।'

ভীষণ ইতিবাচক মানুষ আফজাল হোসেন পডকাস্টে বলেন, 'আমাদের সমাজে এখন প্রেম থাকতেও প্রেমহীন, অল্পতেই অসন্তুষ্ট হওয়া মানুষের সংখ্যা প্রচুর। অনেকের জীবনে কোনও কিছু নিয়ে মুগ্ধতা নেই, নেই বিস্ময়। সুখের জন্য কাঙালিপনা নেই। কৃতজ্ঞতার সাথে প্রাপ্তির আনন্দ এখন আর কেউ স্বীকার করে না। বেঁচে থাকার অসাধারণত্ব অনুভব করে না। কিন্তু মানুষ জীবন কাটায়, জীবন তাদের ভাবায় না। আমরা কাছের মানুষকেও ধন্যবাদ জানাতে ভুলে এরপর ৫৩ পৃষ্ঠায়

## বৈশ্বিক উৎসব ঘুরে এবার বাংলাদেশের প্রেক্ষাগৃহে

আজকাল বিনোদন



যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, ইতালি ও ভারতের আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রশংসিত হয়ে এবার নিজ দেশে ফিরছে পূর্ণদৈর্ঘ্য সিনেমা 'বাড়ির নাম শাহানা'। ১৯ সেপ্টেম্বর বাংলাদেশের প্রেক্ষাগৃহে মুক্তি পাচ্ছে লীসা গাজী পরিচালিত সিনেমাটি।

সত্য ঘটনা অবলম্বনে নির্মিত এক নারীর স্বাধীনভাবে বাঁচার স্বপ্ন ও সংগ্রামের গল্প 'বাড়ির নাম শাহানা'। এ চলচ্চিত্রের মূল চরিত্র দীপা। নব্বই দশকের রক্ষণশীল মফস্বল পরিবেশে বড় হওয়া দীপা যার কৈশোরের একটি জেদের মাশুল দিতে হয় পরিবারের চাপে ইংল্যান্ড প্রবাসী এক বিপত্নীকের সাথে স্ত্রীর করে বিয়ে বাঁধার মাধ্যমে। একা দীপা লন্ডনে পাড়ি জমায় ভাগ্যের অজানা রাস্তায়। কিন্তু সেখানে তার জন্যে অপেক্ষা করে থাকে কল্পনার অতীত বাস্তবতা। দীপা কি পারবে সেই কঠিন বাস্তবতা একা মোকাবিলা করতে!

মূল চরিত্র দীপার ভূমিকায় অভিনয় করেছেন আনান সিদ্দীকা। আরও অভিনয় করেছেন লুৎফর রহমান জর্জ, ইরেশ যাকের, কাজী রুমা, কামরুন্নাহার মুন্নীসহ অনেকে।

সিনেমাটি বাংলাদেশ ও ইংল্যান্ডে দৃশ্যধারণ হয়েছে। গল্পের সময় ও প্রেক্ষাপটের সাথে মিল রেখে সব দৃশ্য প্রাকৃতিক পরিবেশে তোলা হয়েছে। কোনও ডাবিং ছাড়াই শতভাগ অন-লোকেশন সাউন্ড ব্যবহার করা হয়েছে।

'বাড়ির নাম শাহানা' পরিচালক লীসা গাজীর প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। এটি প্রযোজনা করেছেন আরিফুর রহমান ও বিজন জিত। চিত্রনাট্য লিখেছেন লীসা গাজী ও আনান সিদ্দিকা। চিত্রগ্রহণ করেছেন মোহাম্মদ মুসাভভির। সংগীত পরিচালনায় রয়েছেন সোহিনী আলম। এরপর ৫৩ পৃষ্ঠায়



## 'পোশাক নয়, আমার পরিচয় হোক কাজের মাধ্যমে'

আজকাল বিনোদন

বলিউডের জনপ্রিয় অভিনেত্রী মালাইকা অরোরা জানিয়েছেন, ক্যারিয়ারের চেয়ে তার পোশাক ও ব্যক্তিগত জীবন নিয়েই বেশি সমালোচনা হয়। তবে এসব নিয়ে আর মাথা ঘামাতে চান না তিনি।

সম্প্রতি ভারতীয় একটি গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে মালাইকা বলেন, "আমি কী পরব, কেমন জীবনযাপন করব- এসব নিয়েই মানুষ বেশি মন্তব্য করে। আমার কাজ নয়, বরং পোশাক ও সম্পর্ক নিয়েই বিচার করা হয়। তবে যেদিন থেকে এরপর ৫৩ পৃষ্ঠায়



Empire Care Agency
LHCSA Licensed Health Home Care
NURUL AZIM CEO
Ph: 516-451-3748
POWERED BY
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
All County Health Care
ABDUL KADER SHISHIR
President & CEO
POWERED BY
লোক উৎসব
ও
পথমেলা ২০২৫
২৭ই সেপ্টেম্বর, ২০২৫
সকাল ১০টা থেকে রাত ১০টা
স্থান: ৭৬ স্ট্রীট, ৩৭ এভিনিউ ও ৩৭ রোড
জ্যাকসন হাইটস্
মেলায় থাকছে:
আকর্ষণীয় র‍্যাফেল ড্র
সাংস্কৃতিক অনুষ্ঠান
ফ্যাশন শো অনুষ্ঠান
রকমারী স্টল
SPONSORED BY
LITON CHOUDHURY CEO
DUKE KHAN
SHAHANAZ HOSSAIN COMMUNITY ACTIVIST
Bangla Travel
ISTEAK RUMI
NIRU NIRA COMMUNITY ACTIVIST
ESHIKA SIGN SUPPLY
VOTE SHAH SHAHIDUL HAQUE
রিজিয়া পারভীন, শাহনাজ
বেলী, রানু নেওয়াজ, শাহ মাহবুব, অনিক রাজ, রেশমী মির্জা, মিমি
আলাউদ্দিন, নাজু আকন্দ, রিয়া, আয়েশা খান, কামরুজ্জামান বকুল,
কালা মিয়া, আফতাব জনি, সেলিম ইব্রাহিম, মেহা, স্বপ্নীল সজীব।
গোল্ডেন এইজ পথমেলা কমিটি
সাংস্কৃতিক
শিবলী সাদেক
মিলা ইসলাম
স্টেজ এন্ড ক্রেস্ট
আহসান হাবিব
খায়রুল ইসলাম খোকন
লটারি
জাহাঙ্গীর আলম জয়
আব্দুর রশিদ বাবু
প্রফেসর রফিকুল ইসলাম
অভ্যর্থনা
ড. রফিক আহমেদ
এড. রেদওয়ানা রাজ্জাক
জাহাঙ্গীর আলম জয়
আব্দুর রশিদ বাবু
প্রফেসর রফিকুল ইসলাম
পরিস্কার পরিচ্ছন্নতায়
মো: হোসেন বাদশা
মো: মিজান
ADDA
বহ্নি শিখা
তারার আলো
নিউইয়র্ক ফ্যাশন হাউজ
অনুপ দাশ ডান্স একাডেমী
আহ্বায়ক
রাশেদ আহামেদ
718-316-1948
প্রধান সমন্বয়কারী
আব্দুল হামিদ
347-840-4118
ব্যবস্থাপক
ইঞ্জি. আব্দুল খালেক
917-667-7324
সদস্য সচিব
নুরুল আমিন বাবু
347-679-5525
যুগ্ম আহ্বায়ক
তরিকুল ইসলাম বাদল, গাজী লিটন
কাজল মাহমুদ
যুগ্ম সদস্য সচিব
রামদাস ঘরামী
আমন্ত্রিত অতিথিবৃন্দ
আতাউর রহমান সেলিম (সভাপতি বাংলাদেশ সোসাইটি), মো: আলি (সেক্রেটারী: বাংলাদেশ সোসাইটি), দিদারুল ইসলাম দিদার, মো: কামরুজ্জামান কামরুল, মনসুর এইচ চৌধুরী, হারুন ভূইয়া, ড. রফিক আহমেদ, মীর নিজামুল হক, জেড আলম নবী, আহসান হাবীব, খায়রুল ইসলাম খোকন, মইনুল ইসলাম (সভাপতি: জালালাবাদ এসোসিয়েশন অব ইউএসএ ইনক), এড. রেদওয়ানা রাজ্জাক সেতু, ড. এনামুল হক (সভাপতি: কুমিল্লা সোসাইটি, ট্রাষ্টি বোর্ড মেম্বার: বিডি সোসাইটি), নাইম টুটুল (ট্রাষ্টি বোর্ড মেম্বার: বিডি সোসাইটি), এম.আর চৌধুরী (সেক্রেটারী: নিউইয়র্ক স্টেট আওয়ামীলীগ), শাহনাজ হোসেন কমিউনিটি এক্টিভিস্ট, জাকির এইচ চৌধুরী বিএনপি, জাহিদ আলম নিউইয়র্ক স্টেট এডাল্ট ডে কেয়ার
মিডিয়া পার্টনার:
CHANNEL i
ঠিকানা
আজকাল
শাহ্ শহীদুল হক
প্রেসিডেন্ট, ওয়ার্ল্ডস হিউম্যান রাইটস
লায়ন আহসান হাবিব
সাধারন সম্পাদক, ওয়ার্ল্ডস হিউম্যান রাইটস
স্টল ও বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ: রাশেদ আহমেদ 718-316-1948, শাহ্ শহীদুল হক: 347-476-9424, আজিজুল হক 718-559-7451

First Time in NY

# COMMUNITY CONNECT

Scan to Register

Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM

150 State Street 4 FL
Albany 12207 NY

Speakers

**The Next Bangladesh: Powered by its Global Citizens (NRBs)**
Quazi M. Ahmed
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC

**Cybersecurity Awarness: Protecting Ourselves and Our Community**
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC

Refreshments will be served

Hosted by
MAJESTIC TOUCH

Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH



# পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ

মানচিত্রে প্রকল্পের অবস্থান





যোগাযোগঃ ATM Salah Uddin , Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372



PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us



US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized IRS e-file Provider

One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.



# আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন

Dream Cottage Realty Inc

আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়



Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Video & Photo
PRODUCTION
SERVICES

DFC
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও—সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432

Hasna Travel
হাসনা ট্রাভেল
All International & Domestic
Fly Any Airlines, Anywhere, Anytime

- গত দীর্ঘ ২৭ বছরের অভিজ্ঞতায় বিশ্বস্ততা ও স্বচ্ছতার সাথে আমরা ভ্রমণের শুরু থেকে শেষ পর্যন্ত।
- ভ্রমনকারীদের সাথে প্রতিটি পদক্ষেপে সুপরামর্শ দান করে যথাসাধ্য সুলভ মূল্যে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক প্লেনের টিকেটের ব্যবস্থা করে থাকি।
- আমরা অপেক্ষাকৃত কমমূল্যে উমরাহ ভিসাও করে থাকি।

Turkish Airlines | QATAR AIRWAYS القطرية | السعودية Saudia

যোগাযোগ :
(646) 496-6879
(10 am to 11pm / 7days a week)
Email address is : hena3212@gmail.com

WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Win Zone Realty Inc.

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত



Akib Hussain
139-27 Queens Blvd, Jamaica, NY 11435




## ৯/১১ এর ভিকটিমদের স্মরণ ব্রঙ্কসে

৬২ পৃষ্ঠার পর



কামনা করেন। গীতা পাঠ করেন কবি সুধাংশু কুমার মন্ডল। অনুষ্ঠান উপস্থাপনা করেন কাজী রবিউজ্জামান ও মো. শামিম মিয়া। ৯/১১ এর ভয়াবহ ঘটনার স্মৃতিচারণ করে স্বাগত বক্তব্য রাখেন মোস্তাদিম বিল্লাহ সুমন।

২০০১ সালে ১১ সেপ্টেম্বরের টুইন টাওয়ারে হামলা করা হয়। ঐ হামলায় ২ হাজার ৯৯৭ জন নিহত, ৬ হাজারের বেশি মানুষ আহত হন এবং প্রায় ১০ বিলিয়ন মার্কিন ডলারের অবকাঠামো ও সম্পদ ধ্বংসপ্রাপ্ত হয়।

অনুষ্ঠানে দিনটির গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন সিনেটর ন্যাথালিয়া ফর্নান্ডেজ, ডিস্ট্রিক্ট ৩৪। বিশেষ অতিথি চীপ কমান্ডিং অফিসার ইন্সপেক্টর আর্চি ফিরেনথং, প্রিসেন্ট ৪৩। প্রিসেন্ট ৪৩ পুলিশ অফিসার ক্যাপটেন ব্রানকো, আমেরিকান বাংলাদেশ ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সভাপতি আব্দুল শহীদ। বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের সভাপতি শামিম আহমেদ, সাবেক সভাপতি সামাদ জাকারিয়া, কাজী রবিউজ্জামান, বিজয় কৃষ্ণ সাহা, আশফাকুল হক চৌধুরী, রায়হান পারভেজ, দিপংকর সেন, সুরজিত কিশোর দাস চৌধুরী, শফিকুর রহমান। জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বাংলাবাজার বিজনেস এসোসিয়েশনের সভাপতি,আব্দুল চৌধুরী জাকি। এ রব দলা মিয়া চেয়ারম্যান, আনোয়ারুল নায়ার কর্পোরেশন। কামরুল হাসান সিইও হাসান টিয়াস্ট্রি সার্ভিস। ৯/১১ দিনটির স্মৃতিচারণ করে আরো বক্তব্য রাখেন, মূলধারার রাজনীতিবিদ ইমরান শাহ রন, ডিটেকটিভ (অব:) মাবুদ রহমান, জামাল হোসাইন, জাকির চৌধুরী সিপিএ, প্রফেসর হানিফুল্লাহ। ব্রঙ্কস বাংলাদেশ এসোসিয়েশনের সাবেক সভাপতি কামাল উদ্দিন। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নিউইয়র্ক স্টেট কমান্ড-এর কমান্ডার মনজুর আহমেদ, ডিপুটি কমান্ডার আবু জাফর, উপদেষ্টা মোস্তাফিজ আহমেদ চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা সরকার আব্দুল মজিদ, বীর মুক্তিযোদ্ধা এম.এ নাসির, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম। সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি ইনক। সিনিয়র সিটিজেন ফোরাম অব বাংলাদেশী কমিউনিটি ইনক্ এর ভারপ্রাপ্ত সভাপতি সাইফুল ইসলাম,বাবুল তালুকদার,কবি সুধাংশু কুমার মন্ডল, আজিজুল হক, মকবুল মিয়া, মতিউর রহমান, কর্পোরাল (অবঃ) আব্দুল মতিন, এ্যাডভোকেট মোঃ কামাল হোসেন মন্ডল, শফিউল্লাহচৌধুরী, আবু কয়সর চৌধুরী, আতিকুর রহমান, সাঈদ ইসলাম প্রমুখ।
















## অসুস্থ রাজু সকলের দোয়া চেয়েছেন

৬৪ পৃষ্ঠার পর

আছেন। দীর্ঘদিন ধরেই তিনি নানাবিধ জটিল রোগে ভুগছেন। তিনি আশু সুস্থতার জন্য সকলের দোয়া চেয়েছেন।

তার চিকিৎসা ও শারীরিক সুস্থতার খবর নিতে অনেকেই হাসপাতালে গিয়েছিলেন। তাদের মধ্যে রয়েছেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সিনিয়র সহসভাপতি মহিউদ্দীন দেওয়ান, ফোবানার চেয়ারম্যান ও মূলধারার রাজনীতিক গিয়াস আহমেদ ও কমিউনিটি একটিভিস্ট আব্দুল বাসেত সহ অনেকেই।

বাংলাদেশ সোসাইটির ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান ও গোল্ডেন এজ হোম কেয়ারের সিইও শাহ নেওয়াজ এক বিবৃতিতে রাজুর আশু রোগ মুক্তি কামনা করেছেন।







## জ্যাকসন হাইটসে ফ্লাশিং ব্যাঙ্ক উদ্বোধন

৬৪ পৃষ্ঠার পর

এলাকার বাংলাদেশী, ইন্ডিয়ান এবং পাকিস্তানি সহ অন্যান্য দেশীয় ব্যবসায়ীগণ উপস্থিত থেকে ব্যাংকটির সাফল্য কামনা করেন। ফ্লাশিং ব্যাঙ্ক জ্যাকসন হাইটস এলাকা সহ আসে-পাশের ব্যবসায়ীদের কল্যানে কাজ করবে বলে আশা প্রকাশ করেন। ব্যাংকটির ভাইস প্রেসিডেন্ট শাহীন খান আগত সকল অতিথিদের স্বাগত জানান এবং এখানকার ব্যবসায়ী ও সাধারণ মানুষের কল্যানে কাজ করবে বলে জানা।

## টুটুলের কাছে পাওনা : রোকসানা মির্জা ও আজাদের কান্না

৬৪ পৃষ্ঠার পর









জীবন আর বহন করতে পারছি না। গত শনিবার কুইন্স প্যালেসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তারা এ ভাবেই কথা বলছিলেন। রিয়েলটর ও কন্সট্রাকশন কন্ট্রাক্টর আজাদ বলেন, ২০২১ সালে বারি হোম কেয়ারের মালিক আবেদ বারি টুটুলের ব্রংক্স ও ব্রুকলিনের চার্চঅ্যাভভোনাক্ষহ দুটি ভবনের কাজ করি। সবমিলে আমি তার কাছে সাড়ে ৬ লাখ ডলার পাই। শতাধিকবার এই অর্থ চেয়ে তা পাইনি। আজ না কাল দেই বলে ৪টি বছর পার করেছে। আমি নিজে ও কমিউনিটির লোকজন নিয়ে গিয়ে অর্থ চেয়েছি। হজ্ব থেকে ফিরে এসে দেবেন বলে প্রতিশ্রুতিও দেন। নবি ভাই ও হারুন ভাই সহ অনেকেই সাক্ষি। এরপরও ২টি বছর পার হয়েছে।

আজাদ বলেন, আমার পাওনা আটকে দিয়েই বারি ক্ষান্ত হননি। তিনি ২০২৩ সালে সংবাদ সম্মেলন করে আমার বিরুদ্ধে বিষোদগার করেছেন। এতে আমার ব্যবসা ও সুনামের ক্ষতি হয়েছে।তার কারণেই আমার ব্যবসায় ধস নেমেছে।

এক প্রশ্নের জবাবে আজাদ বলেন, অর্থের দাবি নিয়ে আদালতে মামলা করেছিলাম। ১ বছরে এ জন্য ব্যয় হয়েছে ৭০ হাজার ডলার। এটর্নি দ্বিতীয় বছরে আরও ২০ হাজার ডলার দাবি করে। আমি ইতিমধ্যেই অর্থনৈতিকভাবে নিঃস্ব। মামলা চালানোর মতো কোন সামর্থ্য আমার নেই। এমতাবস্থায় আইনি লড়াইটাও চালিয়ে যেতে পারলাম না। বারির বিরুদ্ধে পোষ্টার ও ব্যানার ছাপিয়ে প্রচার করেছেন। পোষ্টারটি দেখতেও আপত্তিকর। কমিউনিটির একজন সদস্যের বিরুদ্ধে এমন প্রচারণা সম্মুচিত ও শালীনতার মধ্যে পড়ে কি' জানতে চাইলে আজাদ বলেন, অবশ্যই এমন পোষ্টার করা ঠিক হয়নি। আমি এ জন্য দুঃখিত। কিন্তু এমন কিছু করতে বারি বাধ্য করেছেন। সে আমাকে পথে বসিয়েছেন। আমি আমার স্ত্রীর জমানো অর্থ ও গয়না বিক্রি করে বারির কাজ করেছি। আর সে সব টাকা আটকে দিয়েছে। আমার বাড়ি হারিয়েছি। সংসার ভাংগার উপক্রম হয়েছিল। আমি মাঝেমধ্যে হিতাহিত জ্ঞান হারিয়ে ফেলি অভাবের তাড়নায়। এর জন্য বারিই দায়ী। আবেগে তার বিরুদ্ধে পোষ্টার ছাপিয়েছি। তবে আবারও বলছি, যতদিন আমার টাকা না পাবো, আমি প্রতিবাদ করতেই থাকবো। রাস্তায় মাইক হাতে নিয়ে চিৎকার করে আমার পাওনা চাইবো। বলবো বারি আমার টাকা দাও। আমার পাওনা দিয়ে দিলেই আর কোন অভিযোগ নেই। আমার দাবি একটাই।


Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to PCA & HHA Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com


ঈদ উপলক্ষে
10%
DISCOUNT
DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# বাংলাদেশের ম্যাচ কবে কখন?

## এশিয়া কাপ টি-টোয়েন্টি, সুপার ফোরের চার দল চূড়ান্ত

আজকাল স্পোর্টস

২০২৫ এশিয়া কাপ টি-টোয়েন্টির গ্রুপপর্বে আরও একটি ম্যাচ বাকি আছে। তবে এরই মধ্যে চূড়ান্ত হয়ে গেছে সুপার ফোরের চার দলের নাম আর ম্যাচের সূচি। ফলে শুক্রবার ভারত আর ওমানের ম্যাচটি কেবল আনুষ্ঠানিকতা।

আবুধাবিতে আফগানিস্তানকে ৬ উইকেটে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে এশিয়া কাপ টি-টোয়েন্টির সুপার ফোরে পা রেখেছে শ্রীলঙ্কা। এতে বাংলাদেশেরও নিশ্চিত হয়েছে সুপার ফোর, বিদায় হয়ে গেছে আফগানিস্তানের।



সুপার ফোরের চার দল এরই মধ্যে ঠিক হয়ে গেছে। 'এ' গ্রুপ থেকে উঠেছে ভারত আর পাকিস্তান। 'বি' গ্রুপ থেকে নিশ্চিত হয়েছে শ্রীলঙ্কা আর বাংলাদেশ।

প্রতি দলের মতো বাংলাদেশ খেলবে বাকি তিন প্রতিপক্ষের বিপক্ষে। ফলে সুপার ফোরে তিনটি ম্যাচ পাবে লিটন দাসের দল।

বাংলাদেশের ম্যাচের সূচি
২০ সেপ্টেম্বর: বাংলাদেশ-শ্রীলঙ্কা (দুবাই)
২৪ সেপ্টেম্বর: বাংলাদেশ-ভারত (দুবাই)
২৫ সেপ্টেম্বর: বাংলাদেশ-পাকিস্তান (দুবাই)

আফগানিস্তানের বিদায়, বাংলাদেশকে সঙ্গে নিয়ে সুপার ফোরে শ্রীলঙ্কা : এশিয়া কাপ টি-টোয়েন্টিতে শ্রীলঙ্কার সুপার ফোর নিশ্চিত হয়ে যায় ১০১ রান করার পরই (রানরেটের হিসেবে)। এরপরে লড়াইটি হয়ে দাঁড়িয়েছিল বাংলাদেশ আর আফগানিস্তানের। আফগানরা জিতলে শ্রীলঙ্কার সঙ্গে তারা যাবে শেষ চারে, হারলে সুপার ফোর নিশ্চিত হবে বাংলাদেশের।

ফলে বাংলাদেশের কোটি কোটি সমর্থক শ্রীলঙ্কার জয় কামনা করছিলেন। টাইগার সমর্থকদের হতাশ করেনি লঙ্কানরা। আবুধাবিতে আফগানিস্তানকে ৬ উইকেটে আর এরপর ৪০ পৃষ্ঠায়



## তুষারার গতিতে কাঁপছে আফগানিস্তান

আজকাল স্পোর্টস

আবুধাবিতে বাংলাদেশের ভাগ্য জড়ানো ম্যাচে টস জিতে ব্যাটিং বেছে নিয়েছে আফগানিস্তান। শুরুটা ভালোই ছিল। প্রথম দুই ওভারে আফগানরা তোলে ২৬ রান। তৃতীয় ওভারের প্রথম বলেই আঘাত হানেন নুয়ান তুষারা। ডানহাতি এই পেসারের লোয়ার বলে চড়াও হতে গিয়ে থার্ডম্যানে ক্যাচ হয়ে ফেরেন গুরবাজ (৮ বলে ১৪)। ওভারের শেষ বলে আরও এক উইকেট। এবার দুর্দান্ত ডেলিভারিতে এরপর ৩৯ পৃষ্ঠায়



## চাপের মুখে মেজাজ হারিয়ে ফেলছেন রশিদ খান!

আজকাল স্পোর্টস

এশিয়া কাপে বাংলাদেশে বিপক্ষে হারের পর ভিন্ন চেহারায় দেখা গিয়েছিল আফগানিস্তানের অধিনায়ক রশিদ খানকে। সবসময় হাসিখুশি ও শান্ত-স্বভাবী এই তারকাকে দেখা গেল বেশ উত্তেজিত ও ক্ষুব্ধ মেজাজে। ফলে প্রশ্ন উঠেছেও চাপের মুখে ভেঙে পড়ছেন কি রশিদ খান?

মঙ্গলবার আবুধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে বাংলাদেশে বিপক্ষে ৮ রানে হারের পর আফগানিস্তান পড়েছে কঠিন সমীকরণের মুখে। সুপার ফোরে যেতে হলে শ্রীলঙ্কাকে হারানোই এখন একমাত্র পথ। হারলেই বিদায়, জিতলে টিকে থাকার আশা। আফগানিস্তান জিতলে তৈরি হবে জটিল সমীকরণ। সেই সমীকরণের অঙ্ক মিলিয়ে কে যাবে সুপার ফোরে?

বাংলাদেশ ম্যাচে ফজলহক ফারুকি এক বাউন্ডারি আটকাতে ব্যর্থ হলে রশিদ খান ক্ষুব্ধ হয়ে ডাগআউটের দিকে ইশারা করেন। এমনকি ইব্রাহিম জাদরান এলবিডব্লিউ আউট হলে আম্পায়ার ফয়সাল আফ্রিদির সিদ্ধান্তে অসন্তোষ প্রকাশ করেন তিনি। নিজের আউটের পর রশিদকে সীমানা দড়িতে লাথি মারতেও দেখা যায়।

ম্যাচ শেষে হতাশার ছাপ ছিল স্পষ্ট। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া এক ভিডিওতে দেখা যায়, রশিদ সতীর্থদের দ্রুত ড্রেসিংরুমে ডাকেন, যেখানে সাধারণত খেলোয়াড়রা ম্যাচ শেষে প্রতিপক্ষের সঙ্গে দীর্ঘসময় আলাপ করেন।

এরপর ৪০ পৃষ্ঠায়



## নেপালকে বিধ্বস্ত করে দুর্দান্ত শুরু বাংলাদেশের

আজকাল স্পোর্টস

সাফ অনূর্ধ্ব-১৭ ছেলেদের চ্যাম্পিয়নশিপে দুর্দান্ত শুরু করেছে বাংলাদেশ। প্রথম ম্যাচে নেপালকে ৪-০ গোলে ধসিয়ে দিয়েছে গোলাম রব্বানী ছোটনের দল। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) শ্রীলঙ্কার কলোম্বোতে বাংলাদেশের দারুণ সুযোগ আসে পঞ্চম মিনিটে। কিন্তু ফাঁকা পোস্টে শট লক্ষ্যে রাখতে ব্যর্থ হন নাজমুল হুদা ফয়সাল। বাংলাদেশ অধিনায়কের তাড়াতাড়ি নিচু শট যায় পোস্টের বাইরে। ২৭ মিনিটে বক্সের সামনে থেকে ক্রস দেন ফয়সাল, বলে হেড নিলেও পোস্টে রাখতে পারেননি অপু। তিন মিনিট পর সেই কর্নার থেকেই লিড নেয় বাংলাদেশ। ফয়সালের কর্নার কিক ফিস্ট করলেও পুরোপুরি ক্লিয়ার করতে পারেননি নেপালের গোলকিপার। উড়ে আসা বল মাটিতে পড়ার আগেই বুলেট গতির শটে জাল কাঁপান মোহাম্মদ সাকিব ইসলাম। ৩৭ মিনিটে সাকিবের লম্বা থ্রো থেকে মোহাম্মদ মানিক বাইসাইকেল কিক নিলেও লক্ষ্যভেদ করতে পারেননি। ৪৫ মিনিটে আরেকটি সুযোগ নষ্ট করে বাংলাদেশ। মানিকের নিখুঁত ক্রস পেয়েও ঠিকমতো হেড নিতে পারেননি রিফাত কাজী।

দ্বিতীয়ার্ধে খেলার চিত্রই পাল্টে যায়। বাংলাদেশ একচেটিয়া প্রাধান্য দেখাতে থাকে। দ্রুতই গোল বাড়িয়ে নেয় অপু-আরিফরা। ৪৯ থেকে ৫১ এই তিন মিনিটে দুইবার গোল উদযাপন করেছে গোলাম রব্বানীর দল। এক গোল আসে অপুর পা থেকে, আরেকটি করেন মোহাম্মদ আরিফ।

এরপর ৩৯ পৃষ্ঠায়

# হারালো আর্জেন্টিনা শীর্ষস্থান পেছালো ব্রাজিল

## ফিফা র‍্যাঙ্কিং : অপরিবর্তিত বাংলাদেশ

আজকাল স্পোর্টস

বিশ্বকাপ বাছাইয়ে নিজেদের শেষ দুই ম্যাচে একই রকম ফল ছিল ব্রাজিল আর্জেন্টিনার। একটি জিতে একটি হেরে বিশ্বের সবচেয়ে জনপ্রিয় দুই দলই ফিফা র‍্যাঙ্কিংয়ে পিছিয়ে পড়েছে। বৃহস্পতিবার ঘোষিত র‍্যাঙ্কিংয়ে আর্জেন্টিনাকে পেছনে ঠেলে দিয়ে এক নম্বরে উঠে এসেছে স্পেন। আর্জেন্টিনা নেমে গেছে ৩ নম্বরে।







ব্রাজিল ৫ থেকে এক ধাপ নেমে এখন ৬ নম্বরে। সর্বশেষ দুই ম্যাচ জেতা ফ্রান্স এক ধাপ এগিয়ে অবস্থান করছে দুই নম্বরে। বাংলাদেশ গত ৬ সেপ্টেম্বর নেপালের বিপক্ষে ফিফা ফ্রেন্ডলি খেলে গোলশূন্য ড্র করেছে। পরের ম্যাচটি হয়নি নেপালে ছাত্র-জনতার আন্দোলনে অস্থিরতা তৈরি ও সরকার পতনের পর। বাংলাদেশের সামান্য পয়েন্ট বাড়লেও তা র‍্যাংকিংয়ে প্রভাব পড়েনি। তাই আগের মতো ১৮৪তম অবস্থানেই আছে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে কেবল উন্নতি হয়েছে পাকিস্তানের। ২০১ থেকে দুই ধাপ এগিয়ে তারা এখন ১৯৯ নম্বরে। ভারত এক ধাপ নেমে ১৩৪ নম্বরে এবং শ্রীলঙ্কা ১ ধাপ নেমে ১৯৭ নম্বরে। অপরিবর্তিত আছে মালদ্বীপ (১৭১), নেপাল (১৭৬), ভুটান (১৮৬)।



## ম্যাচ শেষ হতেই বাবার মৃত্যুর খবর পেলেন ওয়েল্লালাগে

আজকাল স্পোর্টস

শ্রীলঙ্কার ক্রিকেটার দুনিথ ওয়েল্লালাগের বাবা সুরাঙ্গা ওয়েল্লালাগে হৃদরোগে আক্রান্ত হয়ে কলম্বোতে মারা গেছেন। নিশ্চিত করেছে নিউজওয়্যার, লঙ্কানসারাসহ শ্রীলঙ্কার বেশ কয়েকটি গণমাধ্যম। দুনিথ শ্রীলঙ্কার হয়ে এশিয়া কাপে অংশ নিতে দুবাইয়ে অবস্থান করছেন। ২২ এরপর ৪০ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:
CELL: +1 (347) 294-9697


# সিনেমা মুক্তির আগেই চোখ ধাঁধানো ছবি মুক্তি!

৪৬ পৃষ্ঠার পর

প্রকাশ করলেন দারুণ সব ছবি বা স্থিরচিত্র। কমলা শাড়ি আর কালো ব্যাকগ্রাউন্ডে একেবারে চমকানো লুকে মুগ্ধতা ছড়িয়ে দিলেন জয়া। জানান দিলেন, সিনেমা মুক্তির আগেই ছবির জৌলুস।

গত তিন বছর ধরে 'ফেরেশতে' নিয়ে দর্শক ও সংবাদকর্মীদের নিয়মিত প্রশ্ন শুনতে হতো জয়াকেও 'কবে মুক্তি পাবে ছবিটি'। মুক্তির তারিখ ঘোষণার পর এবার সেই অপেক্ষার অবসান ঘটতে যাচ্ছে।

সোশ্যাল হ্যান্ডেলে গ্যামারাস ছবি প্রকাশ করলেও ইরানি নির্মাতা মুর্তজা অতাশ জমজম পরিচালিত এই সিনেমায় জয়া আহসান প্রতিনিধিত্ব করছেন সমাজের প্রান্তিক মানুষের। এই কাজকে জয়া বলেছেন ভীষণ চ্যালেঞ্জিং অভিজ্ঞতা। তার ভাষায়, 'আমাদের দেশের সুবিধাবঞ্চিত মানুষের ভেতরে যে সংগ্রামী ও সাহসী চরিত্র রয়েছে, তাদেরই একজনের ভূমিকায় আমি অভিনয় করেছি। পুরো টিম সহযোগিতা করায় কঠিন শুটিং সুষ্ঠুভাবে শেষ করা সম্ভব হয়েছে।'

নির্মাণের পর থেকেই ছবিটি ঘুরে বেড়িয়েছে বিভিন্ন আন্তর্জাতিক উৎসবে। ইরানের মর্যাদাপূর্ণ ফজর চলচ্চিত্র উৎসবে মানবিক বার্তার জন্য ছবিটি জিতেছে জাতীয় পুরস্কার। এছাড়া ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪-এর উদ্বোধনী চলচ্চিত্র হিসেবেও প্রদর্শিত হয়েছিল 'ফেরেশতে'। ভারতের গোয়া আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবেও হয়েছে প্রশংসিত।

